

R.M.I.C. I.R. ARY
Acc. No.
Classifier
Caro.
Caro.
Caro.
Car.
Bk.Caro.
Checker:

ণভাং জয়তি।

विकाशनी। २३. 483

কোন ধমরে আমরা কতিপয় বহু দমতে ২ইরা কৌতৃ-কাবিট চিত্তে নানাকথার প্রদক্ষ করিতেছিলাম। তংসময়ে রাজপ্র আর্য্যসভা হইতে এক মুদ্রিত পত্র কোন বন্ধবরের নিকটে উপস্থিত হইল। পত্র পাঠ করিয়া কোন বন্ধ বলিলেন, পৃথিবীতে যে ক্ষত্রিয়জাতির অ্নীম প্রাক্রম ও একাধিপত্য ছিল, যাঁহাদের শাসন বলে পৃথিবীস্থ সমস্ত প্রজা স্বস্থ জাতি-মর্যাদার কিঞ্জিমাত্রও উল্লেখন কবিতে না পাবিয়া সকলেই কাতীয় ধর্মে ও আচাব ব্যবহাবে রত চিল। এইকণে সেই ক্ষত্রিকাতি নিপ্সান হওয়াতে ক্ষত্রিয়তা একপ্রকার 'বেওয়া-রিগীমাল " হইয়া পড়িল। এইক্ষণে যাহাব ইচ্ছা সেই ক্তিয় হইতে পারে। পশ্চিমদেশে আক্রাণ ভিন্ন যজে।প্রবাত্রারী ব্যক্তিমাত্রকেই ক্ষত্রিয় কহে, বৈশ্যদিগকে বেণে ক্ষত্রিয় ক্লেহে উগ্রজাতিরা আগুরি ফাল্রয় বলিয়া পরিচয় দেয়, ক্ষতিয় দিগের দাসা পুতেরা পাঞ্চা ক্ষতিয় বলিয়া পরিচয় দেয়, কিন্ত তাহারা ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিলেও স্বন্ধাতায় ধর্ম আচার ব্যবহারের উল্লেখ্য ক্ষেনা। এদেশে ঘাঁহার। ভূতন ক্ষ্তির ছইতে ১৫৯৭ - সংহাবা সর্ব্ধা পরিবর্ত্তন-প্রিয়। পূর্ব্ধাবিধি গ্রাম বাজপুল প্রতিই নির্ন্তর করিতেকে, ভর্মা করি,অনেকেই ইহার,পর পর খণ্ডের আন্তপ্রচারের বিষয়ে বিশেব মনোযোগী হইবেন।

উপদংহারকালে নিবেদন, কোন প্রকার স্থা বা জিগীযার অথবা জন্য কোন অভিগাষের বশবন্তী ইইয়া এই প্রস্থের প্রচার হইতেছে না। আমাদের বর্ত্তমান সমাদ্যে প্রাচীন জাতি-তত্ত্ব ও কতকগুলি অবশ্য জাতব্য বিষয়, এনন নিগৃঢ়ভাবে রহি-রাছে যে, এইক্ষণে অনেকেই তভদ্বিষয়ে অনভিজ্ঞতা প্রকাশ করেন। কেই কেই বা নানাপ্রকার কল্পনা করেন, ঐ সকল বিষয় যাহাতে সকলে অনায়'শে জানিতে পারেন, সেই অভিপ্রায়েই এই প্রস্তের প্রচার ইইতেতে। ইহাতে আমার স্করণোল

কল্পিত অগণা প্রকীয় আধুনিক কল্পিত কিছুই নাই। প্রাচীন প্রস্কারেরাও প্রাচীন প্রশিদ্ধ ব্যক্তিরা যাহা লিখিয়া গিয়াছেন, আমি দেই দকল প্রমাণ উদ্ধৃত ক্রিয়া অন্বাদ

করিলাম। ইহাতে যদি কোন জাতি বিশেষ বা সম্প্রদায় বিশেষের কোন নিগুড়ভন্ন অথবা অপকুঠন প্রকাশিত হয়.

তাহাতে আমি ন্যায় অত্নারে অত্থোজ্য হইতে পারি না। তবে ধদি নিতাপ্তই কাহারও অভঃকরণে অকারণ অসত্থোষ

জংল, অন্নগ্রহ পূর্দ্ধক ক্ষমা করিবেন। অসমতিবিস্তরেণ।

১২ই আ|শ্বিন শন ১২৮২

কৰ্চিৎ কবিরঞ্জনঃ ।

ওঁ সভ্যং

জয়তি ৷

জাতি-মিত্র।

মঙ্গলাচরণ।

বন্দে গুৰুং ত্ৰিজগদীশমপেতদোষং
ভূতোদ্ভবং ভূবনভব্যভূবং ভবঞ্চ।
মন্বাদয়ো মুনিগণা মহুজাশ্চ বন্দ্যাঃ
বেষাং বচো ভবতিধর্মাবিধ্যে প্রমাণম্॥১॥
ভূদেবৈঃ ক্রিয়তাং মহুষ্যপুরজৈরাশীর্নমধ্যৈঃ শুভা
ক্ষ্যা অপ্রমবিক্রমাঃ পরিমুদং বৃদ্ধিং নয়স্ত ক্ষমাঃ।

ত্রিজগতের ঈশ্বর সমস্তদোষরহিত গুরুদেবের বন্দনা করি। তিনি, ভূতপ্রপঞ্চের উৎপত্তিস্থান। ভূবনমিচয়ের মঙ্গলভূমি জ্ঞানপ্রদায়ক মহাদেবেরও বন্দনা করি। মনুপ্রভৃতি ধর্মশাস্ত্র প্রণেতা মুনিগণ এবং যাঁহাদের বাক্যকলাপ ধর্ম-বিধিতে প্রমাণস্বরূপ, সেই সকল মহামুভ্ব মনুষ্যগণ্ও বন্দনীয়।>

মসুষ্যগণের অগ্রজাত নমদ্য ব্রাহ্মণের। শুভাশীর্বাদ করুন। অপ্রমেয়পরাক্রম ক্ষত্রিয়ের। আমাদের প্রীতি'র্দ্ধি বৈদ্যে নৈ । ইবলা ভবজ সকলাঃ প্রব্যাত বৈশ্যা জকাঃ
সন্তাবঃ স্বলম্বতাং চিরস্থা ছুট্ডেঃ শুভাকা জিল্ভিঃ ॥२॥
অজ্ঞানত মনেদানীম, অজ্ববদ্বহবো জনাঃ।
জাতিমূলং সমন্তেটুং নানা প্রানমান্তিতাঃ॥৩॥
কেচিদন্যপথা কুঠাঃ কেচিং কুপথগানিনঃ।
পতন্তীভন্ততঃ কেচিং কেচিমানা বিজ্ঞালিনঃ॥৪॥
দৃষ্টে বৃতং স্কল্পা দ্যা মুবশগা অম্প্রবংশো দ্বাঃ
আজ্ঞাঞ্জুরিমাং প্রকাশয়ত নো মোহাজকারা ন্তকম্।

করুন; স্থবিখ্যাত বৈশ্যাত্মক অন্বষ্ঠগণ আমাদের পৃষ্ঠ-বল হউন; এবং গ্রিস্তস্ত্রং শুভাকাজ্ফী শৃদ্রেরাও সদ্ভাব অবলম্বন করুন।২

সম্প্রতি, অনেকে (অজ্ঞানান্ধকারে অন্ধ হইয়া) জাতির মূলাবেষণ করিতে প্রব্বত্ত হইয়া নানা পথের পথিক হই-য়াছেন কিন্তু কেহই যথার্থ পথ বা মূলের নির্ণয় করিতে পারিতেছেন না।৩ তাঁহাদের মধ্যে কেহ পথান্তরেনীত হই-য়াছেন, কেহ বা কুপথগামী হইয়াছেন, কেহ বা দিশা-হারা হইয়া ইতন্ত্রত পতিত হইতেছেন এবং কেহ কেহ কেবল নানাপ্রকার কিজ্লনা করিয়াই বেড়াইতেছেন।৪

ইহা দর্শন করিয়া কতিপর দয়াবান্ অন্বষ্ঠবংশীয় সদাশয় ব্যক্তি, আমাদিগকে এই আজ্ঞা করিয়াছিলেন যে, তোমরা এমন কোন পুস্তক প্রকাশ কর, যদ্ধারা লোকের ভ্রমান্ধকার দূরীভূত হইয়া কাল্পনিক লতাপরিক্ত জাতি- গ্রন্থং কঞ্চন যেন বীক্ষিত্বসতঃ সর্ব্ধে ভবেয়ুঃ ক্ষমাঃ
নানাকাল্পনিকা রুণোভি লভিকা বজ্জাভিমুন্তং হি ভং ॥৫
অয়মুদয়ভি জন্মাৎ কাশেকো জাভিমিত্রঃ
প্রভাবতি কুত ঈষং কৌস্তভ্চস্য † প্রভান্মিন্ ।
প্রথকক্ষিরণতপ্তা কৌমুদী ‡ মুক্তিভাস্ত
প্রপভিত্তপনাভো দর্পণো & তঃখহেতুঃ ॥৬॥
গ্রন্থঃ সদ্ভিষ্কাং নিয়োগ্রশতে। যদ্যপ্যয়ং রাজতে
অন্যভীরচিতস্তধাপ্যভিনবস্তনাদম্ন্নিন্ কিল।

মূল, সাধারণ সকল ব্যক্তিরই স্থম্পেট্রপে লক্ষিত হইতে পারে।৫

সেই হেতু এই দীপ্তিকারক জাতিমিত্র * উদিত হই-তেছে। এই ক্ষণে ক্ষুদ্রপ্রভ কোস্তুভের ণ প্রভাব কোথায় থাকিবে? আর রবিকিরণতপ্তা কোমুদীও 🚯 মুদ্রিত হউক। এই ক্ষণে সূর্য্যকিরণ পতিত দর্পণবৎ দর্পণও এ তদবলম্বিগণের স্থাধতির তুঃশ হেতুই হইবে।৬

যদিও এই গ্রন্থ, কতিপয় বৈদ্যবংশীয় মহাশায়ের নির্দ্দেশ ক্রমেই প্রকাশিত হইতেছে, তথাপি ইহা এক অভিনব বস্তু বলিয়া ভ্রমদঙ্কুল হুইবার বহুল সম্ভাবনা অত-

^{*} সূর্য্য ও এডদ এম্ব ।

[†] কেস্তিভনামক মণি ও কায়স্থকেস্তিভ গ্রন্থ।

[া] শাপলা ও কায়স্থকেয়িদী প্রস্থ।

[£] মুকুর ও কায়স্থদর্পণ গ্রন্থ।

मन्जिर्दायितियो ममाधितधूना देयः दिवर्षित्यसा छेटेनतत्र्याकः চিরবন্ধুভিগু নিবটরঃ দাহায্যদালস্ব্যতাম্॥१॥

এব ভরসা করি, সাধু ব্যক্তিরা নিজ নিজ গুণদারা ভ্রম প্রমাদ সংশোধন করিয়া লইবেন। অপিচ আমাদিগের চিরপরিচিত গুণিবর বন্ধুগণের নিকট প্রার্থনা যে, ভাঁহারা এই সময়ে সাহায্য প্রদান করিয়া আমাদিগকে উৎসাহিত করেন। ৭

জাতিমিত্র।

প্রথমভাগ।

সংপ্রতি কায়স্থ জাতি বিষয়ক আন্দোলন বাহুল্যরূপে অনেক স্থানে বিস্তৃত হইতে চলিল। সর্ব্বপ্রথম রাজা রাজ-নারায়ণ বঙ্গ ভূমিতে এই প্রস্তাবের অবতারণা করেন যে তাঁহাদের উপনয়মের অধিকার আছে, কায়স্থ জাতি ক্ষত্রিয়, তদসুকরণে কলিকাতা দিমলা নিবাদী বাবুরাজনারায়ণ মিত্র কতকগুলি সংস্কৃত বচন ও কতকগুলি গ্রন্থের নাম সঙ্কলন করেন। তাহা হইতে কায়স্থকোস্তভ নামক গ্রন্থের স্বষ্টি হয়। তাহাতে অনেক কায়স্থ উৎসাহিত হন। রাজা রাধা-কান্ত দেব বাহাতুর তদ্বিষয়ের অনুমোদন না করিয়া কায়স্থ জাতিকে শূদ্রান্তর্গত বলিয়া স্বীকার করেন। তৎকৃত শব্দ-কল্পক্রম অভিধানে প্রথম কায়স্থ শব্দের অর্থ প্রকরণে তাহা স্পষ্ঠীকৃত রহিয়াছে। তাহাতেই অনেকে ভগ্নোৎদাহ হইয়া অবনত হইয়া পড়েন। বাবু রাজেন্দ্রলাল মিত্র মৃত-্সঞ্জাবনী বিদ্যা বলে পুনর্ব্বার তাহার জীব সঞ্চার করেন। ্রহদ্যসন্দর্ভও কেবল কায়স্থ জাতিকে ক্ষজ্রিয় শাখান্তর্গত বলিয়া ক্ষান্ত রহেন নাই। বৈদ্য জাতিরা বল্লাল দেনকে বৈদ্য বলিয়া পরিচয় দেন এবং এতদ্বেশে কাণ্যকুক্ত হইতে

খানীত সভ্ত্য ব্ৰাহ্মণগণ বৈদ্য কৰ্ত্তক সংস্থাপিত ও কৌ-লীন্য মর্য্যাদা প্রাপ্ত হইয়াছেন, বৈদ্য জাতির এই চির-প্রদিদ্ধ গৌরব রহস্য সন্দর্ভ সহ্য করিতে না পারিয়া বল্লাল সেনকে বৈদ্য জাতি হইতে চ্যুত করিয়া ক্ষজ্রিয় শাখান্তর্গত কায়স্ত জাতি মধ্যে নিবিষ্ট করাইয়াছেন এবং বৈদ্য জাতির রাজবংশীয় গৌরব ও কোলীন্য মর্য্যাদা দাতৃত্ব গৌরব অপহরণ করিয়া কায়স্থ জাতিকে তাহার স্বস্থান করিতে যত্ন করিয়াছেন। অম্বষ্ঠ শব্দের চিরপ্রসিদ্ধ বৈদ্য অর্থের লোপ করিয়া ঐ শব্দের অশ্রুতপূর্ব্ব অর্থ ক্ষজ্রিয় শাখান্ত-ৰ্গত কায়স্থ জাতি বলিয়াছেন। এতত্বপলক্ষে তিনি ঈৰ্ষ্যা বা ক্রোধের বশবর্তী হইয়া বৈদ্য জাতিকে দংশন করিতেও ক্রটি করেন নাই, বৈদ্য জাতি বর্ণসঙ্কর বিধায় তাহাদের প্রতি "খচ্চর" ইত্যাদি অসঙ্গত শব্দেরও প্রয়োগ করিয়া-ছেন। ইনি নিজ বিদ্যা বৃদ্ধির প্রভাবে কতকগুলি প্রাচীন সংস্কৃত কবিতার অর্থান্তর এবং ভাবান্তর করিয়া সংস্কৃতান-ভিজ্ঞ যুবকগণকে বল্লাল দেনের জাতিনির্ণয় বিষয়ে সন্ধিগ্ধ-চেতা করিয়াছেন।

অল্প দিন হইল, কোন কায়স্থ-প্রধান সমাজে কুলীন প্রাক্ষণদিগের বহুবিবাহ প্রথার প্রতিকুলে প্রস্তাব হওয়াজে কোন কোন বহুবিবাহরুচি প্রাক্ষণ ঠাকুর বলিয়াছিলেন, "প্রাক্ষণ সমাজের উপরে কর্তৃত্ব করিতে কায়স্থ শৃদ্দের কোন ক্ষমতা নাই, কায়স্থপ্রধান সমাজে প্রাক্ষণের কর্ত্বগান কর্ত্বগের বিচার অনধিকার চর্চ্চা হইতেছে" তাহাতে কোন কোন কায়স্থ বলিলেন "রাজা আদিশূর রাজা বল্লাল ক্ষপ্রিয়

ছিলেন. বর্ত্তমান কায়স্থ জাতিও ক্ষত্রিয় বংশজাত, ক্ষত্রিয় জাতি চিরকাল দকল দমাজের উপরে কর্তৃত্ব করিয়া আদি-য়াছেন, যথন ত্রাক্ষণেরা আমাদের দ্বারা (ক্ষত্রিয় দ্বারা) আনীত ও প্রতিষ্ঠিত এবং আমরাই (ক্ষ্রিয়েরাই) কল-মুর্য্যাদা প্রদান করিয়াছি, তখন সেই কুলমর্য্যাদা অনুসারে বহুবিবাহের কর্ত্তব্যাকর্ত্তব্য নিরূপণ বিষয়ে আমাদের সম্পূর্ণ স্ফমতা আছে।'' এই ঘটনার পর অবধিই কোন কোন কায়স্থ যুবক ক্ষল্ৰিয় জাতি বলিয়া প্ৰতিপন্ন হ'ইতে যত্নবান হন। কায়স্থ সমাজে ক্রমশঃ উহার আন্দোলন হইতে থাকে। ক্রমে ক্রমে দল বল সংগ্রহ হয়। অপরিচিতবিদ্য গৃহজাত বিজ্ঞেরা আহ্লাদে উন্মত্ত হইয়া উঠেন। কোন কোন স্থানে শাথাসমাজেরও সংস্থাপন হইয়াছে। কোন কোন উষ্ণমস্তিক যুবক আর ধৈর্য্যাবলম্বন করিতে পারিলেন না। তাঁহারা (অজাত পুত্রের নামকরণ) একেবারে গলায় যজ্ঞ-সূত্র তুলিয়া দিয়াছেন, কেহ বা স্বীয় নামের অন্তে ক্ষজ্রিয় উপাধি বর্মা। শব্দের উল্লেখ করিতেছেন। ইঁহাদের শাস্ত্রবল ও পণ্ডিতবঁল আছে কিনা অদ্য পর্য্যন্ত জানা যায় নাই। কিন্তু দেখা যাইভেছে,—ধনবল, মুখবল, এবং অনভ্যস্তবিদ্য গুহজাত ক্তবিদ্যবল বিলক্ষণ আছে। এ দিকে কতকগুলি দর্বনম্প্রদায়স্থ বৃদ্ধ ও যুবক উহাদের অদৃষ্টপূর্ব্ব অঞ্চত-পূর্ব্ব অনুচিত ব্যবহার মহ্য করিতে না পারিয়া তৎপ্রতি-কুলে দণ্ডায়মান হইয়াছেন। তন্মিবন্ধন বিবাদ বিসংবাদ দলা-দলি নানাপ্রকার গগুগোল হইতেছে। এইক্ষণে প্রায় অনেক স্থানেই ঐ প্রস্তাবের আন্দোলনের কথা শুনা যায়।

ভাগলপুর অঞ্চলে গবর্ণমেন্টের বিচারালয়ে কায়স্থ জাতির এক পোষ্যপুত্রের মোকদমা উপলক্ষে কায়স্থগণ কোন জাতি মধ্যে পরিগণিত এবং তাহাদের দান প্রতিগ্রহের অধিকার আছে কি না ? পোষ্যপুত্র গ্রহণ কালীন তাহাদের যজ্ঞের প্রয়োজন হইবে কিনা এবং পোষ্যপুত্র গ্রহণের ও দানের মন্ত্রপাঠ করিতে হইবে কি না ? এই সকল বিষয়ের তর্ক হইয়া কমিদন দ্বারা নানা স্থান হইতে জবানবন্দী গ্রহণ করা হইতেছে, কায়স্থের জাতিবিচারে গ্রণমেন্টকেও বিলক্ষণ ব্যতিব্যস্ত করিয়া তুলিল।

কেহ বলেন, কায়স্থ জাতি ব্রাত্য ক্ষত্রিয় সন্তান। ইহাদের
সাবিত্রী মন্ত্র ও উপনয়নের অধিকার নাই। কেহ বলেন,
ক্রিয়া লোপ হেতু যে সকল ক্ষত্রিয় ব্রন্থ প্রাপ্ত হইয়াছে,
তাহারাই এইক্ষণে কায়স্থ নামে খ্যাত। কেহ বলেন, সগর
রাজা কতকগুলি বিপক্ষ ক্ষত্রিয়কে আচারভ্রন্থ করিয়া
তাড়িত করেন, তদবধি যাহারা আচারহীন ও যজ্ঞোপবীত
ভ্যাগ করিয়া লুকায়িত ছিল, তাহারা এইক্ষণে কায়স্থ নামে
খ্যাত। কেহ বলেন, পরশুরামের ভয়ে কতকগুলি ক্ষত্রিয়
আচারহীন হইয়া ব্রাহ্মণের দাসত্ব করিত, তাহারাই কায়স্থ।
কেহ বলেন, চন্দ্রসেন রাজার স্ত্রী পরশুরামের ভয়ে দাল্ভ্য
মুনির আশ্রমে পলায়ন কবেন। তিনি গর্ভবতী ছিলেন।
পরশুরাম ঐ গর্ভস্ব সন্তান নন্ট করিবার জন্য মুনির আশ্রমে
উপস্থিত হন। তথন মুনি বলিলেন, গর্ভস্থ সন্তান জননীর
কায়ার ভিতরে লুকায়িত আছে, অদ্যাবধি উহাকে কায়স্থ

কায়স্থ জাতির স্ষ্ঠি। কেহ বলেন, কায়স্থজাতি ব্ৰহ্মার শরীর হইতে উৎপন্ন যমরাজার মোহরি চিত্রগুপ্তের বংশ। কেহ বলেন, ব্রহ্মার পদ হইতে শূদ্রের ন্যায় কায়স্থেরও ্উৎপত্তি হইয়াছে। কায়স্থ জাতি ব্রাহ্মণের দেবা করিয়া শূদ্র হইতে উৎকৃত্ত ক্ষজ্রিয় বৈশ্যের তুল্যত্ব লাভ করিয়াছে। কৈহ বলেন, কায়স্থ জাতি শূদ্র জাতির মধ্যে পরিগণিত। ইহাদের শূদ্রবৎ আচার ব্যবহার এবং শূদ্রবৎ দ্বিজদেবাই ধর্ম। কেহ বলেন, বৈশ্য ও শূদ্দ হইতে যে করণ জাতির উৎপত্তি হয়, তাহারাই কায়স্থ। এই প্রকার কায়স্থ জাতি বিষয়ে নানা জনে নানা প্রকার বলিতেছে, কোন মতের স্থিরত। নাই, পরস্পার কোন মতের সহিত কোন মতের ঐক্যও নাই। যাহার যেমন ইচ্ছা, সেই তাহাই বলে। কেহ বলেন, অগ্নিপুরাণে প্রমাণ আছে, কেহ বলেন, ক্ষন্দপুরা:ণ, কেহ বলেন, মহাভারতে, কেহ বলেন, বিষ্ণুপুরাণে, কেহ বলেন, ব্রহ্মবৈবর্ত্তপুরাণে, কেহ বলেন, স্মৃতিশাস্ত্রে, কেহ বলেন, তন্ত্রশাস্ত্রে, ইহার প্রমাণ আছে। কেহ কেহ বা ''কায়স্থ্য ক্ষত্ৰিয়ো বৰ্ণো ন চ শূদ্ৰঃ কদাচন" কায়স্থকৌস্তভ-লিখিত এই শ্লোকার্দ্ধের উল্লেখ করেন। তদ্ধির কোন বচন প্রমাণ শাস্ত্র কাহারো মুখে শুনা যায় না। ঐ বচন কোন্ গ্রন্থের লিখিত, তাহারও উল্লেখ নাই। কল্পনা দেবীর প্রাদানাৎ দকলেই বাচম্পতি। কেহ কেহ উপকথাকে পপ্রমাণ করিতেছেন, কেহ কেহ বা কায়স্থ জাতিকে অন্ত্যজ জাতিমধ্যে নিবিষ্ট করিতে চাহেন। উভয় পক্ষেরই বিলকণ বাগাড়**ন্বরের সহিত সময়ে সম**য়ে ভুমুল বাক্যযুদ্ধ

হইরা থাকে। এ সময়ে অনেকেই কারস্থ জাতির প্রকৃত তত্ত্ব ও বল্লাল সেনের জাতি নিশ্চয় জানিতে সমুৎস্থক হইরাছেন, অতএব কারস্থ জাতির ও বল্লাল সেনের জাতির নিরূপণ বিষয়ে শাস্ত্রীয় প্রমাণ যুক্তি প্রভৃতির যতদূর সংগ্রহ করিতে পারিয়াছি, তদান্দোলনে প্রস্তুত হইলাম। 'বেদাঃ প্রমাণং স্মৃত্যঃ প্রমাণং ধর্মার্থ্যুক্তং বচনং প্রমাণম্।" স্বায় প্রমাণং ন ভবেং প্রমাণং ন ভায় কুর্যাদ্বচনং প্রমাণম্।"

বেদ সকল প্রমাণ, স্মৃতি সকল প্রমাণ, ধর্মার্থযুক্ত বচন অর্থাৎ পুরাণাদিও প্রমাণ। এই সকল প্রমাণকে অর্থাৎ বেদ স্মৃতি পুরাণাদিকে যে প্রামাণ্য না করে তাহার বাক্যেরও প্রামাণ্য হয় না। তাহা অগ্রাহ্য বাক্য।

হিন্দুশাস্ত্র মধ্যে সর্ব্ব প্রধান বেদ, অতএব সর্ব্বাদো বেদের প্রামাণ্য, তৎপরে স্মৃতির প্রামাণ্য, তৎপরে পুরা-ণাদির প্রামাণ্য। ব্যাস বলিয়াছেন।

"জ্রতিফুতিপুরাণানাং বিরোধো যত্র দৃশ্যতে। তত্র জ্রোতং প্রমাণং হি তরোদ্রৈ দি ফুতির্কারা ॥"

শ্রুতি পুরাণের যে স্থলে বিরোধ দেখা যায় দেখানে শ্রুতির স্থামাণ্য। যেখানে স্মৃতির ও পুরা-ণের দ্বৈধ অর্থাৎ বিরোধ হয়, দেখানে স্মৃতি শ্রেষ্ঠা।

স্মৃতির মধ্যে দর্বস্মৃতি অপেক্ষা মনুস্মৃতি প্রশস্তা।

যদাহ প্রাশবঃ।

"ন কশ্চিদ্বেদকর্ত্তা চ বেদম্মর্ত্তা চতুর্যুথঃ। তথিব ধর্মং মরতি মন্থং কল্লান্তরান্তরে।" বেদের কর্ত্তা কেহ নাই, ব্রহ্মা বেদের স্মরণ করিয়াছেন, এই প্রকার বেদ হইতে কল্লান্তরে কল্লান্তরে মনু ধর্মের স্মরণ করিয়াছেন।

'' বেদাথোঁপনিবকৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃত্ন্। মন্বর্থবিপরীতা যা সা স্মৃতিন[্] প্রশাসতে ॥''

ইতি বৃহস্পতিঃ।

মনু বেদার্থের উপনিবন্ধন করিয়াছেন, অতএব সর্ব স্থৃতি অপেকা মনুস্মৃতির প্রাধান্য। মন্বর্থের বিপরীত যে স্মৃতি তাহা প্রশস্তা নহে। প্রুতিতেও বলিয়াছেন। মনুবৈ যৎকিঞ্চিদ্বদৎ তদ্ভেষজং ভেষজতায়াঃ।

ইত্যাদি।

ইহার তাৎপর্য্য এই যে, কোন বিষয়ের বিবাদ বা সন্দেহ উপস্থিত হইলে প্রাতি স্মৃতি পুরাণাদি দ্বারা তাহার মানাংসা করিতে হয়। তন্মধ্যে সর্কাপেক্ষা প্রুতির প্রা-মাণ্য, তদভাবে স্মৃতির প্রামাণ্য। স্মৃতির স্বভাবে প্রাণের প্রামাণ্য, পুরাণ দ্বারাও যাহার মীমাংসা না হয়, তাহার মামাংসা করিতে হইলে প্রাচীন প্রসিদ্ধ বাক্য, তদ-ভাবে চির প্রচলিত সর্কাজন মানিত কিংবদন্তী, তদভাবে বিশেষ বিশেষ যুক্তির অবলম্বন করিতে হয়। স্থামরা পূর্বের্ব প্রকাশ করিয়াছি, কায়স্থেরা কোন্ জাতির অন্তর্নি বিষ্ট এবং বল্লাল সেন কোন্ জাতি ছিলেন, তত্বপলক্ষে বঙ্গদেশের নানা স্থানে নানাপ্রকার তর্ক ও অনেকের সদেশহ উপস্থিত হইতেছে। আমরা যতদূর পারি শাস্ত্রীয় প্রমাণাদি সংগ্রহ করিয়া তাহার মীমাংসা করিতে চেন্টা করিব। সেই প্রতিজ্ঞানুসারে আমরা প্রথম প্রুতির) তৎপরে স্মৃতির (স্মৃতির মধ্যেও প্রথম মনুস্মৃতির তৎপরে যাজ্রবলক্যাদি স্মৃতির, তৎপরে প্রাণের, তৎপরে তন্ত্রের, তৎপরে প্রাচিন প্রদিদ্ধ বচনেব, তৎপরে প্রচলিত সর্বান্তির কিংবদন্তীর, তৎপরে বিশেষ বিশেষ যুক্তির অবলম্বন করিয়া প্রথম বর্ণ চতুন্টয়ের নিরূপণ, তৎপরে বর্ণসঙ্কর জাতির নিরূপণ, তাহাদিগের আচার ব্যবহার, কারস্থ শব্দের অর্থ ও শ্রেণী বিভাগ, আদিশূর কর্তৃক ব্রাহ্মণ শব্দের আনয়ন রন্তান্ত, বল্লাল সেনের জাতি নিরূপণ, অর্থান্তর গৃহীত এবং ভাবান্তর গৃহীত প্রাচীন সংস্কৃত বচন গুলির প্রকৃত অর্থ ও ভাব গ্রহণ ইত্যাদি বিষয়ে প্রবৃত্ত হইলাম।

তত্রাদৌ শ্রুতিঃ। " ব্রাহ্মণোহস্য মুখমাসীদ্বাহু রাজন্যক্রতঃ। ঊক তদস্য যদৈশ্যঃ পদ্যাং শূদ্রোহজায়ত॥"

স্প্তিকভার মুথ হইতে ব্রাক্ষণ, বাহু হইতে ক্ষজ্রিয়, উরু হইতে বৈশ্য, পদদ্ব হইতে শুদ্র জন্মিয়াছে। অর্থাৎ সর্বর প্রধান ব্রাক্ষণ, বেদাধ্যাপনাদি ধর্মা, তন্মুন ক্ষজ্রিয়, অস্ত্র শস্ত্রাদি ধারণ যুদ্ধ বিগ্রহাদি ধর্মা, তন্মুন বৈশ্য, কৃষি বাণিজ্য পশুপালন ধর্মা, তন্মুন শুদ্র, দ্বিজাতির পদ সেবাদি ধর্ম : অতএব ইহাদের উৎপৃত্তি মুথ, বাহু, ঊরু, পাদ হইতে কল্পিত হইয়াছে।

কেহ কেহ বলেন, স্ব শক্তিমান্ প্রমেশ্বর স্ষ্টির প্রথমে ব্রাহ্মাণাদির লিঙ্গশরীর দৈবা শক্তি দারা নির্মাণ করিয়া-ছেন। উক্ত প্রমাণ স্থল শরীর বিষয়ক নহে। শ্রুতিদারা কেবল এইমাত্র সপ্রমাণ হইতেছে যে, স্ষ্টিকর্তার মুখ, বাহু, উরু ও পাদহইতে ব্রাহ্মাণ, ক্ষত্রিয় বৈশ্য শ্রু, এই বর্ণ-চতুক্টয় মাত্রের উৎপত্তি হইয়াছে। ব্রহ্মার কায় হইতে অন্য কোন বর্ণের উৎপত্তির প্রমাণ শ্রুতিতে পাওয়া যায় না, স্নতরাং ব্রাহ্মাণ ক্ষত্রিয়, বৈশ্য শ্রু ভিন্ন যত জাতি আছে, তাহারা বর্ণসঙ্কর। মনু বলিয়াছেন।

"লোকানান্ত বিরুদ্ধার্থণ মুখবাঙ্কুকপাদতঃ। ব্রাহ্মণং ক্ষত্রিয়ং বৈশ্যং শূদ্ধ নিরবর্ত্য়ং।।"

ভগবান্ স্বয়ন্তু লোক বৃদ্ধির জন্য মুখ বাহু ঊরু ও পাদ হইতে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শুদ্রের স্বষ্টি করিয়াছেন।

'' ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ। চতুর্থ একজাতিস্ত শূদ্রো নাস্তি তু পঞ্চমঃ।"

ব্রাহ্মণ ফত্রিয় বৈশ্য, এই তিন বর্ণ দ্বিজাতি অর্থাৎ এই বর্ণত্রের উপনয়নাদি সংস্কার আছে। অতএব ইহারা দ্বিজশব্দ বাচ্য। চতুর্ধ বর্ণ শূদ্র, ইহার উপনয়ন নাই, অতএব ইহাকে * দ্বিজাতি না বলিয়া এক জাতি বলা গেল। পঞ্চম

বাহাদের উপনয়ন সংক্ষার আছে তাহাদিগকে বিজ বা
দিজাতি কহে, যাহাদের উপনয়ন সংক্ষার নাই, তাহাদিগকে
একজ বা একজাতি কহে।

বর্ণ নাই। ইহার তাৎপর্য্য এই, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শৃদ্র ভিন্ন যত জাতি আছে, তাহারা বর্ণ শব্দ বাচ্য নহে, উহাদিগকে বর্ণসঙ্কর বা সঙ্কর জাতি কহে।

> '' দৰ্কবৰ্ণেষ্ ভুল্যাত্ম পত্নীষ্ ক্ষতবোনিষ্। আমুলোম্যেন সম্ভূতা জাত্যা জেয়াস্তএব তে।"

> > মনুঃ।

বান্ধণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র, এই সকল বর্ণ হইতে অক্ষতাবোনি বিবাহিত। তুল্যা (সমানবর্ণা) পত্নীতে আমুক্রমিক অর্থাৎ ব্রাহ্মণ দ্বারা অক্ষতযোনি বিবাহিতা জাত্রিয়াতে, বৈশ্যদারা অক্ষতযোনি বিবাহিতা ক্ষত্রিয়াতে, বৈশ্যদারা অক্ষতযোনি বিবাহিতা ক্ষত্রিয়াতে, বৈশ্যদারা অক্ষতযোনি বিবাহিতা বৈশ্যাতে, শূদ্রদারা অক্ষতযোনি বিবাহিতা শূদ্রাতে যে সকল সন্তান জন্মিয়াছে, তাহারা সেই ব্রাহ্মণ বর্ণ, ক্ষত্রিয় বর্ণ, বৈশ্য বর্ণ, শূদ্রবর্ণ ই ইইয়াছে। যাহারা অসমান বর্ণেতে যথা—ব্রাহ্মণ দ্বারা ক্ষত্রিয়াতে, ক্ষত্রিয় দ্বারা বিশ্যাতে, ইত্যাদিরপে জন্মিয়াছে, তাহারা সেই সেই বর্ণ বা সেই সেই জাতি হইতে পারে নাই, এবং যাহারা অক্ষত্রোনি বিবাহিতা স্ত্রীতে জন্ম গ্রহণ করিতে পারে নাই অর্থাৎ অন্য পুরুষ কর্ত্বক বিবাহিতা স্ত্রীতে সমান বর্ণ দ্বারাও যে সকল গ্রঃ জারজ গোলক প্রভৃতি

[্]ৰ-"অমৃতে জাৱজঃ কুণ্ডো মৃতে ভৰ্ত্তৱি গোলকঃ।" স্বামীর মৃত্যু না হইতে অন্য পুৰুষ দাবা যে সম্ভান জন্ম তাহাকে জাৱজঃ এবং কুণ্ড কহে। স্বামীর মৃত্যু হইলে অন্য পুৰুষ দাবা যে সম্ভান জন্ম ভাহাকে গোলক কহে।

দন্তান জন্মিয়াছে, তাহারা পিতৃ মাতৃ বর্ণ হয় নাই, তাহা-দিগকেও বর্ণদঙ্কর বা পিতৃ মাতৃ জাতি হুইতে বিভিন্ন জাতি জানিতে হইবে।

তংপ্রমাণং যথা কুলুকভটো দ্বাতদেবলবচনম্।
"দ্বিতীয়েন তুমঃ পিত্রা সবর্ণায়াং প্রজায়তে।
অবাবট ইতি খ্যাতঃ শূদ্রধর্মঃ স জাতিতঃ। ১।
ব্রতহীনা ন সংক্ষার্যাঃ স্বতন্ত্রাস্বপি যে স্কৃতাঃ।
উৎপাদিতাঃ সবর্বেন ব্রাত্যা ইব বহিক্তাঃ। ২।

দবর্ণাতে ও দ্বিতীয় পিতা দারা অর্থাৎ যিনি যথাবিধান ক্রমে অক্ষতযোনি পত্নী রূপে গ্রহণ না করিয়াছিলেন, তাঁহাদারা যে সন্তান জন্মে, শেই সন্তান অবাবট নামে খ্যাত এবং শূদ্রধর্ম। ১

যে সকল সন্তান ব্ৰতহীন, সংস্কারহীন এবং যাহারা অন্যস্ত্রীতে উৎপাদিত, তাহারা স্বর্ণহারা (স্মান্বর্ণহারা) উৎপন্ন হইলেও ব্রাত্যের ন্যায় (প্রতিতের ন্যায়)বহিচ্চ ।২

'' স্বর্ণেভ্যঃ স্বর্ণাস্থ জায়ন্তে হি সজাতয়ঃ।

অনিন্দ্যেষু বিবাহেষু পুত্রাঃ সম্ভানবর্দ্ধনাঃ।

ইতি যাজ্যবন্ধ্যঃ।

দমানবর্ণ হইতে দমানবর্ণা স্ত্রীতে অনিন্দ্য বিবাহজাত যে দকল দন্তান, যথা ত্রাহ্মণ দারা যথাবিহিত অক্ষত-যোনি বিবাহিতা ত্রাহ্মণীতে, ক্ষত্রিয় দারা যথাবিহিত অক্ষত-যোনি বিবাহিতা ক্ষত্রিয়াতে, বৈশ্য দারা যথাবিহিত অক্ষত-যোনি বিবাহিতা বৈশ্যাতে এবং শূদ্র দারা বিবাহিতা শূদ্রাতে যে দকল পুক্র উৎপন্ন হইয়াছে, তাহারাই পিতৃ-জাতি মাতৃঙ্গাতি প্রাপ্ত হইয়া বংশ বর্দ্ধক হইয়াছে। সমানবর্ণাস্থ পুত্রাঃ সমানবর্ণা ভবস্তি। অলুলোমাস্থ মাতৃবর্ণাঃ। প্রতিলোমাস্থার্য্যধর্মবিগহি তাঃ॥ বিষয়সংহিতা।

সমানবর্ণ দ্বারা সমানবর্ণা স্ত্রীতে যে সকল সন্তান জিন্মরাছে, তাহারা সমানবর্ণ হইয়াছে। যথা আক্ষাণদারা আক্ষণীতে আক্ষাণবর্ণ, ক্ষত্রিয়ারা ক্ষত্রিয়াতে ক্ষত্রিয়বর্ণ, বৈশ্যদারা বৈশ্যাতে বৈশ্যবর্ণ, শুদ্রদারা শুদ্রাতে শুদ্রবর্ণ হইয়াছে। অনুলামা স্ত্রীতে (উচ্চ জাতীয় পুরুষদারা নীচজাতীয়া স্ত্রীতে) যথা আক্ষাণদারা ক্ষত্রিয়া বৈশ্যা বা শুদ্রাতে, কৈশ্যদারা শুদ্রাতে যে সকল সন্তান জন্মিয়াছে, তাহারা মাতৃধর্ম প্রাপ্ত হইয়াছে। প্রতিলোমা স্ত্রীতে (নীচ জাতীয় পুরুষ দারা উচ্চ জাতীয়া স্ত্রীতে) যথা ক্ষত্রিয়দারা আক্ষণীতে বা বৈশ্য দারা ক্ষত্রিয়া আক্ষণীতে, শুদ্রদারা বৈশ্যা ক্ষত্রিয়া বা আক্ষণীতে যে সকল সন্তান জন্ময়াছে, তাহারা আর্যাধর্ম বিগহিত অর্থাৎ দ্বিজাতির বহিত্তি উপনয়নাদি সংক্ষারের অযোগ্য নিন্দিত সন্তান।

উল্লিখিত স্মৃতি-বচনসমূহ দারা কেবল ব্রাহ্মণ ক্ষজ্রির বৈশ্য শূদ্র, এই বর্ণচতুষ্টয়ের উৎপত্তির কথা কথিত হইল। ব্রাহ্মণাদি জাতিচতুষ্টয় ভিন্ন অন্য জাতির বর্ণত্ব প্রতিপাদন কিংবা ব্রহ্মার কায় হইতে ব্রাহ্মণাদি বর্ণের উৎপত্তি ভিন্ন কায়স্থ বর্ণের উৎপত্তি প্রচিত্ত স্মৃতিদারা প্রমা-ণিত হইতেছে না এবং কায়স্থ জাতির ক্ষজ্রিয়বর্ণাভিধায়ক প্রমাণত্ত পাত্রয় যায় না।

অথানুলোমজাতয়ঃ।

পূর্বের বর্ণচতুষ্টায়ের আকুক্রমিক সমানবর্ণজাত, দজাতীয় সন্তানের কথা উল্লেখ হইয়াছে। অধুনা অসমান-বর্ণজাত, অসমান জাতি প্রাপ্ত বর্ণদক্ষর অনুলোমজ দন্তানগণের কথার উল্লেখ হইতেছে।

'' স্ত্রীষনন্তরজাতায় দিজৈকংপাদিতান্ত্তান্। সদৃশানেব তানাহুমীত্দোষ্বিগহিতান্॥"

ম কুঃ।

দিজাতি দারা অনন্তর জাতীয়া পত্নীতে অর্থাৎ ব্রাহ্মণদারা ক্ষত্রিয়াতে বৈশ্যাতে, ক্ষত্রিয় দারা বৈশ্যাতে এবং বৈশ্যদারা ক্ষাতে যে সকল সন্তান জন্মিয়াছে, তাহারা মাতৃদোধ বিগহিত অর্থাৎ মাতা হান জাতি হইলেও পিতৃজাতি সদৃশ। পিতৃ সদৃশ বলার তাৎপর্য্য এই যে, পিতৃসমানজাতি না হইয়া পিতৃজাতি অপেক্ষা নিক্নফ, মাতৃজাতি অপেক্ষা উৎকৃষ্ট মাতৃ পিতৃ জাতি হইতে পৃথক্ একজাতি হইবে। যথা ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়াতে মৃদ্ধাভিষিক্ত, ক্ষত্রিয়ারা বৈশ্যাতে মাহিন্য, বৈশ্য দারা শৃক্ষাতে করণ জাতি হইয়াছে।

"ব্রাহ্মণাট্রশ্যকন্যায়াম্ অস্বষ্ঠোনাম জায়তে। নিষাদঃ শূদ্রকন্যায়াং যঃ পারশ্ব উচ্যতে॥" ব্ৰাহ্মণ হইতে বিবাহিতা বৈশ্যকন্যাতে অস্বষ্ঠ, (বৈদ্য) ব্ৰাহ্মণ হইতে বিবাহিতা শূদ্ৰকন্যাতে নিষাদ জন্মিয়াছে। নিষাদ জাতির অপ্যর নাম পারশ্ব।

> '' ক্ষত্রিয়াচ্চুত্ত কন্যায়াং ক্রোচারবিহারবান্। ক্রশুদ্রপুর্জস্ক্রয়ো নাম প্রজায়তে॥,,

> > মমু:

ক্ষত্রিয় হইতে বিবাহিত। শূদ্রাতে ক্রুরচেষ্ট ও নিষ্ঠুর-কর্মনিরত ক্ষত্র শৃদ্ধ স্বভাব উগ্রজাতি (আগুরি জাতি) জন্মিয়াছে।

"বিপ্রস্য তিষু বর্ণেষু নৃপতেবর্ণিয়ে।ছবিয়াঃ। বৈশ্যস্য বর্ণে চৈক্ষিন্যু ষড়েতে২প্সদাঃ মৃভাঃ॥"

मञ्रः।

ব্রাক্ষণের ক্ষত্রিয় বৈশ্য শৃদ্র, এই তিন বর্ণেতে, ক্ষত্রি-রের বৈশ্য শৃদ্র, এই তুই বর্ণেতে, বৈশ্যের শৃদ্র এই এক বর্ণেতে জাত যে ছয় সন্তান, তাহারা স্বর্ণজাত পূত্র অপেকা নিরুফ হইবে।

'বিপ্রাক্স দ্বিতিষিক্তো হি ক্ষতিয়ায়াং বিশক্তিয়াম্। অষষ্ঠঃ শূদ্যাং নিষাদো জাতঃ পারশবোহপি বা ॥ বৈশ্যাপুদ্যোস্ত রাজন্যাৎ মাহিষ্যোব্সীতথা সূতৌ। বৈশ্যান্ত, করণঃ শূদ্যাং নিশাসেষ বিবিঃ ঘৃতঃ॥" যাক্তবলকঃঃ।

ব্ৰাহ্মণ হইতে বিবাহিতা ক্ষত্ৰিয়াতে মূৰ্দ্ধাভিষিক্ত, বিবাহিতা বৈশ্যাতে অষষ্ঠ, বিবাহিতা শূৰ্দ্ধাতে নিষাদ (পাৱশব) জন্মিয়াছে। ক্ষত্ৰিয় হইতে বিবাহিতা বৈশ্যাতে মাহিষ্য, বিবাহিতা শূদ্রাতে উগ্র, (আগুরি) বৈশ্য হইতে বিবাহিতা শূদ্রাতে করণ জাতি জন্মিয়াছে।

" মাহিষ্যেশ করণ্যান্ত রথকারঃ প্রকারতে। অসংসম্ভন্ত বিজ্ঞো: প্রতিলোমাসুলোমজাঃ॥"

মাহিষ্য দারা করণীতে রথকার জাতির জন্ম, প্রতিলোম ক্রমে (মীচ জাতি দারা উচ্চ জাতিতে, যাহাদের জন্ম, তাহারা অসৎ (নিন্দিত জাতি) অমুলোম ক্রমে (উচ্চ জাতি দারা নীচ জাতিতে) যাহাদের জন্ম, তাহারা সৎ (অনিন্দিত) জাতি।

''শূদ্রায়াং বৈশ্যতশ্চৌর্যাৎ কটকার ইতি স্মৃতঃ।" উপনঃসংহিতা।

বৈশ্য হইতে শূদ্রাতে কটকার জাতি জন্মিয়াছে। দ্বিজাতির (ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের) শূদ্র কন্যা বিবাহ প্রশস্ত নহে, উহা নিন্দিত।

যদাহ ব্যাসঃ |

'' ন চ শুক্রাং বিজঃ কশ্চিলাধমঃ পূর্ববর্জাম্।"

দ্বিজেরা শূদ্রকন্যা বিবাহ করিবে না এবং নীচ বর্ণেরা উচ্চ বর্ণের কন্যা ঘিবাহ করিবে না। তাদৃশ বিবাহই অপ্রশস্ত (নিন্দিত)।

অথ প্রতিলোমজাতয়ঃ।

'ক্ষজিয়াদিপ্রকন্যায়াং স্থতো ভবতি জাতিতঃ। বৈশ্যান্মাগধবৈদেহো রাজবিপ্রাঙ্গনাস্থতো ॥ শূড়াদায়োগবঃ ক্ষড়া চণ্ডালশ্চাধমো নৃণাম্। বৈশ্য-রাজন্য-বিপ্রাস্থ জায়ন্তে বর্ণসঙ্করাঃ॥" মসুঃ।

ক্ষত্রিয় হইতে ব্রাক্ষণ কন্যাতে সূত জাতি, বৈশ্য হইতে ক্ষত্রিয়াতে, মাগধ্জাতি, ব্রাক্ষণীতে বৈদেহজাতি,* শূদ্র দারা বৈশ্যাতে আয়োগ্র, ক্ষত্রিয়াতে ক্ষত্রা, ব্রাক্ষণীতে নরাণ্য চণ্ডাল জ্মিয়াছে। ইহারা সকলেই বর্ণস্কর।

ং "তত্র বৈশ্যাপুত্রঃ শৃদ্রেণায়োগবঃ। মাগধকভারৌ ক্ষত্রিয়াপুত্রো বৈশ্যশূদ্রাভ্যান্। চণ্ডাল-বৈদেহক-স্থতাশ্চ ব্রাহ্মণীপুত্রাঃ শূদ্রিট্ক্ষত্রিয়েং। সঙ্গরসঙ্গরাশ্চাসংখ্যোঃ। বিফ্যসংহিতা ।

শূদ্রদার। বৈশ্যাপুত্র আয়োগব, বৈশ্য শূদ্রদারা ক্রিয়া- :
পুত্র মাগধ ক্ষন্তা, শূদু বৈশ্য ক্ষত্রির দারা ব্রাহ্মণী পুত্র
চণ্ডাল, বৈদেহ, সূত, জন্মিশাছে এবং পরস্পার বর্ণসঙ্কর
দারা অসংখ্যের বর্ণসঙ্কর জন্মিরাছে।

+ ''ব্ৰাহ্মণঃ ক্ষজিয়ে বিশ্য-স্তুয়ো বৰ্ণা দ্বিজাতয়ঃ। তেষাং জন্ম দ্বিতীয়ন্ত বিভেন্নং মৌঞ্চিবকানম্॥" শন্ধাসংহিতা।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য, এই তিন বর্ণ দ্বিজ্ঞাতি, মৌঞ্জি-বন্ধন (উপনয়ন) ইহাদের দ্বিতীয় জন্ম, ছুইবার জন্ম হয় অতএব দ্বিজ্ঞ এবং দ্বিজ্ঞাতি বলা যায়।

তথাহি বশিষ্ঠঃ।

"'মাতুরকো বিজননং দিতীয়ং মৌঞ্জিবলনে।
ত ত্রাস্যাতা সাবিত্রী পিতা দ্বাচার্য্য উচ্চতে॥"

মাতা হইতে প্রথম জন্ম হয়, মৌঞ্জিবলনে (উপনয়নে)
দিতীয় জন্ম হয়, সেই উপনয়নস্বরূপ দিতীয় জন্মে
সাবিত্রী মাতা, আচার্য্য পিতা।

"গজাতিজানস্তারজাঃ ষট্স্তা দ্বিজধর্মিণঃ। শূদাণাস্ত সধর্মাণঃ সর্কোংপধ্বংসজাঃ অৃতাঃ॥" মসুঃ।

ব্রাক্ষণের ব্রাক্ষণীজাত সন্তান, ক্ষজ্রিয়ের ক্ষত্রিয়াজাত সন্তান, বৈশ্যের বৈশ্যাজাত সন্তান, এই তিন এবং ব্রাক্ষণ হইতে ক্ষত্রিয়া জাত, বৈশ্যাজাত, ক্ষজ্রিয় হইতে বৈশ্যাজাত, এই তিন দ্বিজাতি দ্বারা সজাতীয়াজাত এবং অন্তর্ণান জাত উক্ত ছয় সন্তান দ্বিজধর্মাবলম্বা। উপনয়নাদি সংস্কারাহ। দ্বিজ শব্দ বা দ্বিজাতিদ্বারা প্রতিলোম জাত সন্তান অপধ্বংসজ সন্তান সকলেই শূদুধর্মাবলম্বা উপনয়নাদি ক্রিয়ারহিত।

''পুত্রা যেহ নন্তরন্ত্রীঙ্কাঃ ক্রমেণোক্তা দ্বিজন্মনাম্। তাননন্তরনাম্বস্ত মাত্দোষাৎ প্রচক্ষতে ॥"

সমুঃ।

বাক্ষণ হইতে ক্ষত্রিয়াতে একান্তর জাত মূর্দ্ধাভিষিক্ত জাতি, দ্যন্তরজাত অন্ধর্চ তাতি, এবং ক্ষত্রিয় হইতে একান্তর দ্যন্তর অন্ধুলোম দন্তান, বৈশ্য হইতে একান্তর জাত অন্ধুলোমজদন্তান, মাতৃ পিতৃ ব্যতিরিক্ত সংকীর্ণ জাতি হইলেও মাতৃজাতিতে ব্যপদেশ অর্থাৎ মাতৃজাতির সংস্কারাদি ধর্ম প্রাপ্ত।

ব্রাহ্মণ কত্রিয় বৈশ্য, এই তিন দ্বিজাতির অনুলোমজ দন্তান অর্থাৎ ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়া বৈশ্যাতে, ক্ষত্রিয় হইতে বৈশ্যাতে জাত দন্তান অপেক্ষা দ্বিজাতির প্রতিলোমজ দন্তান কিঞ্চিৎ হীন হয়, অতিশয় গহিতি নহে। কিন্তু শূলু প্রতিলোমজ দন্তানেরা অর্থাৎ শূলু হইতে বৈশ্যাতে ক্ষত্রিয়াতে ও ব্রাহ্মণীতে জাত দন্তানেরা ক্রমশঃ নিতান্ত গহিতি। ইহা মনুতে ক্থিত হইয়াছে।

বান্দণ হইতে উগ্র কন্যাতে আরত নামক জাতি, অন্বৰ্চ কন্যাতে আভার জাতি, আয়োগবীতে ধিশ্বণ জাতি, নিষাদ হইতে শূদুকন্যাতে পুক্সজাতি * শূদু হইতে নিষাদ কন্যাতে কুকুটক জাতি, ক্ষতা হইতে উগ্রা স্ত্রীতে শ্বপাক জাতি, বৈদেহ হইতে অম্বর্চকন্যাতে বেণ জাতি, এই সকল বর্ণসঙ্কর মনুতে উক্ত হইয়াছে।

চণ্ডালসদৃশ জাতিবিশেষ।

উশনা কহেন, ক্ষজ্রিয়াতে শ্রেদার। চৌর্য্যক্রমে রঞ্জক জাতির উৎপত্তি। রঞ্জক জাতি হইতে চৌর্য্যক্রমে বৈশ্য-কন্যাতে নর্ভক জাতির উৎপত্তি। ইহাদিগের অপর নাম গায়ক। অধুনা উহারা নর জাতি বলিয়া বিখ্যাত। শূদ্র হইতে বৈশ্যাতে অপর এক বৈদেহিক জাতির উৎপত্তি হয়। ইহাদের রভি অজ, মহিষ, গো পালন করিয়া দিধি ক্ষীর য়ত তক্রের বিক্রয়। চণ্ডাল হইতে বৈশ্য কন্যাতে শপচ জাতির উৎপত্তি। উহারা কুকুরমাংস ভক্ষণ করে।

'দ্বিক্ষাত্য়ঃ সবর্ণাস্থ জনয়স্তাব্র হাংস্ত ধান্।
তান্ সাবিত্রীপরিজ্ঞান্ ব্রাত্যা ইতি বিনির্দ্দিশেং ।১॥
ভাত্যান্ত্র জায়তে বিপ্রাৎ পাপায়া ভূর্জ কটকঃ।
ভাবস্ত্যবাটধানো চ পুষ্পধঃ শৈখ এব চ। ।॥
বলো মল্লংচ রাজন্যাৎ ব্রাত্যামিচ্ছিবিরেব চ।
নটশ্চ করণাশৈচৰ খনেখ দ্রবিভ্ এব চ। ৩॥"
মন্তঃ।

দ্বিজাতিরা পরিণীতা সবর্ণাতে যে পুত্র উৎপাদন করেন, উহারা যদি উপনয়ন দংস্কার বিহীন হয়, তবে ঐ সন্তানদিগকে ব্রাত্য বলে। ইহারা প্রতিলোমজ পুত্রের ন্যায়
পুত্রকার্য্যে অক্ষম, অতএব ইহাদিগকে প্রভিলোমজ প্রকরণে বলা হইল। ১। ব্রাত্য ব্রাহ্মণ হইতে সবর্ণা স্ত্রীতে
পাপাত্মা ভূর্জকণ্টক জাতি জন্মিয়াছে। দেশভেদে ইহাদিগকে আবস্ত্য বাটধান, পুস্পধ, শৈখ জাতি কহে।২।
ব্রাত্য ক্ষজ্রিয় হইতে সবর্ণা স্ত্রীতে ঝল্ল, মল্ল, নিচ্ছিবি,
নট, করণ, খদ, দ্রবিড় এই সকল সন্তান জন্মিয়াছে।৩

এই প্রকার ব্রাত্য বৈশ্য হইতে স্থধ্যাচার্য, কারব্য, বিজন্মা, মৈত্র, সাত্বত জাতি জন্মিয়াছে, এবং দস্ত্য জাতি হইতে আয়োগবী স্ত্রীতে সৌরিক্ষ্র, বৈদেহ জাতি হইতে মৈত্রের জাতি জন্মিয়াছে। নিষাদ জাতি হইতে আয়োগবীতেও কৈবর্ত্ত জাতি জন্মিয়াছে। তাহার অপর নাম দাস জাতি। নিযাদ হইতে বৈদেহী স্ত্রীতে বারাবর নামক চর্মছেদনকারী জাতি, (চর্ম্মকার জাতি) বৈদেহ হইতে কারাবর স্ত্রীতে অন্ধ জাতি, নিযাদ স্ত্রীতে মেদ ক্ল জাতি উৎপম হয়। ইহারা গ্রামের বাহিরে বাস করে। চণ্ডাল হইতে বৈদেহ স্ত্রীতে পাণ্ডু দোপাক জাতি, নিষাদ হইতে আহিওক জাতি ও নিষাদ ঘারা শুদ্রাণীতে পুক্স জাতি, চণ্ডাল ঘারা পুক্সীতে সোপাক জাতি, চণ্ডালঘারা নিদাদী স্ত্রীতে অন্ত্র্যাবসায়ী (মুর্দার্ফরাস) জাতি জন্মে। ইহারা চণ্ডাল হইতেও নিকৃষ্ট।

মন্বাদি স্মৃতিশাস্ত্রে এই প্রকার কতকগুলি উৎকৃষ্ট অপকৃষ্ট বর্ণদঙ্কর বিবৃত আছে, এবং ঐ সকল এছে ইহা উক্ত আছে, যে সকল বর্ণদঙ্কর জাতি গ্রন্থে বর্ণিত না হইল এবং যে সকল বর্ণদঙ্কর জাতি প্রছন্ম ভাবে আছে, আচার ব্যবহার দারা তাহাদের জাতির নিরূপণ করিতে হইবে।

অধ্যয়ন, অধ্যাপন, যজন, যাজন, দান, প্রতিগ্রহ, এই-

শ্লেছবিশেষ।

[ि] इंब्राट्सिक कार्या क्रकट ध हो)।

ছয়টি ত্রাক্ষণের কর্ম। অধ্যয়ন, যজন, দান, শস্ত্রাস্ত্র ধারণ, প্রজাবন্ধা, এই দকল ক্ষত্রিয় কর্ম। অধ্যয়ন, যজন, দান, কৃষিকর্মা, গো প্রভৃতি পশু পালন, বাণিজ্য, কুদীদ (হৃদ গ্রহণ) প্রাণিপোষণ, এই দকল বৈশ্য কর্মা। ত্রাক্ষণাদি ত্রিবর্ণের দেবা, দর্বব প্রকার শিল্প কর্মা, কারু কর্মা (পাকক্রিয়ার অনুকৃল কাষ্ঠ তক্ষণাদি কার্য্য) এই দকল শৃদ্রের কর্মা। ইহা মনু, অত্রি, বিষ্ণু প্রভৃতি ধর্মাণাস্ত্রে কথিত হইন্যাছে।

--- 'স্তানামশ্বসার্থ্যমন্বর্গানাং চিকিৎসিত্য্। বৈদেহকানাং স্ত্রীকার্য্যং মাগধানাং বণিকৃপথঃ॥" মনুঃ।

দৃত জাতির অশ্ব দার্থ্য রুত্তি, অন্তেষ্ঠর (বৈদ্য জাতির) চিকিৎদা রুত্তি, বৈদেহ জাতির অন্তঃপুর রক্ষা হৃত্তি, মাগধ জাতির স্থল পথে বাণিজ্য রুত্তি।

উশনঃসংহিতায় উক্ত আছে।
"বৈশ্যায়াং বিধিনা বিপ্ৰাৎ জাতো হাম্বপ্ত উচ্যতে।
ক্ষুষ্যান্ধীৰো ভবেভ্ৰম্য তথৈবাগ্নেয়বুভিকঃ॥
স্বজ্ঞনী জীবিকা বাপি চিকিৎসাশাস্ত্ৰজীবকঃ।"

ব্রাহ্মণ হইতে বিধিপূর্বক বৈশ্যা স্ত্রীতে জাত সন্তান অন্বষ্ঠ জাতি। কুমি, আগ্নেয়, সেনাপত্য, চিকিৎসা, এই সকল তাঁহার রুত্তি।

নিবাদজাতির * মৎস্য বধ রতি, আয়োগব জাতির কাষ্ঠতক্ষণ রত্তি, মেদ জাতি ও অস্ক্র জাতির আরণ্য পশু হিংদা রত্তি, ক্ষতা উগ্র ও পুরুদ জাতির বিল মধ্যে গোধা প্রভৃতির বধ বন্ধন বৃত্তি, ধিখণ জাতির চর্ম্ম নির্ম্মাণ বৃত্তি, বেণ জাতির করতাল ও মৃদঙ্গাদি বাদ্য বাদন বৃত্তি, চণ্ডাল ও খুপচ প্রন্থতি জাতিরা রাজাজানুসারে বধ্য ব্যক্তির বধ করিবে, অনাথ শব দকল গ্রাম হইতে বাহির করিবে. শবের বস্ত্র শয্যা প্রভৃতি গ্রহণ করিবে। গর্দ্দভ ও কুকুর ইহাদিগের ধন। দৈরিক্ষ জাতির উচ্ছিফ্ট ভক্ষণাদি দাস-কর্ম্ম, রহিত কেশ রচনাদি এবং অঙ্গদন্ধাহনাদি দাসরুত্তি এবং দৈবকাৰ্য্য পিতৃকাৰ্য্য ও উষধনিমিত্ত পাশ বন্ধনদ্বারা মূগ-বধ রৃত্তি, মৈত্রেয় জাতির রুত্তি মধুরভাষী হইয়া প্রাতঃকালে ঘণ্টা বাজাইয়া রাজাদিগের স্তব করা, দাস জাতির (কৈবর্ত্ত জাতির) নোর্ভি। পাণ্ডুমোপাক জাতির বেণু ব্যবহার রুতি। অন্ত্যাবদায়িদিগের শাশান রুত্তি। ইহা মুনু বলি-য়াছেন।

★"রঙ্গাবতরণমায়োগবানাং ব্যাধত। প্রক্ষানাং স্ততিক্রিয়া মাগধানাং বধ্যঘাতিত্বং চওালানাম্ অর্থ্যার্থ্যং স্তানাম্।"

ইতি বিফুঃ।

আয়োগৰ জাতির রঙ্গাৰতরণ,† পুরুষ জাতির ব্যাধ কর্ম্ম,

^{*}নিষাদ জাতিকে কেছ চণ্ডালবিশেষ কছেন, কেছ বা তিলাদি জাতিবিশেষ কছেন, কেছ কেছ ধীবরবিশেষ কছেন।

[†] অভিনয়স্থলে নটের কার্য্য করণ অথবা নৃত্যুগীতাদি স্থলে রঙ্গাবতরণ।

মাগধ জাতির স্তৃতিক্রিয়া, চণ্ডাল জাতির বধ্যঘাতিত্ব, বৈদেহ জাতির স্থারকা, সূত জাতির অশ্বসার্থ্য বৃত্তি। উশনা কহেন, পুক্ষস জাতির মধুও মদ্য বৃদ্ধসায়।

+ "হস্তাশ্রথশিকা অস্ত্রধারণঞ্চ মুর্কাভিষ্মিকানাং নৃত্যগীত-নক্ষ এজীবনং শাস্ত্রকা চ মাহিষ্যাণাং দ্বিজাতি-শুক্রাষা ধনধান্যাধ্যক্ষতা রাজনেবা জুর্গাস্তঃপুররক্ষা চ পারশবোগ্র-ক্রণানাম্।"

ইতি কুল্কভটো দ্ভ-উশনদে।জ-প্রমাণম্।"

হস্তি অশ্বরথ শিক্ষা অস্ত্রধারণ মূর্দ্ধাভিষিক্তের বৃত্তি, নৃত্য গীত গণনা শদ্য রক্ষা মাহিষ্যের বৃত্তি। দ্বিজাতির শুশ্রুষা, ধনধান্যের অধ্যক্ষতা রাজদেবা এবং তুর্গরক্ষা ও অন্তঃপুর রক্ষা, পারশ্ব উগ্র ও করণ জাতির বৃত্তি।

মন্থাদি শাস্ত্রে এই প্রকার সম্করাসম্কর জাতি ও তাহাদের বৃত্তি নিরূপিত হইয়াছে, কিন্তু আমরা মন্ত্রু, অত্রি, বিষ্ণু,
হারীত, যাক্তবল্করে, উশনা, অঙ্গিরা, যম, আপস্তম্ব, সংবর্ত্ত্র,
কাত্যায়ন, রহস্পতি, পরাশর, ব্যাস, শন্তা, লিখিত, দক্ষ,
গোতম, শাতাতপ, বশিষ্ঠা এই বিংশতি ঋষি প্রণীত
বিংশতি স্মৃতিসংহিতায় বিশেষ অনুসন্ধান করিলাম,
এবং কতকগুলি সংস্কৃত বচন, কতকগুলি সংস্কৃত বচনের
অর্থ মাত্র, কতকগুলি সংস্কৃত বচনের ভাবার্থ উদ্ধৃত
করিয়া পাঠকগণকেও বিরক্ত করিলাম, কিন্তু কিছুতেই
কায়স্থ জাতির ক্ষজ্রিয় প্রতিপাদন কিংশা ব্রন্ধার কায়
হইতে কায়স্থের উৎপত্তির প্রতিপাদন করিতে পারি-

লাম না। ক্ষজ্রিয় পর্য্যায়ক কোন শব্দে কায়স্থ শব্দের উল্লেথ নাই এবং কোন স্মৃতি গ্রন্থে কায়স্থ জাতিকে ক্ষত্রিয় বলে না। অতএব ইহাই স্থির হইতেছে যে, ব্রহ্মার কায় হইতে কায়স্থ নামক কোন জাতি বিশেষের উৎপত্তি হইয়াছে কিংবা কায়স্থ জাতি ক্ষত্রিয় শাখা, ইহা শ্রুতি স্মৃতি দারা প্রমাণ হয় না। অথচ এ কথাও সম্ভবপর নহে যে, যে স্মৃতি শাস্ত্রে রাহ্মণ অবধি চণ্ডাল, মুরদার ফ্রাদ পর্যান্ত কীর্ত্তিত হইয়াছে, তাহাতে স্থবিখ্যাত, বিস্তৃত, দ্বিজাতিসমাজে প্রচলত একটি জাতি বিশেষের উৎপত্তির ও বৃত্তির কীর্ত্তন হয় নাই।

আমরা এ কথা বলিতেছি না যে, স্মৃতিশাস্ত্রে কায়স্থ শব্দের উল্লেগ নাই, কেবল এইমাত্র বলিতেছি, স্মৃতিশাস্ত্র দারা ইহা সপ্রমাণ হয় না যে, কায়স্থ জাতি ক্ষত্রিয়, কিংবা বেলার কায় হইতে কায়স্থের উৎপত্তি হইয়াছে। আমরা এ কথা ভূয়োভূয়ঃ স্বীকার করিতেছি, স্মৃতি শাস্ত্রের অনেক স্থানে কায়স্থ শব্দের উল্লেখ আছে এবং তদ্ধারা কায়স্থ জাতি যে বর্ণসন্ধর ও নিকুট জাতি তাহা প্রমাণিত হইতেছে।

তৎ প্রমাণং যথা ব্যাসসংহিতায়াম্।

''বর্দ্ধনী নাগিতো গোপ আশাপঃ কুন্তুকারকঃ।
বিণিক্ কিরতে-কায়স্থ-মালাকার কুটুম্বিনঃ॥
বরাটো মেদ-চণ্ডাল-দাস-শ্বপহ-কোলকাঃ।
এতেহস্তাজাঃ সমাখ্যাতা যে চান্যে চ গবাশনাঃ॥"
ব্যাসসংহিতার সম্কীর্ণ জাতি প্রকরণে বলিয়াছেন, বর্দ্ধকী

(স্ত্রধার) নাপিত, গোপ, আশাপ, কুস্তকার, বণিক্, কিরাত, কায়স্থ, মালাকার, কুটুম্বী, * বরাট, মেদ, চণ্ডাল, দাস, শ্বপচ, কোলক, ইহারা অন্ত্যজ জাতি এবং গবাশন জাতি অন্ত্যজ।

তথাহি উশনঃসংহিতায়াম্ ॥ ৮''কাকাল্লোল্যং যমাং ক্রোর্য্যং স্থপতেরথ ক্লন্তনম্। আদ্যক্ষরাণি সংগৃহ্য কায়স্থ ইতি কীর্ত্তিঃ॥"

উশনঃসংহিতার বর্ণদক্ষর প্রকরণে উক্ত হইয়াছে, কাকের কা যমের য (য়) স্থপতির স্থ, এই কাক যম স্থপতি শব্দত্রয়ের আন্যক্ষর দকল গ্রহণ করিয়া কায়স্থ শব্দ কীর্ত্তি হইয়াছে। যে হেতু ইহাতে কাক হইতে চঞ্চলতা, যম হইতে ক্রুরতা, স্থপতি হইতে ক্রন্তন, এই দকল গুণ গৃহীত হইয়াছে।

তথা হি যা জ্ঞবনক্যঃ।

"চাট-তন্ধর-ছুর্স্নৃত্ত-মহাসাহসিকাদিভিঃ। পীডামানাঃ প্রজা রক্ষেং কায়**র্স্কেশ্চ বিশে**ষভঃ॥" ভাসা দীকা।

''চাটাঃ প্রভারকাঃ বিশ্বাস্য যেপরধনমপ্ররম্ভি। প্রচ্ছনাপ-গরিণস্তক্ষরাঃ। তুর্কৃতা ঐক্রজালিকাঃ কিরাভাদয়ঃ। সংহা-বলং সহসা বলেন কৃতং সাহসং, মহচ্চ তৎ সাহসক্তে মহা-সাহসং তেন বর্ত্ত ইতি মহাসাহসিকাঃ প্রসহ্যাপহারিণঃ। খাদিশকাং মৌনিককুহকর্ত্তয়ঃ। এতৈঃ পীড্যমানা বাধ্য-মানাঃ প্রজা রক্ষেং। কায়স্তা গণকা লেখকাশ্চ, তৈঃ পীড্য-

^{*} কৃষক বি**শে**ব !

মানাঃ বিশেষতো রক্ষেং, তেষাং রাজবল্লভতয়া অতিমায়া-বিতয়াচ ছনি বারত্বাং ॥'

ইতি মিতাকরায়াণ্ আচারাধ্যায়ঃ।

চাট (প্রতারক) তক্ষর (চোর) ছুর্ব্ব্ (ঐন্দ্রজালিক কিরাতাদি) মহাদাহদিক যাহারা বল পূর্ব্বিক হঠাৎ ধন অপহরণ করে। ইহাদের দ্বারা পাড্যমান প্রজাগণকে রক্ষা করিবে, বিশেষতঃ কায়স্থ হইতে পীড্যমান প্রজাগণকে রক্ষা করিবে। কায়স্থ শব্দের অর্থ গণক এবং লেখক। ইহারা সর্ববিশ রাজসন্মিধানে থাকিয়া রাজদেবা করে, অতএব রাজার প্রিয় পাত্র, স্থতরাং ছুন্মিবার হয়। ইহা মিতাক্ষরার আচার অধ্যায়ে কথিত হইয়াছে।

এই সকল স্মৃতি প্রমাণ দারা জানা যাইতেছে, কায়স্থ জাতি বর্ণদঙ্কর নিকৃষ্ট জাতি, ক্রুরস্থভাব। ইহারা দিজাতি-শব্দবাচ্য ক্ষজ্রিয় নহে। এই ক্ষণে দেখা যাউক পূর্বের যে সকল বর্ণদঙ্করের কথার উল্লেখ হইয়াছে তাহার মধ্যে কোন্ বর্ণদঙ্কর জাতিকে কায়্মস্থ বলা ঘাইতে পারে? তাহাতে স্মার্ত্ত পণ্ডিতেরা নির্দেশ করিয়াছেন, কায়স্থ জাতি পূর্বেরালিখিত করণ জাতি।

তৎপ্রমাণং যথা।

ু''কারস্থঃ করণো জেয়ঃ সূদাগর্জসমূদ্রয়।"

করণ জাতিকে কায়স্থ জানিবে। ইহারা শূদাগর্জ-সন্তুত। পূর্বের অন্মুলোম জাতি প্রকরণে যাজ্ঞবল্ক্য বচন দারা প্রমাণিত হইয়াছে, বৈশ্য হইতে শূদাণীতে করণ জাতির উৎপত্তি। সেই করণ জাতিই কায়স্থ। ইহা দারা এই স্থির হইতেছে, কায়স্থ জাতি বর্ণসঙ্কর, শূদ্র অপেকা উৎকৃষ্ট . শূদ্রা গর্ভসন্তৃত হইলেও ইহারা বিজাতি দারা উৎপন্ন হইরাছে বলিয়া পিতৃ জাতির উৎকৃষ্টতা হেতু ইহাদের উৎকৃষ্টতা স্বীকার করা যাইতেছে। ইহা পূর্বো-ল্লিথিত—

''স্তীঘনস্তরজাতাস্থ দিকৈরংপাদিতান্ স্তান্। সদৃশানেব তানাভঃ মাতৃদোষবিগহিতান্॥"

এই মনুবচন দ্বারা প্রমাণিত হইয়াছে, কায়স্থ জাতি বর্ণসঙ্কব করণ জাতি। স্থতএব অমরসিংহ বর্ণসঙ্কর প্রকরণে লিখিয়াছেন।

,''शृष्टाविरमोञ्ज कतर्गा>घरश्री देवभगाविकवारनाः॥"

শৃদ্রা আর বৈশ্য হইতে করণ জাতির উৎপত্তি। বৈশ্যা থার ব্রাহ্মণ হইতে অম্বষ্ঠ জাতির উৎপত্তি। জটাধর মভিধান মারাও করণ জাতি কায়স্থ, ইহা সপ্রমাণ ইইয়াছে। যেহেতু কারস্থ, করণ, পঞ্জিকাকার, এই সকল এক পর্য্যায়ক শব্দ।

রাধাকান্তদেবকৃত শব্দকল্পদ্রেমে উল্লেখ আছে।
"কায়স্থঃ পুং জাতিবিশেষঃ ইতি মেদিনী। তৎপর্যায়ঃ,
চ্টকৃং পঞ্জীকর ইতি ত্রিকাণ্ডশেষঃ। করণঃ পঞ্জিকাকরঃ
উত্তিজাটাধরঃ॥"

অমরসিংহকৃত অভিধানে উক্ত আছে। ''রথকারস্তু মাহিষ্যাৎ করণ্যাং যস্য সন্তবঃ॥" মাহিষ্য জাতি হইতে করণ জাতীয়া স্ত্রীতে রথকার জাতির উৎপত্তি হইয়াছে। রায়মুকুট টীকাকার ইহার ব্যাখ্যা করিয়াছেন। "করণ্যাং কায়স্থ্যাং" করণী শব্দের অর্থ কায়স্থী। রায় মুকুট স্থাপ্রদিদ্ধ প্রাচীন টীকাকার। স্মৃতিসংগ্রহকর্তারা ইঁহার অনেক স্থানে ধ্বনি করিয়াছেন।

''কায়ন্থে দাধনে ক্লীবং পু॰দি শুদ্রাবিশোঃ স্থতে" ইতি করণশব্দার্থে মেদিনী।

করণ জাতি যে কায়স্থ, তাহা করণ জাতির বৃত্তি দ্বারাও অনুমিত হইতেছে। যথা পূর্বলিণিত কুল্লুকভটোক্ত উশনদোক্ত প্রমাণে কথিত হইয়াছে,—দ্বিজাতির শুশ্রুষা, ধনের অধ্যক্ষতা, ধান্যের অধ্যক্ষতা, রাজসেবা, তুর্গর কা, অন্তঃপুররকা, এই দকল পারশব উগ্র ও করণ জাতির বৃত্তি। অধুনা কায়স্বেরাও বলিয়া থাকেন।—

্,"কায়স্থো লিপিকারকঃ।"

লেখাপড়ার কাজ ও হিদাবপত্রের কাজকেই কায়েতি ব্যবদায় বাল্যা থাকে। কয়াস্থ শব্দের অপভ্রংশ শব্দ কায়েত। কায়স্থের ব্যবদায়ের নাম কায়েতি ব্যবদায়, ধনের অধ্যক্ষতা তহবিলদারী কর্মা, ধান্যের অধ্যক্ষতা ভাণ্ডারি কর্মা। এই দকলই লেখা পড়ার কার্য্য, অর্থাৎ হিদাবের কার্য্য। রাজ্যনা ও রাজার নিকট থাকিয়া শোহরিগিরি প্রভৃতি রাজার অন্য প্রকার চাকরি। রাজ্যনা শব্দের অর্থ রাজার উক্তর্মানহে, যেহেতু পূর্বেই দিজাতি শুক্রমা বলিয়া একবার উক্ত

নহে, অতএব পূর্কোল্লিখিত "চাট তক্ষর তুর্ক্ত'' ইত্যাদি বাজ্ঞবল্ধ্য বচনের টীকা মিতাক্ষরাতে কায়স্থকে রাজবল্লভ বলিয়াছে। ইহারা রাজার নিকট থাকিয়া রাজার চাকরি করিত, দর্কদা রাজার আজ্ঞানুবর্তী থাকিত, স্থৃতরাং ইহারা বাজার নিতান্ত অনুগ্রহের পাত্র।

করণ জাতিই যে কায়স্থ তাহার আরও এক প্রমাণ দেখা যাইতেছে। উৎকল দেশীয় ভাষাকে যদিচ আমরা কদর্য্য ভাষা জ্ঞান করি কিন্তু বহু অনুসন্ধান ক্রিয়া দেখা গিয়াছে, উৎকল ভাষাতে প্রায় অনেক গুলি শব্দই সংক্ তের অনুরূপ। সেই উৎকলদেশীয় কায়স্থেরা অল্যাপি করণ জাতি বলিয়া পরিচয় দিয়া থাকে। অন্য পর্য্যন্ত উৎকল দেশীয় কায়স্থ জাতিতে করণ শব্দ প্রচলিত আছে। পশ্চিম দেশেও অনেক কায়স্থ করণ বলিয়া পরিচয় দেয়।

উশনঃসংহিতায় উক্ত আছে ৷—

ে শুদ্রায়াং বৈশাতশেচার্য্যাৎ কটকার ইতি অভ্তম।"

বৈশ্যবারা শূদ্রাতে চৌর্য্যক্রমে যে দকল সন্তান হইাছে, তাহাদিগকে কটকার কহে। এই কটকার শব্দের
অপভ্রংশ শব্দ কট্কী। অদ্য পর্যন্তও কট্কা কায়েত
নামক এক সম্প্রদায় কায়েত বিখ্যাত আছে। এতদ্দেশায়
কায়েতেরা তাহাদিগকে অবজ্ঞা করেন, তাহার কারণ এই
অত্যাত হয়, যাজ্ঞবল্পা সংহিতায় বৈশ্য হইতে শূদ্রাত
করণ জাতির উৎপত্তির কথা উল্লেখ আছে। যাজ্ঞবল্পায়
চেনে "বিন্নাস্থ" শব্দের প্রয়োগ আছে। বিন্না শব্দের অর্থ
বিবাহিতা "বিন্নাস্থ" "বিবাহিতাস্থ" অর্থাৎ বৈশ্যের বিবা-

হিতা শূদ্ৰজাতীয়া স্ত্ৰীতে করণ জাতির উৎপত্তি হইয়াছে। উশনঃসংহিতায় বিবাহিত। শব্দের উল্লেখ নাই "চৌর্যাৎ" এই শব্দের উল্লেখ আছে। বৈশ্য পুরুষ হইতে চৌর্য্য ক্রমে শূদ্রাতে যে সন্তান জন্মিয়াছে, তাহারা কট্কী। করণেরা বৈশ্যের বিবাহিতা শূদ্রা স্ত্রী গর্ভজাত, কট্কীরা বৈশ্যের অবিবাহিতা শূদ্রা গর্ভজাত, অতএব করণ কায়-স্থ্রো কট্কী কায়েতদিগকে অবজ্ঞা করেন।

অনেকে বলেন "কায়স্থেরা ব্রান্ত্য ক্ষজ্রিয়ের সন্তান, যেহেতু কতকগুলি প্রমাণবারা স্থিরীকৃত হইতেছে, করণ জাতিই কায়স্থজাতি। করণ ও কায়স্থ এক পর্যায়ক শব্দ। মনু বলিয়াছেন, ব্রান্ত্য ক্ষজ্রিয় হইতে কল্ল, মল্ল, নিচ্ছিব, নট, করণ, থদও দ্রবিড় জাতির উৎপত্তি হইয়াছে। এই সকল ব্রান্ত্য ক্ষজ্রিয়সন্তানগণ মধ্যে করণেরও উল্লেখ আছে, স্থতরাং কায়স্থগণকে অবশ্যই ব্রান্ত্য ক্ষজ্রিয়সন্তান বলা যাইতে পারে। কিন্তু ঐ কল্ল মল্ল নট করণ দ্রবিড় ও খদ জাতিকে কেহ কেহ অন্তান্ত * জাতি মধ্যে গণনা করিয়াছেন। কোন কোন প্রস্থে দেখা যায়, কল্ল মল্ল প্রভ্তিরা মেচ্ছ জাতি মধ্যে পরিগণিত। অতএব আমরা বঙ্গীয়দমাজে বর্ত্তমান দন্তান্ত কায়স্থগণকে ব্রান্ত্য ক্ষজ্রিয়সন্তান বলিতে বাধ্য না হইয়া বৈশ্য হইতে শূদ্রাগর্ত্ত্য এবং শূদ্রবর্ণ অপেক্ষা উৎকৃষ্ট বর্ণদঙ্কর জাতি বিশেষ বলিয়া স্বীকার করিতেছি।

 [«] এন্থলে অন্তাজ শব্দের অর্থ কনিষ্ঠ বা নিক্ষী পারিভাষিক

অর্থ নিয়ে। ইহার বিস্তারিত দ্বিতীয় খণ্ড পুস্তকে লিখিত হইবে।

কোন কোন কায়স্থবান্ধব বহুবিধ শাস্ত্রপারদর্শিতা প্রদর্শন পূর্বক বলিতেছেন "ইদানাং ব্রাহ্মণ কায়স্থ বা শৃদ্ধ, ইহারাই প্রদিদ্ধ ও গণনীয় জাতি। বস্তুতঃ কলিতে যথাশাস্ত্রামুদারে পূর্ববিৎ স্বধর্মাচারী ক্ষত্রিয়, বৈশ্য, মূর্দ্ধা-বদিক্ত, অষঠ ও মাহিষ্য জাতি নাই। ইহারা দকলেই ক্রিয়া লোপ হেতু শৃদ্ধ প্রাপ্ত হইয়াছে। রঘুনন্দন ভট্টা-চার্য্য মুক্তকঠে স্বীকার করিয়াছেন "ইদানীন্তন-ক্ষত্রিয়াণা-শ্র

মনু বলিয়াছেন ৷—

''শনকৈস্ত ক্রিয়ালোপাদিমাঃ ক্ষত্রিয়জাতয়ঃ। রুষলত্বং গতা লোকে ব্রাক্ষণাদর্শনেন চ॥"

বারংবার ক্রিয়ালোপ হেতৃ এবং ব্রাক্ষণের অদর্শনহেতু ইশানীং ক্ষত্রিয়েরা রুষলত্ব (শূদত্ব) প্রাপ্ত হুইয়াছে। ভারত-সুনকুত-কুল্লীপিকোন্ধৃত যুমবচন ও বিফুবচন যুখা।

"যুগে জ্বনো দ্বে জাতী ব্ৰাহ্মণঃ শূদ্ৰ এব হি ৷"১

জঘন্য যুগে (কলিমুগে) ব্রাহ্মণ আর শূদ্র, এই ছুইটি যাত্র জাতি। অর্থাৎ ক্ষত্রিয় বৈশ্য সম্বন্ধ প্রভৃতি সকল হাতিই শূদ্র প্রাপ্ত হইয়াছে, স্তত্রাং কলিকালে ব্রাহ্মণ ও গুদ্র, এই ছুইটি মাত্র জাতি আছে।

''শনৈঃ শনৈঃ ক্রিয়ালোপাদথ তা বৈদ্যজাতয়:। কলৌ শূক্তমাপন্না যথা কলা যথা বিশঃ॥" ২

পুনঃ পুনঃ ক্রিয়ালোপ হেছু বেমন ফ্ত্রিয়েরা ও বৈশ্যের।
গুদ্রস্ব প্রাপ্ত হইয়াছে, তেমন বৈদ্য জাতিরাও শূদ্র প্রাপ্ত

হইবাছে। রঘূনক্ষন ভটাচার্য্য বিষ্ণুপুরাণীয় বচন উদ্ধৃত ক্রিয়া ব্লিয়াছেন।

★ "মহানদিয়্তঃ শুদ্রাগর্ভনয়ৢত্বোহ্ তিলুকো মহাপথেরা
নদ্ধঃ পরশুরায় ইবাপরাথিলক জিয়ান্তকারী ভবিতা। ততঃ
প্রভৃতি শূদ্রা ভূপালা ভবিষ্যতি। তেন মহানদ্দিপর্যান্তং ক্রিয়
আন্সাং। এবঞ্জিয়ালেপেটিদ্বশ্যানামপি তথা। এবমন্বর্তাদীনামপি জাতিপ্রসঙ্গাতুক ম্।"

ইতি শুদ্ধিত স্বায়লিখনম্।

শূদাপারি গর্ট্তে মহানন্দির এক পুত্র জনিবে। তাহার নাম মহাপান নন্দ। পে অতিলুক্ত হইরা পরশুরামের ন্যায় সকল ক্ষত্রিয় ধ্বংস করিবে। তদবধি শূদ্রেরা রাজা হইবে। মহানন্দি পর্যন্তে ক্ষত্রিয় ছিল। তৎপরে আর ক্ষত্রিয় নাই। ক্রিয়ালোব হেতু বৈশ্যও নাই অস্কৃতি নাই।

এই সকল শাস্ত্রীয় প্রমাণদারা স্থির হইতেছে, এই ক্ষণে ক্ষত্রির বৈশ্য অন্ধর্চ সকলেই শূদ্র প্রাপ্ত হইয়াছে। তন্মধ্যে আচার ভ্রন্ট ক্ষতিয়ের। কায়স্থ নামে প্যাত। আচার ভ্রন্ট বৈশ্যেরা বণিক্, আচার হীন অন্ধর্চেরাও অন্ধর্চ কায়েত বলিয়া পশ্চিম দেশে পরিচয় দেয়। ত্রাক্ষণের পরেই ক্ষত্রিয় জাতি উৎকৃষ্ট ছিল। সেই ক্ষত্রিয়েরা এইকণে কায়স্থ হইয়াছে। অতএব একদেশে ত্রাক্ষণ জাতির পরেই কায়স্থ জাতির উৎকৃষ্টতা দেখা যায়।

যদ্যপি এইক্ষণে কোন কোন স্থানে দেখা যায়, বর্ত্তমান ক্রিয়েরা যুগান্তরীয় ক্ষত্রিয়গণের ন্যায় এবং বৈদ্যেরা

যগান্তরীয় বৈদ্যের ন্যায় ব্যবহার করিতেছেন, কিন্তু উহা
সর্বিশাস্ত্র দদ্মত বা সমস্ত পণ্ডিতের পরামর্শ সিদ্ধ নহে।
উহা উৎকল দেশে দেবরপতি ব্যবহারের ন্যায়, এবং
যেমন দাক্ষিণাত্যের মাতৃলকন্যা বিবাহ ব্যবহার শাস্ত্র নিষিদ্ধ, অথচ কোন এক শাস্ত্রা তুর সিদ্ধ দেশ ব্যবহার। যথা।

''মাতৃত্রাতৃষ্কতাং কেচিং পিতৃষ্কস্ত্রতাং তথা। বিবহন্তি ক্রচিদ্দেশে সংকোচ্যাপি স্পিগুতামিতি॥

শাতাতপোক্তেমাতুলকন্যোদ্ধাহঃ কার্য্যঃ। যদ্যপি পিতৃদক্ষন্যাদ্ধাহোহপি প্রাপ্ততথাপি অন্ধর্যাং লোকবিদ্বিষ্টমিতি নিষেধাং বচনান্তরেন ওছদ্বাহন্যাবিধানাচ্চ ন কার্য্যঃ।
অয়ন্ত দাক্ষিণাত্যশিষ্টাচারাং কার্য্য ইতি নির্নিষ্টানকৌ ততীয়পরিচ্ছেদে প্রকীর্ণনির্ব্যে ব্যবস্থাপিতম্।

কোন দেশে সপিওতার সঙ্কোচ করিয়া কেহ মাতুলকন্যাকে কেহ পিতার ভগিনী-কন্যাকে বিবাহ করে।
শাতাতপোক্ত এই বচন দারা মাতুলকন্যা বিবাহ বিধান
হইয়াছে। পিতৃ-ভগিনীকন্যার বিবাহ বিধান থাকাতেও
লোকে যাহা বিদ্যু করে সেকর্ম স্বর্গজনক নহে, এই নিষেধ
হেতু এবং বচনান্তরে বিধান না থাকা প্রযুক্ত ঐ বিবাহ
কর্ত্তব্য নহে। দাক্ষিণাত্যদিগের শিষ্টাচার প্রযুক্ত মাতুলকন্যা বিবাহ বিধেয়। নির্ণয়িসিক্কু গ্রন্থের তৃতীয় পরিচ্ছেদে
প্রকীর্ণ নির্ণয় প্রকরণে ইহা লিখিত আছে।

বস্তুতঃ প্রকৃত ক্ষত্রিয় বৈশ্যাদি জাতির যে অভাব, তাহা প্রত্যক্ষও দেখা বাইতেছে। এ দেশে ক্ষত্রিয় প্রায় নাই। অর্থোপার্জ্জন নিমিত্ত পশ্চিম দেশ হইতে এ দেশে আসিয়া যাহার। ক্ষরিয় বলিয়। পরিচয় দেয়, তাহাদের মধ্যে কোন কোন ব্যক্তির গলায় যজ্ঞ দূত্র দেখা যায় সত্য, কিন্তু যজ্ঞ-সূত্রের কার্য্য কিছুই নাই, আচার ব্যবহার সকলই শূত্রবং। বৈশ্য জাতির কেবল নাম মাত্র শুনা যায়। মূর্দ্ধাবসিক্ত ও মাহিষ্য জাতির নাম পর্যান্ত লোপ হইতেছে। এখানে বৈদ্যেরা অন্বর্চ্চ বলিয়া পরিচয় দেন, কিন্তু তাঁহারা প্রকৃত অন্বর্চ কিনা; তাহার সন্দেহ ভল্পক বিশিষ্ট প্রমাণ কিছুই নাই। পশ্চিম দেশে শাকলদীপা ব্রাক্ষণদিগকে বৈদ্য কহে, কিন্তু তাহারা বেদবিধি বর্জ্জিত। কেবল কায়স্থ জাতির মধ্যে অন্বর্চ কায়েত বলিয়া পরিচয় দেয়। এই বিন্তার্ণ ভারতবর্ষের মধ্যে এই ক্ষুদ্র বঙ্গদেশ ভিন্ন অন্বর্চ কামে পরিচিত বৈদ্য জাতি আর কোথাও নাই।

যথাশাস্ত্রান্ত্রনারে অন্বষ্ঠ নামক জাতি বটে কিন্তু বৈদ্য জাতি বলিয়া কোন শাস্ত্রে উল্লেখ নাই। চিকিৎসা বৃত্তির নাম বৈদ্যবৃত্তি। যাহারা চিকিৎসা করে, তাহা-দিগকে বৈদ্য কহে। বৈদ্য কোন জাতি বিশেষের নাম নহে। চিকিৎসা-ব্যবসায়ী সকল জাতীয় লোককেই বৈদ্য বলা যায়। এ দেশে ব্যবহারও আছে, নাপিত কৈবর্ত্ত চণ্ডাল প্রভৃতি যাহারা চিকিৎসা করে, তাহাদিগকেই বৈদ্য কহে। অভিধানকার অমরসিংহও তাহাই লিখিয়াছেন। যথা—

্'রোগহার্য্যদঙ্কারো ভিষগ্বৈদ্যে চিকিৎসকে॥" রোগহারী, অগদঙ্কার, ভিষক্, বৈদ্য, এই সকল শব্দ চিকিৎসক অর্থ বোধ করাইবে। স্থতরাং যাহারা চিকিৎসক তাহাদিগকেই বৈদ্য কহে,।—

রাধাকান্ত দেব শব্দকল্পক্রম অভিধানে এক প্রকার বৈদ্যের উৎপত্তি লিথিয়াছেন কিন্তু তাঁহারা অন্বষ্ঠ শব্দ-বাচ্য হইতে পারেন না। এবং বৈদ্য শব্দ ব্যালগ্রাহিকেও বুঝায়। যথা—

ধিবৈদ্যোহশ্বিনীকুমারেণ জাতশ্চ বিপ্রবোষিতি। বৈদ্যবার্য্যেণ শূদ্রায়ং বভূরুর্বহরো জনাঃ॥ তে চ গ্রামগুণজ্ঞাশ্চ মক্তোষ্ধিপরায়ণাঃ। তেভ্যশ্চ জাতাঃ শূদ্রায়াং তে ব্যালগ্রাহিণো ভূবি॥"

অধিনীকুমারদারা ত্রাহ্মণীতে বৈদ্যের উৎপত্তি হয়।
ইহারা বেদ বিবর্জিত। সেই বৈদ্য হইতে শূদ্রাতে কতকগুলি সন্তান জন্মে। তাহারা গ্রামের গুণজ্ঞ ও মন্ত্রোষধিপরায়ণ। তাহাদের দ্বারা শূদ্রাপতি যাহারা জন্মে, তাহারা
ব্যালগ্রাহী। ইহাদিগকে সাপুড়িয়া বা মালবৈদ্য কহে।
ইহারাও বৈদ্য কবিরাজ বলিয়া পরিচয় দেয়।

যাহা হউক, এইক্ষণে এ দেশে যাঁহারা বৈদ্য বা অন্ধষ্ঠ বলিয়া পরিচয় দেন, তাঁহাদের শাস্ত্রসিদ্ধ অন্ধষ্ঠবৎ ব্যবহার কিছুই নাই। তাঁহারা শৃদ্রের ন্যায় আচার ব্যবহার করেন। শৃদ্রের আচারাদির সহিত বিভিন্নতা-সূচক আচার ব্যবহার ই হাদের কিছু দেখা যায় না, স্কতরাং তাঁহাদিগকে শৃদ্র বলা যাইতে পারে।

প্রচলিত ব্যবহার অনুসারেও বোধ হয়, কায়স্থেরাই

ক্ষত্রির, যেহেছু লোকে প্রায় সচরাচরই "ব্রাক্ষণ কায়স্থ" "কায়স্থ ব্রাক্ষণ" বলিয়া থাকে। শূদ্র প্রধান দেশে "ব্রাক্ষণ শূদ্র" বলে। ব্রাক্ষণ ক্ষত্রিয় বা ব্রাক্ষণ বৈশ্য অথবা ব্রাক্ষণ বৈদ্য বলিলে প্রচলিত প্রথানুসারে আমাদের বঙ্গুন্সাজে নৃতন কথার ন্যায় শুনা বায়। বাস্তব ব্রাক্ষণ জাতির পরেই ক্ষত্রিয় জাতি উৎকৃষ্ট ছিলেন, অতএব লোকে ব্রাক্ষণ কায়স্থ বা কায়স্থ ব্রাক্ষণ বলিয়া থাকে। এই ক্ষণে প্রকৃত ক্ষত্রিয়াদির অভাব প্রযুক্ত ব্রাক্ষণ ক্ষত্রিয় বা ব্রাক্ষণ বৈশ্য অথবা ব্রাক্ষণ অম্বর্ষ্ঠ বলে না।

আরও দেখা যায়, পশ্চিম দেশায় লালাদিগের মধ্যে প্রাচান ক্ষত্রিয় ব্যবহারের অনেক প্রচলন আছে। লালারাও কায়স্থ বলিয়া পরিচয় দেয়, ইহারারা নিশ্চয় বোধ হয়। বর্তুমান কায়স্থেরাই পূর্বেক ক্ষত্রিয় ছিলেন।

কায়ন্দ্র বান্ধবেরা সাভীফ সিদ্ধ্যর্থ যে সকল কুযুক্তি ও কুতর্কের অবলম্বন কির্মা কুপথের আবিচ্চার করিতেছেন, উহার কিছুই নূতন নহে; ঐপথ অতিজীর্ণ প্রাচান ও অতি-কান্তার। নানাদেশীয় পণ্ডিতেরা বহুশাস্ত্রালোচনাদ্বারা ঐপথে পুনঃ পুনঃ বিস্তর কণ্টক নিক্ষেপ করিয়াছেন।

বে সময়ে রাজা রাজনারায়ণ ক্ষজ্রিয় হইতে যত্নবান্ হইয়াছিলেন, যে সময়ে কায়স্থ-কৌস্তভের স্বস্থি হয়, যে সময়ে সহজ্র মুদ্রা ব্যয়ধারা—

''কারস্থঃ ক্ষ্তিরো বর্ণো ন চ শুদ্রঃ কদাচন।"

এই বচনের স্ঠি হয়, সে সমযে কায়স্থপক বিপক্ষ সমস্ত পণ্ডিত একত্র হইয়া শাস্ত্রসিক্ষুর মন্থন করেন। তৎকালে অমৃত বা বিষ কিছুই উৎপন্ন না হইয়া কতকণ্ঠলি তীক্ষ্ণ কণ্টক উধিত হয়। পণ্ডিতেরা নেই কণ্টকণ্ঠলি কায়স্থা-বিষ্কৃত পথে বিক্ষিপ্ত করেন। জনাই অঞ্চলের একজন প্রধান পণ্ডিত,—

" কারস্থ: ক্ষতিরো বর্ণোন চ শূদ্র: কদাচন।"

এই বচন রচনা করিয়াও কায়স্থদিগের ব্যবস্থাপত্তে স্বাক্ষর করিয়া সমাজে অসম্মানিত হন।পরে স্বদেশ পরিত্যাগ করিয়া চিরজীবনের নিমিত্ত কাশী যাত্রা করেন।

পূর্ব্ব দেশে চট্টল নগরে কতকগুলি ধনগর্বিত কায়স্থ, শাস্ত্রীয় বিধির অবহেলন পূর্ব্বক বৈদ্যবিদ্যোহী হইয়া ধর্মশাস্ত্র-বিশারন একজন পণ্ডিত-চূড়ামণির অপমান করেন। কায়স্থ-পক্ষায় পণ্ডিতবর কান্তিচন্দ্র দ্বারা নৃতন এক ব্যবস্থাপত্রিক্তার সন্তিই হয়। "যুগে জঘন্যে দ্বে জাতী,, ইত্যাদি কতকণ্ডিলি সংস্কৃত বচন তাহাতে সন্নিবেশিত থাকে। তত্নপ্রক্ষেত একত্র হইয়া পুনঃপুনঃ শাস্ত্রসিন্ধুর মহন করেন। সে মন্তনেও প্রথম কতকগুলি তীক্ষ্ণ কণ্টক উথিত হইয়া অবশেষে অয়ত উথিত হয়। ক্ষত্রিয় বৈশ্য বৈদ্য প্রভৃতি সেই অমৃতের আস্বাদন করেন। তীক্ষ্ণ কণ্টকগুলি কায়ম্থাবিদ্ধৃত পথে বিন্যস্ত থাকাতে সেই পথ অতিকান্তার হয় ও অবক্ষদ্ধ থাকে। অধুনা ঐ সকল বিষয়ের পুনান্দোলন যদিচ চর্ব্বিত-চর্ব্বণের ন্যায় হইতেছে, ভণাপি

অপরিজ্ঞাত-শাস্ত্র আধুনিক রুণাভিমানিগণের প্রবোধার্থ কায়ন্থ-বান্ধবগণের অবলম্বনীয় কুযুক্তি প্রমাণাদির অস্ল-কতা প্রতিপাদন করিতে প্রবৃত্ত হইলাম।

র্ষলম্ব প্রাপ্ত ক্ষত্রিয়ের। ইদানীং কায়ন্থ নামে প্রান্ত, এতৎপ্রতিপাদনাভিপ্রায়ে বলা হইতেছে, কলিতে যথা-শাস্ত্রানুসারে ক্ষত্রিয়, বৈশ্য, অন্বর্চ, মাহিষ্য ও মূর্দ্ধাবদিক্ত জাতি নাই। উহারা সকলেই শৃক্তম্ব প্রাপ্ত হইয়াছে। কায়স্থ-বান্ধবগণের এ সকল উক্তি—শাস্ত্র, মুক্তি, অনুমান, প্রত্যক্ষ, এই সমুদায় প্রমাণের বিরুদ্ধ। যেহেতু কলিতে ক্ষত্রিয়াদির সতা নানাবিধ শাস্ত্রাদি প্রমাণদার। প্রতিপন্ধ হইতেছে।

কলিকালে অন্টাবিংশতিতমে যুগে ভান্ত মাদের কৃষ্ণা-ষ্টমীতে দেবকীস্থত কৃষ্ণ জন্মিয়াছেন। মার্কণ্ডেয় পুরাণের দেবীমাহাত্ম্যে উক্ত আছে।

, বৈবস্থতে হন্তরে প্রাপ্তে অষ্টাবিংশতিমে মুগে।
তান্তো নিভন্ত কৈবান্যা-বুংপং দ্যেতে মহাস্ক্রৌ ॥
নন্দগোণগৃহে জ্বাতা যশোদাগর্ভগন্তবা।
ততন্তৌ নাশরিষ্যামি বিজ্ঞাচলনিবাসিনী॥

বৈবস্বত মন্বস্তরে অফীবিংশতিতম যুগে শুস্ত ও নিশুস্ত পুনর্ববার উৎপন্ন হইবে। আমি যশোদার গর্ডে নন্দগোপ- গৃহে জন্মিয়া তাহাদিগকে নক্ট করিব। এই সেই বৈবস্বৰ্ত মম্বস্তরের অক্টাবিংশভিতম যুগ। এই যুগে মহামায়া নন্দ-গোপগৃহে জন্মেন, ঞীকৃষ্ণ দেবকীর গর্ভে জন্মেন।

তথা হি হরিবংশে কাল্যবন-বধোপক্রমে।—
"ত্রেভাগুগে প্রস্তুত্তে হুলি বিদিতো মে বিশারদাং।
ইমং কলিযুগং বিদ্ধি কিমন্থ করবাণি তে॥
মম শক্রস্থা দক্ষো দেবদন্তবরান্প।
অবধ্যোহ্যং ময়া সম্খ্যে ভবেদ্বর্ধশত্ত্রপি॥"

স্বুপ্তি হইতে উন্থিত মুচুকুন্দ রাজার প্রতি কাল্যবনবংগাপক্রমে শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন। হে নৃপ! তুমি ত্রেতা
যুগে প্রস্থু হইয়াছ। এইক্ষণে কলিকাল, ইহা তুমি আমার
নিকটে অবগত হও। আর আমি তোমার কি করিব। যে
শক্রু আমার শত বৎসরেও অবধ্য, তাহা তুমি দেবদত্ত বর
প্রভাবে দগ্ধ করিয়াছ। এই সকল প্রমাণ দারা অবগত
হওয়া যায়, শ্রীকৃষ্ণের জন্ম কলিকালে হইয়াছিল। শ্রীকৃষ্ণের
উপনয়ন সংস্কার হইয়াছিল।

তৎপ্রমাণং যথা মহাভারতে।—--
‡ততত্তরোঃ সমকরে। দ্বিধিনা দ্বিসংকৃতিম্।
বস্থদেবঃ সমানীয়াচার্য্যং গর্মং মহামুনিম্॥"

বহুদেব, মহামুনি আচার্য্য গর্গকে আনিয়া বলরাম ও শীক্ষের দিজ দংস্কার (উপনয়ন) করাইয়াছিলেন। কলিতে ক্তিয়াদির শুদ্র ভাব থাকিলে কৃষ্ণ ও বলরামের দিজ-দংস্কার শাস্ত্রবিক্তম স্বীকার করিতে হয়। "শতেষ্ বট্র সার্জেষ্ আধিকেষ্ চ ভূতলে। কলেগতেষ্ বর্ষাণামভবন্ কুরুপা গুবা:॥" রাজ ডঃ ফ্লিণী।

কলির ৬৫৩ বৎদর অতীত হইলে কুরু পাগুবের। ভূতলে উৎপন্ন হইয়াছিলেন।

"আসন্ সঘাস্থ মূনয়ঃ শাসতি পৃথিবীং যুখিন্তিরে নূপতে। ষড্দ্বিকপঞ্চিযুতঃ শককালস্তন্য রাজ্যন্য ॥" রাজতর্দ্ধিনী, বরাহসংহিতা, জ্যোতির্বিদাভরণঞ্চ।

বিক্রমাদিত্যের সভাসদ্ বরাহমিহির, বরাহসংহিতা নামক স্বরুত জ্যোতিষ গ্রন্থে এবং মহাকবি কালিদাস, জ্যোতির্বিদাভরণ নামক জ্যোতিষগ্রছে লিথিয়াছেন যে, সপ্তর্ষিমগুল এক শত বংসর অন্তর এক এক নক্ষত্রে গমন করেন। যুধিষ্ঠিরের রাজস্ব সময়ে ঐ সপ্তর্ষিমগুল মধা নক্ষত্রে ছিলেন। তদক্ষারে জ্যোতির্গণনায় উক্ত বরাহমিহির ও কালিদাস, বিক্রমাদিত্যের সভায় যাহা স্থির করেন, তাহার সহিত তৎকাল-প্রচলিত যুধিষ্ঠিরাক্ষের কোন বিরোধ ঘটে নাই। দে সময়ে অর্থাৎ বিক্রমাদিত্যের রাজস্ব কালে যুধিষ্ঠিরাক্ষ ২৫২৬ হইয়াছিল।

এই দকল প্রমাণ দারা স্থির হইতেছে, যুধিষ্ঠিরাদি ক্ষতিরগণ কলিতে জন্মিয়াছিলেন। তাঁহাদের যে দিজাতিসংস্কার ছিল, তাহার ভূরি ভূরি প্রমাণ আছে। যুধিষ্ঠিরের
পরেও পরীক্ষিত জনমেজয় প্রভৃতি অনেক ক্ষত্তিয় স্বধর্মের
রত থাকিয়া রাজত্ব করিয়া গিয়াছেন। স্কৃতরাং এ কথা

কোন মতে বলা যাইতে পারে না যে, কলিতে ক্ষতিয়াদি সকলের শূদ্র প্র.প্তি হওয়াতে ক্ষতিয়াদির অভাব হইয়াছে।

भावबीरख डेक बाह्य।

় "যুগে যুগে তথা রাক্ষা বৈশ্যকৈব যুগে যুগে। প্রথবদ্বসংযুক্তাং গায়ত্রীং প্রকাশেৎ প্রিয়ে॥"

ক্ষত্রিয় এবং বৈশ্যগণ সত্য তেতা দ্বাপর কলি, এই প্রত্যেক যুগে প্রণবদ্ধসংযুক্তা গায়ত্রীর জ্বপ করিবে। যুগে যুগে এই বীপ্সা থাকাতে কলিতে ক্ষত্রিয় বৈশ্যাদির দ্বিজ-সংস্কারাভাব কোন মতেই সম্ভব হইতে পারে না।

রঘুনন্দন ভট্টাচার্য্য স্বক্কত শুদ্ধিতত্ত্ব ক্রিয়ালোপ হেতু ক্ষত্রিয় বৈশ্য ও অম্বর্ডের যে শুদ্রম্ব স্বীকার করিয়াছেন, তাহা পৃথিনীস্থ সমুদায় ক্ষত্রিয় বৈশ্য অম্বর্চ বিষয়ক নহে। উহা "শনকৈস্ত ক্রিয়ালোপাং" ইত্যাদি মন্থ বচনের সহিত ঐক্য করিয়া দেশ ভেদে ক্ষত্রিয়াদি বিষয়ক বলিতে হ'ইবে। যেহেতু ঐ রঘুনন্দন ভট্টাচার্য্যই শুদ্ধিতত্ত্বে লিখিয়াছেন।

''শুপ্যেদ্বিপ্রোদশাহেন দ্বাদশাহেন ভূমিপঃ। বৈশ্যঃ পঞ্চশাহেন শূদ্রো মাদেন শুধ্যতি॥"

ব্ৰাহ্মণ দশাহে শুদ্ধ হইবে, ক্ষত্ৰিয় দাদশাহে শুদ্ধ হইবে, বৈশ্য পঞ্চদশাহে শুদ্ধ হইবে, শুদ্ৰ এক মাদে শুদ্ধ হইবে। যদি কলিতে ক্ষত্ৰিয়াদি না থাকে তবে কলিকালীয় বিরচিত গ্রন্থে ক্ষত্ৰিয়াদির অশৌচব্যবস্থা কেন লিখিত হইল ? রঘুনন্দন ভট্টাচাৰ্য্য প্রায়শ্চিত্তত্ত্বে ক্ষত্রিয়াদি বধের প্রায়শ্চিত্ত লিখিয়াছেন এবং ক্ষত্রিয়াদির

গোব্ধ প্রায়শ্চিত্তের বিশেষ লিথিয়াছেম। সংক্ষারতত্ত্ব ক্ষবিয়াদির সংক্ষার বিষয়ে লিথিয়াছেন যথা—

"যোড়শান্দোহি বিপ্রস্য রাজন্যস্য ছিবিংশতিঃ।
 বিংশতিঃ সচতুথী চ বৈশ্যস্য পরিকীর্তিতা॥"

বাক্ষণের ষোড়শ বর্ষ পর্যন্ত উপনয়নের কাল, ক্ষত্রিযের ঘাবিংশতি বর্ষ, বৈশ্যের চতুর্বিংশতি বর্ষ পর্যন্ত
উপনয়নের কাল। ইহার পরে আর সাবিত্রী গ্রহণ করিতে
পারে না। ঐ কালাতিক্রেমে সাবিত্রী গ্রহণ করিতে হইলে
প্রায়শ্চিত্র করিতে হয়। কলিতে ক্ষ্ত্রিয় বৈশ্য সামান্যাভাব
অর্থাৎ সমুদায় ক্ষ্ত্রিয় বৈশ্যই শুদ্রত্ব প্রাপ্ত হইয়াছে, ইহা যদি
রঘুনন্দনের অভিপ্রেত হইত, তবে তিনি ক্ষত্রিয় ও বৈশ্যের
উপনয়নের কাল নিরূপণ করিতেন না। রঘুনন্দন ভট্টাচার্য্য ব্যবহারতত্ত্বে কাত্যায়ন বচন উদ্ধৃত করিয়া লিখিয়াছেন।

তদা নিযুপ্ত্যাদিছাংসং ব্রাহ্মণং বেদপারগন্॥

যদি বিপ্রোন বিদ্বান্ স্যাৎ ক্ষল্রিয়ং তত্র বোজয়েং।

বৈশ্যুণ বা ধর্মশাক্তজ্ঞং শুদ্রং ষত্মেন বর্জ্জয়েং॥

রাজা যদি বিশেষ কার্য্যশতঃ স্বয়ং কার্য্যনির্ণয় দর্শন
করিতে না পারেন, তবে বিদ্বান্ ব্রাহ্মণকে কার্য্য-নির্ণায়ক (প্রাজ্বিবাক) নিযুক্ত করিবেন। যদি বিদ্বান্ ব্রাহ্মণ
না পাওয়া যায় তবে উপযুক্ত ক্ষল্রিয় অথবা উপযুক্ত বৈশ্যকে
প্রাজ্বিবাক নিযুক্ত করিবেন, কিন্তু শুদ্রকে কদাচ কার্য্যনির্ণায়ক (প্রাভ বিবাক) পদে নিযুক্ত করিবেন না।

'यमा कार्यायभाष्टाका न शरभार कार्यानिन्त्रम ।

রঘুনন্দন-দ্বিতি ঐ সকল প্রমাণ দারা জানা যায়, রঘুনন্দনের সময়েও ক্ষজিয় বৈশ্য ছিল। রঘুনন্দন দাপর
রুগের বা কলির প্রারম্ভ কালেরওমসুর্য নহেন। তিনি কলির
পঞ্সহস্র বৎসর অতীত হইলে লক্ষ্মণসেনের বহু দিন
পরে নবদীপে জন্মগ্রহণ করেন। তিনি স্বকৃত গ্রন্থ সকল
মধ্যে যথন ক্ষজিয় বৈশ্যাদির বিষয় অনেক লিখিয়াছেন,
তথন কোন মতেই বলা যাইতে পারে না যে, কলিতে সমুদায় ক্ষজিয় বৈশ্যেরা শৃদ্রম্ব প্রাপ্ত হইয়াছে, বলিয়া রঘুনন্দন
স্বীকার করিতেন। যদি বলেন, রঘুনন্দন ভট্টাচার্য্য প্রসঙ্গক্রমে যুগান্তরীয় ক্ষজিয় বৈশ্যাদির আচার ব্যবহার ও
ধর্মবিষয়ক কথার উল্লেখ করিয়াছেন, তাহাও যুক্তিদক্ষত
হয় না। যে হেতু রঘুনন্দনের প্রস্কে দেখা যায়।

দীর্ঘকালং ব্রহ্মচর্য্যং ধারণক কমগুলোঃ।
দেবরেণ স্থতোৎপত্তিদ তা কন্যা প্রদীয়তে ॥
কন্যানামসবর্ণানাং বিবাহশ্চ দ্বিজ্ঞাতিতিঃ।
আততারি-দ্বিজাগ্রাণাং ধর্ম্মুদ্ধেন হিংসন্ ॥
বানপ্রস্থান্তমস্যাপি প্রবেশা বিধিদেশতঃ।
বৃত্তস্যাধ্যায়সাপেকমঘসক্ষোচনং তথা।
প্রায়শ্চিত্তবিধানক্ষ বিপ্রাণাং মরণান্তিক্য্।
সংসর্গদোষঃ পাপেষু মধুপর্কে পশোর্ক্ষঃ ॥
দত্তোরসেতরেষাক্ষ প্রত্বেন পরিগ্রহঃ।
শৃদ্রেষু দাসগোপালকুলমিত্রার্কশীরিণাম্॥
ভোজ্ঞান্নতা গৃহস্ক্স্য তীর্থসেবাতিদূরতঃ॥
ইত্যাদীন্যতিধায়।

এতানি, লোক গুপ্তার্থং করেরায়দী মহান্তি। নিবর্ত্তিতানি কর্মাণি ব্যবস্থাপুর্ব্ধকং বুবৈ:। সময়শ্চাপি সাধুনাং প্রামাণ্যং ক্রেবভূবেং।

দীর্ঘকাল ব্রহ্মন্ত্র্যা কমগুলু ধারণ, দেবর বারা পুত্রোৎপত্তি, দত্তা কন্যার পুনর্বার দান, বিজাতির অসবর্বে বিবাহ, ধর্মমুদ্ধ বারা আততায়ী ব্রাহ্মণের হিংসা, বিধিপুর্বক বানপ্রহাশ্রমে প্রবেশ, বৃত্তব্যধায়য়াপেক পাপের সক্ষোচ, ব্রাহ্মণের মরণান্তিক প্রায়শিনত, পাপেতে সংসর্গদোষ, মর্পর্বে পশুবধ, ঘাবশবিধ পুত্রের মধ্যে দত্তক পুত্র ও ঔরস পুত্র ভিন্ন অন্য সকলের পুত্রত্বে পরিগ্রহণ, শৃত্রের মধ্যে দাস, গোপাল, পুরুষাকুক্রমের বন্ধু, কৃষির অর্দ্ধাংশী হইয়া যে ভূমিকর্ষণ করে, তাহার সহিত ভোজ্যানতা, অতিদ্র দেশে তীর্থসেনা, ইত্যানি সকল কর্মা লোকদিগের পালনার্থ কলির আদিতে মহাত্ম-জনগণ ঘারা ব্যবস্থা পূর্বেক নিবর্ত্তি ইইয়াছে। যেহেতু সাধু ব্যক্তিরা যাহা নিয়ম ঘারা স্থির করিয়াছেন, তাহাই বেদের ন্যায় মান্য করিতে ইইবে।

কলিতে বর্জ্জনীয় এই সকল কর্ম পরিত্যাগ করিয়া কলির আচরণীয় কর্ম সকল ব্যবহারতত্ত্বে ব্যবস্থাপিত হইয়াছে, অর্থাৎ যে সকল কর্ম কলিতে নিষিদ্ধ রঘুনন্দন তাহা লিথেন নাই। কলিতে যে সকল কর্ম করণীয়, রঘুনন্দন তাহাই লিথিয়াছেন। কলিতে যদি ক্ষল্রিয় ও বৈশ্যের অভাব থাকিবে তবে রঘুনন্দনকৃত ব্যবহারতত্ত্বে ক্ষল্রিয় ও বৈশ্যের প্রাড়্বিধাকতার বিষয় উক্ত হইত না। মহামহোপাধ্যায় শূলপাণি ভট্টাচার্য্য স্বকৃত প্রায় শিচত্ত-বিবেক গ্রন্থের প্রথমেই লিখিয়াছেন।

"নিভাং শ্রুত্তি স্বধর্ম চরণ । স্থানহী নাজানাং তত্তিবদনি যিক্ষকর্মনির তাস্থা ননিষ্ঠাবতাম্। লোকানাং কলিকালক ঢ়কলু যধ্বং সাধ্যে যোহধুনা প্রায়শ্চিত্তবিবেকমত্র বিদ্ধে শ্রীশূলপাণিঃ স্থীঃ ।"

বেদোক্ত ধর্মাচারহীন এবং বেদনিষিদ্ধ কর্ম্মেরত যে কলিকালের লোক সমস্ত তাহাদের পাপনাশের নিমিত্ত এই প্রায়শ্চিত্ততত্ত্ব রচনা করিতেছি। শূলপাণি ভট্টাচার্য্য এই প্রতিজ্ঞা করিয়া যাজ্ঞবল্ধ্য বচনোক্ত ক্ষজ্রিয় বৈশ্য বধের ব্যবস্থা করিয়াছেন, যথা—

''যাগস্ক্ত বিভ্যাতে চরেদু ক্ষহনো ব্রতম্। গভ[′]হা চ যথাবর্ণং তথাতেয়ি নিস্দন॥"

প্রার্গ কর বিবেকঃ।

যাগস্থ ক্ষজ্রিয় এবং বৈশ্যকে বধ করিলে ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত করিতে হয়, আর জ্রন্ম হত্যা করিলে যে বর্ণের নেমত প্রায়শ্চিত্ত তাহাই করিতে হয়। শূলপাণি ভট্টা- চার্য্য প্রথম শ্লোকে প্রতিজ্ঞা করিলেন, কলিকালের লোকদিগের পাপনাশের জন্য প্রায়শ্চিত্তবিবেক গ্রন্থ করি-তেছি। পরে ঐ গ্রন্থে ক্ষজ্রিয় বৈশ্য বধের প্রায়শ্চিত্ত বিধান করিলেন। যদি কলিতে ক্ষজ্রিয় বৈশ্য দকল শৃদ্রম্ব প্রাপ্ত হইয়া থাকে, তবে কলির মনুষ্যের জন্য যাজ্ঞবক্ষ্যীয় বচনানুসারে ক্ষজ্রিয় বৈশ্য বধের প্রায়শ্চিত লেখা অসঙ্গত

হয়। শূলপাণি ভট্টাচার্য্য বহুকালের লোক নহেন। তাঁহার সময়েও যদি ক্ষজ্রিয় বৈশ্যের অভাব হইত, তবে তিনি ক্ষজ্রিয় বৈশ্যবধের প্রায়াশ্চিত লিখিতেন না।

পরাশরদংহিতার দ্বিতীয় অধ্যায়ে উক্ত আছে।

''অতঃপ্রং গৃহস্থা কর্মাচারং কলো যুগে। ধর্মাধারণং যৎস্যাং চাতুবর্ণাশ্রমাগতম্॥ ক্লভিয়োছ পি কৃষিং কৃত্বা দেবান্ পিতৃংশ্চ পূজ্যেৎ। বৈশ্যঃ শুদ্রন্ত্রণা কুর্যাৎ কৃষিবাণিজ্য শিল্পক্ষ ॥"

অতঃপর কলিয়ুগে গৃহস্থদিগের কর্মাচার এবং বর্ণা শ্রমগত সাধারণ ধর্ম বলিতেছি। কলিকালে ক্ষত্রিয়োও ক্ষমিকার্য্য করিয়া দেবতা ও পিতৃলোকের পূজা করিবে। বৈশ্য ও শৃট্রেরা কৃষি, বাণিজ্য, শিল্পকর্ম করিবে। কলি-কালে যদি ক্ষত্রিয় বৈশ্যের অভাব হয় তবে কলিধর্ম্মবক্তা পরাশর কর্তৃক কলিতে ক্ষত্রিয় বৈশ্যের ধর্ম কথন সঙ্গত হয় না।

কোন স্মৃতিগ্রন্থকার্তা বা কোন প্রাচীন স্মার্ত্রপণ্ডিত এমন ব্যবস্থা করেন নাই যে, কলিতে ক্ষজ্রিয় বৈশ্য ও অস্ব-ষ্ঠের একেবারে অভাব অথবা সমস্ত ক্ষজ্রিয় বৈশ্য অস্বন্ঠই শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। তবে যে রঘুনন্দন ভট্টাচার্য্য শুদ্রত্ব প্রাপ্ত হইয়াছেন, ইদানীং ক্ষজ্রিয় বৈশ্য ও অম্বষ্ঠেরা শৃদ্রত্ব প্রাপ্ত হইয়াছে, উহা '' শনকৈস্ত ক্রিয়ালোপাৎ " ইত্যাদি মনুবচনের সহিত একবাক্যতা স্বীকার করিয়া দেশবিশেষ জাত ক্ষজিয় বৈশ্যাদির শৃদ্র প্রাপ্তিবিষয়ক বলিতে হইবে। অর্থাৎ ক্রিয়া লোপ হেন্তু এবং ব্রাক্ষা নের অদর্শন হেন্তু যে যে দেশে ক্ষত্রিয়েরা শুদ্রত্ব প্রাপ্ত হইয়াছে, অন্বর্চ ও বৈশ্যেরাও সেই সেই দেশে ক্রিয়া লোপ হেন্তু এবং ব্রাক্ষাণের অদর্শন হেন্তু শূদ্রত্ব প্রাপ্ত হই-য়াছে। পৃথিবীক্ষ সমস্ত অন্বর্চ বৈশ্য ও ক্ষত্রিয় শূদ্রত্ব প্রাপ্ত হয় নাই।

কায়স্থবাদ্ধবের। বলেন, যে সকল ক্ষজ্রিয়দিগের পুনঃপুনঃ ক্রিয়া লোপ হেতু কলিতে র্ষলম্ব প্রাপ্তির কথা
যন্ম বলিয়াছেন, সেই হীনাচার ক্ষত্রিয়েরাই এইক্ষণে
কায়স্থ নামে খ্যাত। এ কথা শাস্ত্রসঙ্গত ও যুক্তিসঙ্গত
হইতে পারে কি না! এই ক্ষণে তদ্বিষয়ের সমালোচনা করা
গাউক।

তথাহি মন্তঃ।

''শনকৈস্ত ক্রিয়ালোগাদিমাঃ ক্ষত্রিয়জাতয়ঃ। বুষলত্বং গভা লোকে ব্রাহ্মণাদর্শনেন চ॥"

অস্য কুল্লুকভটঃ। ''ইমা বক্ষ্যমাণাঃ ক্ষত্রিয়ক্তাতয়ঃ উপ-নয়নাদিক্রিয়ালোপেন আক্ষণনাঞ্চ যজনাধ্যাপনপ্রায়শ্চিতা-দ্যুর্থদর্শনাভাবেন শবৈঃ শবৈলোকে স্কুত্ত্বপ্রাপ্তাঃ।'

পশ্চাৎ কথ্যমান ক্ষত্রিয়ের। উপনয়নাদি ক্রিয়া লোপহেতু এবং যজন, অধ্যাপন, প্রায়শ্চিতাদির নিমিত্ত ব্রাক্ষণের দর্শনাভাবহেতু শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে।

'পো গুকাশেচাড়, জবিড়াঃ কামোজা যবনাঃ শকাঃ। পারদা পহলবাশ্চীনাঃ কিরাতা দরদাঃ খ্যাঃ॥"

ग्रुः।

অস্য কুলুকভটঃ। ''পৌণ্ডুকাদিদেশোদ্ভবাঃ ক্ষত্রিয়াঃ সন্তঃ ক্রিয়ালোপাদিনা শূদ্রভ্যাপনাঃ।"

পশ্চাৎ কথ্যমান ক্ষত্রিয় কথিত হইতেছেন, যথা। পৌণ্ডু, উড়, স্ক্রবিড়, কাম্বোজ, যবন শক, পারদ, পহলব, চীন, কিরাত, দরদ, থস, এই সকল দেশোন্তব ক্ষত্রিয়ো পূর্ব্বোক্ত ব্রাহ্মণাদর্শন ও ক্রিয়ালোপ হেডু শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে।

ভগবান্ মন্ত্র পূর্বেরাক্ত বচন দ্বারা ক্রিয়ালোপ হেডু দেশ বিশেষ-জাত ক্ষল্রিয়গণের র্ষলস্থ প্রাপ্তির কথার উল্লেখ করিয়া পুনর্বার সমুদায় বিজাতি বিষয়ে বলিয়াছেন।

"মুখবাছুরূপাক্ষানাং যা লোকে জাতয়ো বহিঃ। বিলেছ্বাচশ্চার্য্যবাচঃ সর্বের তে দস্যবঃ স্মৃতাঃ॥" সমুঃ।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের মধ্যে যাহারা বাহ্য জাতি প্রাপ্ত হয়, তাহারা শ্লেচ্ছভাষাই হউক কি আর্য্যভাষীই হউক তাহা-দিগকে দফ্য বলা যায়।—

পূর্বে যে শূদ্র প্রাপ্তির কথা বলা হইয়াছে, সেই শূদ্রত্ব জুই প্রকার। যথা—

" শূদ্রং দিবিধম অক্তম্অনক্তঞ। অক্তশূদাঃ প্রায়শ্চিতানাহ'। অনক্তাঃ প্রায়শ্চিতাহ'। ভবস্তি॥"

শূদ্র ছুই প্রকার, অক্ষত ও অনক্ষত। অক্ষত শূদ্রেরা প্রায়শ্চিত্রের অযোগ্য। অনক্ষত শূদ্রেরা প্রায়শ্চিত্রের যোগ্য। অতএব মনু দশম অধ্যায়ে 'শনকৈস্তু" ইত্যাদি বচন ছারা ক্রিয়ালোপ হেতু শূদ্রত্ব প্রাপ্তির কথার উল্লেখ করিয়া পুনর্ববার একাদশাধ্যায়ে বলিয়াছেন।

"বেষাং দ্বিজানাং দাবিত্রী নাম্চ্যেত যথাবিধি। তাংশ্চার্যিত্বা ত্রীন্ কৃচ্ছ ান্যথাবিধ্যুপনায়ন্থে ॥" অস্য কুঁকুঁকিউটঃ।

"বেষাং ব্রাহ্মনীক্ষান্তিয়বিশাই আমুকল্পিক কালেইপি উপনয়নং যথাশাস্ত্রং ন ক্তং তান্ প্রাক্ষাপ্ত্যত্তয়ান্ কারয়িছা
যথাশাস্ত্রম্ উপনয়েং। যতু যাজ্যবনক্যালিছিঃ প্রায়ক্ষিত্তমুক্তং তেন সহাস্য গুরুলাঘ্রমস্ক্রনায় জাতিশক্ত্যাদ্যপেক্ষো
বিকল্পো মন্তব্যঃ।"

যে সকল ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য অষষ্ঠ প্রভৃতির অফুকল্পকালেও যথাশাল্র উপনয়ন হয় নাই, তাহাদিপ্রকৃষ্
তিন প্রাজাপত্য ব্রত করাইয়া যথাশাল্র উপনয়ন ক্রাইবে। যাজ্ঞবল্ক্যাদি ঋযিরা যে প্রায়শ্চিত্ত বলিয়াছেন তাইনর
সহিত লঘু গুরু বিবেচনা করিয়া জাতি অফুসারে ও শক্তি
অনুসারে প্রায়শ্চিত্রের কল্পনা করিবে।—

পূর্ব্বোক্ত মনুবচন লিখিত শক যবনাদির দগর রাজা কর্ত্তৃক অন্যবেশধারিত্ব তৎপরে শ্লেচ্ছত্ব প্রাপ্তির কথা বিষ্ণুপুরাণে উক্ত আছে যথা—

''শক-যবন-কাম্বোজ-পারদ-পহলবা হন্যমানাস্তৎকুলগুরুং বশিষ্ঠং শরণং যয়ং। ১৮। অথৈতান্ বশিষ্ঠো জীবন্মৃত্রকান কুত্বা সগরমাহ, বংদ। অলমেভিরতিজীবন্ত্রকরম্ম তৈঃ।১৯। এতে চ মধ্য়ব তৃংপ্রতিজ্ঞাপরিপালনায় নিজ্ঞান্থং দ্বিজ্ঞান্দ্র পরিত্যাগং কারিতাঃ।২০। স তথেতি তদ্পুরুবচনমভিনন্দ্য তেষাং বেশান্ত্ম অকারয়ং। যবনান মুভিতশিরদঃ অর্জন্মুণ্ডান্ শকান, প্রাল্থেকান্ পারদান, পালবাংশ্চ শাঞ্ধরান্ নিঃস্বাধ্যায়ব্ষট্কারান্ এতানন্যাংশ্চ ক্রিয়াংশ্চকার। তে চ নিজধর্মপরিত্যাগাদ্ রাক্রিশ্চ পরিত্যক্তা লেছ্তাং যয়ৢঃ। সগরোহিপি স্মধিষ্ঠাননাগন্য অস্থালতচক্রঃ সপ্তদ্বীপব্তী-মিমাম্নীং প্রশান্য। ২১।"

विक्षुत्रतात केंकूर्थाःत्म क्छीत्यावशासः।

দগররাজা কর্ত্ক হন্দ্রীমান শক, যবন, কান্বোজ, পারদ, পহলবগণ, তাঁহার কুলগুরু বশিষ্ঠের শরণাপন্ন হইয়া-ছিল। ১৮। অনন্তর বশিষ্ঠ তাহাদিগকে জাবন্মৃত করিয়া সগরকে কহিলেন, বৎদ। ইহারা জীবনাত। ইহাদিগকে পুনর্কার বিনাশ করিবার নিমিত ইহাদের পশ্চাৎ পশ্চাৎ ধাৰমান হইবার আৰশ্যকতা নাই।১৯। তোমার প্রতিজ্ঞা রক্ষার নিমিত্ত আমি ইহাদিগকে স্বীয় ধর্ম ও দ্বিজসংসর্গ পরিত্যাগ করাইলাম। (তাহাতেই ইহারা জীবন্যুত হই-য়াছে)।২০। সগর তথাস্ত বলিয়া গুরুবাক্য অনুমোদন করিলেন এবং শক যবন প্রভৃতির অন্যবিধ বেশ করিয়া দিলেন। যবনদিগের মস্তক মুগুন করাইলেন, শ**ক**দিগকে অর্দ্ধমুণ্ডিত করিয়া দিলেন, এইরূপ পারদগণকে প্রলম্বিত-কেশধারী এবং পহলবদিগকে শ্রক্রেধারী করিলেন। সগর এই দকল ক্ষজ্রিয় ও অন্য অন্য অনেক ক্ষজিয়কে বেদা ধ্যয়ন রহিত ও যাগাদি ক্রিয়াহীন করেন। ইহারা ধর্ম পরিত্যাগ হেতু ব্রাহ্মণ কর্ত্তক পরিত্যক্ত হইয়া মেচছ ছইল। (বিজয়ী) সগরও নিজ রাজধানীতে আগমপুন র্ব্বক

সপ্তদ্বীপা পৃথিবী শাসন করিতে লাগিলেন। তাঁহার আজ্ঞা বা উদনাগণ কোথাও প্রতিহত হয় নহি॥২১ †

হরিবংশে উক্ত্ আছে।—
"দগরস্থাং প্রতিজ্ঞাপ্ত গুরোকাব্যং নিশমা চ।
ধর্মাং জ্বান তেষাং বৈ বেশান্যভং চকার হা
ক্রিং শকানাং শিরংনা মুগুরিত্বা ব্যম্জুরিং।
যবনানাং শিরং দর্বং কাষোজানাং ক্রথৈন চ॥
পারদা মুক্তকেশাশ্চ প্রক্রবাংশ্যক্রধারিণঃ।
নিঃস্বাধ্যারবষট্কারাঃ ক্রতান্তেন মহাত্মনা॥

সগর বশিষ্ঠ গুরুর বাক্য শ্রবণ করিয়া এই প্রকারে প্রতিজ্ঞা রক্ষা করিলেন। যথা—শক যবন প্রভৃতি সেই দকল রাজাদিগের ধর্ম নফ করিয়াছিলেন এবং অন্য বেশ ধারণ করাইয়াছিলেন। শকদিগের অর্দ্ধশিরোমুগুন করাইয়াছিলেন, যবনদিগের সমস্ত মস্তক মুগুন করাইয়াছিলেন। কাম্বোজদিগেরও মস্তক মুগুন করাইয়াছিলেন। এইরপ পারদদিগকে মুক্তকেশ এবং পহলবদিগকে শাক্রান্ধারী করাইয়াছিলেন। মহাত্মা দগর এই প্রকারে বিপক্ষ ক্ষাত্রিরদিগকে বেদাধ্যয়ন রহিত ও স্বাহাপ্রণব রহিত করাইয়াছিলেন।

আমরা এথানে মন্থ প্রভৃতির কতকগুলি বচন উদ্ধৃত করিলাম। পাঠকগণ ইহার পূর্ব্বাপর সমালোচন পূর্ব্বক স্মৃতিপুরাণের সামঞ্জম্য রাখিয়া বিবেচনা করুন।—

[া] বিষ্ণুপুরাণের অনুবাদ হইতে।

মতু দশন অধ্যায়ে লিথিয়াছেন, ক্রিয়ালোপ হেতু
এবং যাজন অধ্যাপন প্রায়শ্চিতাদি নিমিত্ত রাজণের
অভাব হেতু কতকগুলি ক্ষত্রিয় ব্যলম্ব প্রাপ্ত হইয়াছে।
কোন কোন ক্ষত্রিয় ব্যলম্ব প্রাপ্ত হইয়াছে, তাহা জানাইবার নিমিত্ত পরশ্লোকে লিথিয়াছেন, শক, যবন, কাম্বোজ,
চীন, কিরাত প্রভৃতি দেশজাত ক্ষত্রিয়াণ ব্যলম্ব প্রাপ্ত
হইয়াছে। পরে বলিয়াছেন, ত্রাক্ষণ ক্ষত্রিয় বৈশ্য প্রভৃতিরা
যে কেহ বাহ্য জাতি * প্রাপ্ত হয় তাহারা দস্তা।

শূদ্রত্ব (দ্বিজাতীতরঙ্গাতিত্ব) ছুই প্রকার। তন্মধ্যে কতক-গুলি প্রায়শ্চিত করিয়া পুনর্ববার দ্বিজাতিত্ব লাভ করিতে পারে, কতকগুলি দ্বিজাতিত্ব লাভ করিতে পারে না। তাহারা প্রায়শ্চিত্তের অযোগ্য অক্ষত শূদ্র। যাহারা প্রায়-

^{*} এখানে বাফ্ জাতি শব্দের অর্থ ব্রাহ্মণ ক্ষত্রির বৈশ্য প্রভৃতি দ্বিজাতীতর জাতি অর্থাৎ ব্রাহ্মণাদি দ্বিজাতি ভিন্ন অন্থ জাতি। স্মৃতিশাস্ত্রকর্ত্তারা ব্রাহ্মণাদি দ্বিজাতির ইতর জাতিন্যান্তকেই শূ্দ্রজাতিতে ব্যপদেশ করিয়াছেন। যেহেতু ব্রাহ্মণাদি দ্বিজাতির পৃথক পৃথক বর্ণধর্ম ও আশ্রমধর্ম লিথিয়া "শেষাস্ত শুদ্রবং " অন্থ সমুদার জাতির শূদ্রবং অশ্যেচি, ব্যবহারাদি লিথিয়াছেন। উঞ্জ, কৈবর্ত্ত, স্বর্ণবাণিক, করণ (কারস্থ) মালাকার, স্বর্ণধার, চর্মকার প্রভৃতির জন্ম স্বতন্ত্র ব্যবস্থা লিথেন নাই। ইহাদের শূদ্রবং অশোচাদি। অত্রবর শৃদ্রক্ষাতি বলিলে যেমন ভদস্তর্গত অনেক জাতি বুঝাইতে পারে, তেমন বাহ্ জাতি বলিলে লেও শৃদ্র জাতি বুঝাইতে পারে।

শ্চিত্ত করিয়া দ্বিজাতিত্ব লাভ করিতে পারে তাহাদের নিমিত্ত মনু পুনর্ব্বার একাদশ অধ্যায়ে প্রাজাপত্য ব্রতরূপ প্রায়শ্চিত্তের বিধান করিয়াছেন।

বিষ্ণুপুরাণে ও হরিবংশে কথিত আছে, সগররাজা শক, যবন, কান্বোজ প্রভৃতি দেশীয় ক্লিয়গণকে স্বধর্ম চ্যুত করিয়া এবং দ্বিজ সংসর্গ হীন করিয়া অন্যবেশ ধারণ করাইয়াছিলেন। তাহারা মেচ্ছত্ব প্রাপ্ত হইয়াছে। স্মৃতিপুরাণের একবাক্যতা স্বীকার করিয়া এই সকল বচনের এই তাৎপর্য্য পরিগৃহীত হইতেছে যে, সগর রাজা যে সকল ক্ষল্রিয়গণকে বধর্ম চ্যুত করিয়া এবং দ্বিজ সংসর্গ রহিত করিয়া স্বাধ্যায় ববট্কার হীন অর্থাৎ বিদ্যাধ্যয়ন ও স্বাহা প্রণবের অন্ধিকারী করিয়াছিলেন, মন্তু "শনকৈন্ত ক্রিয়ালোপাৎ" ইত্যাদি বচন দ্বারা তাহাদিগের শুদ্রত্ব প্রাপ্তির কথাই ব্যক্ত করিয়াছেন।

মনুবচনে পৌগু, উড় দ্রবিড়, কাম্বোজ, যবন, শক পারদ পহলব, চীন, কিরাত, দরদ, খদ, এই দাদশদেশীয় ক্ষজ্রিয়দিগের শূদ্র প্রাপ্তির উল্লেখ আছে। বিফুপুরাণে প্রথম শক, যবন, কাম্বোজ, পারদ, পহলব, এই পঞ্চ ক্ষজ্রিয়ের কথার উল্লেখ করিয়া পরে যবন, শক, পারদ, পহলব, এই চতুর্বিধ ক্ষজ্রি-যের মস্তক মুগুন শাক্রাধারণ প্রভৃতি অন্যবিধ বেশধারণের কথা উক্ত আছে। হরিবংশে ঐ শক, যবন, কম্বোজ, পারদ, পহলব, এই পঞ্চ ক্ষত্রিয়েরই অন্য বেশধারণের উল্লেখ দেখা যায়। কাম্বোজ ও যবন উভ্যেরই একবিধ বেশ অর্থাৎ মস্তক মুগুন, অতএব বিফুপুরাণে অন্যবিধ বেশধারণ বিষক্ত্র কাম্বোজের স্বতন্ত্র উল্লেখ না করিয়া যবন শব্দ**ই কাম্বোজের** উপলক্ষণ স্বীকার করা যা**ই**তেছে।

বিষ্ণুপুরাণে প্রথম শক, যবন, কাম্বোজ, পারদ, পহলব, এই পঞ্চবিধ ক্ষত্রিয়ের উল্লেখ করিয়া পরে উক্ত আছে " নিঃস্বাধ্যায়বষট্কারান্ এতানন্যাংশ্চ ক্ষত্রিয়াংশ্চকার " শক, যবন, কাম্বোজ, পারদ, পহলব, এই সকল ক্ষত্রিয়দিগকে এবং অন্য ক্ষত্রিয়গণকেও বেদাধ্যয়ন রহিত ও স্বাহা প্রণব রহিত করিয়াছিলেন। এইক্ষণে স্মৃতিপুরাণের ঐক্য করিতে হইলে এই মীমাংদা করিতে হইবে, দগর রাজা যে সকল ক্ষত্তিয়গণকে বেদাধ্যয়ন-হীন স্বাহাপ্রণক-হীন এবং দ্বিজসংদর্গ-হীন করিয়াছিলেন; মনু, পৌগুকাশ্চোড-দ্রবিড়া ইত্যাদি বচন দারা তাহাদিগকেই নির্দিষ্ট করিয়াছেন অর্থাৎ মনু উক্ত পোগু, উডু, দ্রবিড়, কাম্বোজ, যবন, শক, পারদ, পহলব, চীন, কিরাত, দরদ, খস, এই দ্বাদশবিধ ক্ষত্রি-য়ই সগর রাজ। কর্তৃক অধর্ম চ্যুত হইয়া এবং দ্বিজসংসর্গ হীন হইয়া শ্দ্রত্ব প্রাপ্ত হইয়াছিল, তন্মধ্যে শক যবন কান্দোজ দরদ পহলব, এই পঞ্চিধ ক্ষত্রিয়ের মন্তক মুগুনাদি, দ্বারা সগররাজা বেশান্তর করাইয়াছিলেন। কিন্তু তৎপরে স্বধর্ম চ্যুত পূর্ব্বোল্লিখিত পৌণ্ড উড়ু প্রভৃতি ক্ষত্রিয়েরা সকলেই মেচ্ছত্ব প্রাপ্ত হইয়াছিল। বিষ্ণুগুরাণীয় বচনের শেষভাগে তাহার স্পন্ট উল্লেখ রহিয়াছে। যথা—

'তে চ নিজধর্মপরিত্যাগাদ্ ব্রাক্ষাণেশ্চ পরিত্যক্তা স্লেচ্ছতাংযযুঃ।"
তাহারা স্বধর্ম পরিত্যাগ হেতু ব্রাহ্মণগণ্ কর্তৃক পরি-

ক্ত্যক্ত হইয়া মেচ্ছত্ব প্রাপ্ত হইয়াছিল। এই দকল পতিত ক্ষত্রিয়েরা প্রায়শ্চিতের অযোগ্য।

পাঠকগণ এইক্ষণে পূর্ব্বোক্ত স্মৃতিপুরাণের বচন নিচয়ের তাৎপর্য্য পরিপ্রহ করিয়া অবশ্যই কৃতনিশ্চয় হইতে পারি-বেন, মন্ক্ত "শনকৈস্ত ক্রিয়ালোপাৎ" ইত্যাদি বচনানুসারে কলিতে ক্ষত্রিয় সামান্যাভাব প্রতিপাদন হয় কি না এবং ব্যলহ প্রাপ্ত ক্ষত্রিয়েরা এইক্ষণে কায়স্থ নামে খ্যাত,এ কথা যুক্তি সঙ্গত কি না।

মনুর ''শনকৈস্ত ক্রিয়ালোপাৎ " ইত্যাদি শ্লোকে কলি শব্দের উল্লেখ নাই স্থতরাং মন্তবচন কলিযুগের পর এ কথা বলা যাইতে পারে না। মনু পর শ্লোকে স্পন্ট লিখিয়াছেন, পৌণ্ড উড় প্রভৃতি দেশীয় ক্ষত্রিয়েরা ক্রিয়ালোপ হেতু ও ব্রাক্সণের অদর্শন হেতু শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। ইহাতে অব-শ্যই প্রতীতি হয়, অন্যান্যদেশীয় সমস্ত ক্ষত্রিয়েরা শূদ্রত্ব প্রাপ্ত হয় নাই। যে দকলদেশে যাজন অধ্যাপন প্রায়শ্চি-তাদির নিমিত্ত ব্রাহ্মণের অভাব ছিল। সেই সেই দেশেই ক্ষত্রিয়েরা শূক্তর প্রাপ্ত হইয়াছে। আর্য্যাবর্ত্তে যাজন অধ্যাপন প্রায়শ্চিত্তাদির নিমিত্ত ব্রাহ্মণের অভাব কোন কালেও হয় নাই, স্থতরাং আর্য্যাবর্ত্তবাদী ক্ষত্রিয়গণের পক্ষে পূর্ব্বোক্ত মকুবচন কোন মতেই দঙ্গত হয় না। এজন্য মনুবচনের সহিত বিফুপুরাণের ও হরিবংশের একতা স্বীকার করিয়া অবধারিত হইতেছে, মনুর 'শনকৈস্ত ক্রিয়ালোপাৎ' ইত্যাদি বচন অনুসারে যাহারা শৃদ্রত্ব প্রাপ্ত হইয়াছে, তাহারা এইকণে শ্লেচ্ছ নামক অনাৰ্য্য জাতি বিশেষ হইয়াছে। আৰ্য্য

নন্তানের। তাহাদিগকে স্পর্শ করিলে অশুচি হয়। অতএব সামরা বঙ্গীয় সমাজের কায়স্থগণকে তাদৃশ র্ষলত্ব প্রাপ্ত ক্রিয় বলিতে নিতান্ত অনুচিত বোধ করি, এমন কি যদি কেহ আমাদের প্রিয়তম কায়স্থগণকে মনুবচনানুযায়িক র্যলত্ব প্রাপ্ত ক্রিয় বলেন, তবে আমরা নানাবিধ কারণ বশতঃ নিতান্ত মর্ম্ম পীড়িত হই, এবং আমাদের প্রেমাম্পদ কায়স্থগণকে প্রকারান্তরে তিনি শ্লেচ্ছ বলিয়া গালাগালি দিলেন। এই মনে করিয়া নিতান্ত তুঃগিত হই।

এই উপলক্ষে নাতি বিষয়ক একটি শ্লোক আমার স্মৃতি-পথার ছ হইল, এই স্থলে তাহার উল্লেখনা করিয়া ক্ষান্ত থাকিতে পারিলাম না। কায়স্থ মহোদয়গণ বিশেষ স্মারণ করিয়া রাখিবেন। যথা—

বরং পণ্ডিতশক্রশ্চ নচ মুখে'ণ মিত্রতা। বানরেণ হতে। রাজা বিপ্রচৌরেণ রক্ষিতঃ॥

পণ্ডিত যদি শক্র হয় তাহাও ভাল তথাপি মূর্থের সহিত মিত্রতা ভাল নহে। কোন রাজার একটি প্রতিপালিত বানর তাঁহাকে অজ্ঞতা নিবন্ধন নন্ট করিতেছিল, একজন ব্রাক্ষণ চোর সে সময় রাজাকে রক্ষা করিল।

ধনী কায়স্থগণ বহু অর্থ ব্যয় দারা অনেক চেফী দারা অনেক দলবল সংগ্রহ করিতেছেন। ইহাতে অনেক কু.তবিদ্য (নামে গোয়ালা কাঁজি ভক্ষণ) অনেক চূড়ামণি কায়স্থ বান্ধব হইয়া দণ্ডায়মান হইয়াছেন। তাঁহাদের সাহায্যে কোন কোন কায়স্থ মহোদয় (পরের মুখে চিনি ভক্ষণ) গ্রন্থকান প্রক্রচনা প্রস্কর্রচনা ইত্যাদি দারা কুতবিদ্যু বহুদুশী

অশেষশাক্রাভিজ্ঞ হইয়া সমাজে পরিচিত হইতেছেন।
কারস্থবাদ্ধবেরাও প্রভুরঞ্জনার্প ও স্বার্থদাধনার্থ কাগুজান
শ্ন্যের ন্যায় শশ্ব্যক্ত হইয়া যেথানে যাহা প্রাপ্ত হন
তাহারই সংগ্রহ করিতেছেন। এ দিকে যে "শিব গড়িতে
বানর' হইয়া পড়ে তৎপ্রতি জ্রাক্ষেপও নাই। কায়স্থগণকে ক্ষত্রিয় বলিয়া প্রতিপন্ন করিতে বলা হইতেছে।
য়থা শাস্ত্রামুদারে কলিতে প্রকৃত ক্ষত্রিয় নাই। ক্ষত্রিয়গণ ব্যলম্ব প্রাপ্ত হইয়াছে। দেই ব্র্যলম্ব প্রাপ্ত ক্ষত্রিয়রা
কায়স্থ। তদর্থে মন্ত্রচনেরও সংগ্রহ করা হইয়াছে। কিন্তু
তদ্বারা যে কায়স্থদিগের ম্লেছ্ম্ব প্রতিপাদন হয়, তৎপক্ষে দৃষ্টিনিক্ষেপ করে না। যাহা হউক অদ্রদর্শী লোকেরা
য়াহা ইচ্ছা তাহা বলুক, কিন্তু আমরা আমাদের চিরস্থহ্ছৎ কায়স্থগণকে অন্তর্রোধ করিতেছি, তাঁহারা অনভিত্ত্ব লোকের কথায় মুগ্র হইয়া তাদৃশ কুপথের আশ্রেয়
লইবেন না।

অপরিণামদর্শী আধুনিক কায়স্থ যুবকেরা যদি এ কথা বলেন যে, তাঁহারা "শনকৈস্ত ক্রিয়ালোপাৎ" ইত্যাদি মন্থু বচনান্থুমোদিত র্ষলত্ব প্রাপ্ত ক্ষব্রিয়। এইক্ষণে তাঁহারা গতিপূর্বন পুরুষাচরিত ক্ষব্রিয়োচিত ধর্ম্মের প্রতিপালন করিতে যত্নবান্ হইয়া গলায় যজ্ঞদূত্রেরধারণ করিতেছেন। প্র নামের অন্তে ধোষবর্ম্মা বস্থবর্মা ইত্যাদি লিখিতেছেন। কায়স্থদিগের দাদশাহ অর্ণোচ ব্যবহারে যত্ন করিতেছেন। করুন কিন্তু এতদ্দৃষ্টে অনেকের মনে ঈদৃশ বিতর্ক সমূহ মগুপস্থিত হইতে পারে যে, কায়স্কেরা পতিত ক্ষব্রিয় সন্তান

বলিয়া যদি যজ্ঞসূত্র ধারণ করিতে পারেন, তবে শক যবন কিরাত চীনদেশীয় প্রভৃতিরা যজ্ঞদূত্র ধারণ করিতে পারিবে না কেন ? মনুবচনে স্পৃষ্ট উল্লেখ আছে শক্ যবন, কিরাত, চীনদেশীয় প্রভৃতিরা ক্রিয়ালোপ হেড এবং যজন অধ্যাপন প্রায়শ্চিতাদির নিমিত্ত ব্রাহ্মণের অনুশ্ন হেতু, শূদ্র প্রাপ্ত হইয়াছে। এইক্ষণে কায়স্থেরা ক্ষত্রিয় বলিয়া পরিচিত হইতে পারিলে শক, যবন, কিরাত. চীন প্রভৃতিরা ক্ষত্রিয় বলিয়া পরিচিত হইতে বিশেষ প্রতিবন্ধক কি আছে? বিশেষ, সূক্ষাত্মসন্ধান করিলে দেখা যায়, বর্ত্তমান কায়স্থ জাতি অপেক্ষাও যবন জাতির ক্ষত্রিয়ন্ত্রাধিকারিত্ব অধিকতর সম্ভব পর হইতেছে। যথ ক্ষত্রিয়েরা সাহসী ছিলেন, বর্ত্তমান কায়স্থগণ অপেক যবনের। অধিক সাহসী। ক্ষতিয়েরা বীরপুরুষ ছিলেন বর্ত্তমান কায়স্থগণ অপেক্ষা যবনদিগের অধিক বীরত্ব আচে। ক্ষত্রিয়েরা বিবাদমত্ত ছিলেন, দে বিষয়েও বোধ করি কায়স্থগণ অপেকা যবনদিগের প্রাধান্য আছে। ক্ষত্রিয়ের নিষ্ঠুর ছিলেন, বোধ হয় দে বিষয়েও যবন অপেক্ষা কায়স্থগণের প্রাধান্য হইবে না। স্নতরাং কায়স্থ অপেক্ষা যবন জাতিতে ক্ষত্ৰিয় লক্ষণ অধিক থাকাতে ব্ৰাত্য ক্ষত্ৰিয় সন্তানদিগের মধ্যে ক্ষত্রিয়ন্তাধিকারবিষয়ে কায়ন্ত অপেক্ষা যবন জাতিরই প্রথম সত্ত্ব সাব্যস্ত হইতে পারে। এই ক্ষণে যদি যবনেরা যজ্ঞসূত্রধারণের অথবা ক্ষত্রিয় বলিয়া পরিচয় দেওয়ার ব্যবস্থা চায় তবে কায়স্থবান্ধব কুত বিদ্যেরা ব্যবস্থা দিতে পারিবেন কি না ?

পূর্ব্বোক্ত মতুবচন ও বিষ্ণুপুরাণাদির বচনানুসারে জানা যায়, ক্ষত্রিয় ধর্ম-পরিত্যক্ত কোন এক জাতিবিশে-ষের নাম "শক" দূকু শব্দের অর্থ পুত্র, শকদূকু শব্দের অর্থ শকের পুত্র (শকের সন্তান) সেই শকসূত্র শব্দের অপভংশ শব্দ " দক্দন্ " এইক্ষণে অনেকে অনুমান করেন, বর্ত্মান শক্সন্ জাতিরা সগররাজকর্তৃক দেশান্তরে প্রতাড়িত শকের বংশ। পূর্ব্বতন ক্ষত্রিয়দিগের রীতি-প্রকৃতির তুলনা করিলে অনেক ঐক্য হয়। ক্ষত্রিয়েরা অদীম পরাক্রমশালী, দিখিজয়ী, প্রবলপ্রতাপান্বিত, মহা-শূর। ক্ষত্রিয়েরা পৃথিবীর সমস্ত জাতির উপরে একাধি-পত্য করিয়াছিলেন। বর্ত্তমান শক্ষন জাতীয়েরাও সমস্ত জাতির উপরে একাধিপত্য কবিতেছেন। ক্ষজ্রিয়ের। মহা-গাহদী মহাযোদ্ধা ছিলেন, বর্ত্তমান শক্দন জাতীয়েরাও গহাসাহসী মহাযোদ্ধা। ক্ষত্রিয়কন্যাদিগের স্বয়ন্দ্রা হওয়া প্রথার অনেক অনুরূপ আছে। ক্ষল্রিয়ের। যুদ্ধ, মুগয়া বন-বিহার ইত্যাদি উপলক্ষে সন্ত্রীক যাতা করিতেন, বর্তমান ণকদন জাতীয়েরাও যুদ্ধ, মুগয়া, বনবিহার ইত্যাদি উপ-নক্ষে সন্ত্রীক বহির্গ**ত হন**। পূর্ববতন ক্ষত্রিয়-কন্যারা কেহ কেহ অশ্বারোহণে পটীয়দা ছিলেন, শক্দন জাতীয় কন্যারা-ও অশ্বারোহণে পটীয়দী।ক্ষত্রিয় রাজাদিগের মধ্যে জ্যেষ্ঠ পুত্রই রাজ্যাধিকার প্রাপ্ত হইত, শক্ষন জাতির মধ্যেও জ্যেষ্ঠ পুত্র রাজ্যাধিকার প্রাপ্ত হন। পূর্ব্বতন ক্ষত্রিয় রাজারা যতিশয় মুগয়ারুচি ছিলেন, বর্তমান শক্সন জাতীয়েরাও বলক্ষণ মুগয়ারুচি। এই প্রকারে পূর্ব্বতন ক্ষল্রিয়দিগের

সহিত বর্ত্তমান শকদন জাতির অনেক দাদৃশ্য লক্ষিত হয় এইক্ষণে তাহাদিগকে বর্ম্মা লিখিতে পারা যায় কি না এবং ভারতবর্ষে ব্রাহ্মণ জাতির পরেই শকদন জাতিকে উৎকৃষ জাতি বলিয়া মান্য করা যায় কি না ?

কায়স্থ বান্ধবেরা এইক্ষণে যদি পূর্ব্বোক্ত যুক্তি সকলে: অবলম্বন করিয়া কতকগুলি প্রাচীন গ্রন্থের ধ্বনি পূর্বাং কতকগুলি সংস্কৃত বচন রচনা দ্বারা কতিপয়, চটি পুস্তকে: প্রচার করেন অথবা এমন এক ব্যবস্থা পত্রের প্রচার করেন যে, শক্ষন জাতি ক্ষত্রিয়জাতি, তাহাদের যজ্ঞোপবীতে অধিকার আছে এবং বর্মা উল্লেখের অধিকার আছে: তাহা রাও দ্বিজ শব্দবাচ্য হইতে পারে। তবে কায়স্থ বান্ধবগণে বিশেষ খ্যাতি লাভ ও বিশেষ উপকার লাভ হওয়ার সম্ভব। কালবশতঃ ভাগ্যক্রমে যদি শক্ষন জাতির মধ্যে একজনেঃ গলাতেও একবার যজ্ঞসূত্র ধরাইতে পারেন, তবে ইয়ো রোপ খণ্ডে পর্যান্ত সম্মানিত হইতে পারিবেন। ভারতবর্গে অদাধারণ ক্লতবিদ্য-খ্যাতি লাভ করিতে পারিবেন, নানা প্রকারে স্বার্থনাধন হইবে, এমন কি, সহস্র গোপাল দেবার ফল একজন শকদন জাতীয় লোক দারাই হইতে পারিবে। বিশেষ পুনমু দ্রিত শব্দ কল্পজ্ঞামে নিম্নদেশে ক্ষুদ্রা ক্ষরে কতকগুলি সংস্কৃত কবিতা লিখিয়া দিতে পারিলে ভারতবর্ষীয় শাস্ত্রীয় গোরবেরও রুদ্ধি হইবে।

কায়স্থ বান্ধবেরা বলেন, যম বচন দারা প্রমাণিত হই তেচে, কলিযুগে ব্রাহ্মণজাতি ও শূদ্জাতি ভিন্ন অন্য কোন জাতি নাই।

यस्त्रवहनः यथा ।

যুগে জঘন্যে ছে জাতী ব্ৰাহ্মণঃ শূদ্ৰ এব হি।

জঘন্যযুগে (কলিযুগে) ব্রাহ্মণ আর শূদ্র, এই তুইটি নাত্র জাতি আছে অর্থাৎ ইদানীং ক্ষল্রিয় বৈশ্য অন্ধ্র্ প্রভৃতিরা স্বধর্মচ্যুত হইয়া দকলেই শূদ্রবৎ হইয়াছে, স্থতরাং নম বচনে কলিযুগে কেবল ব্রাহ্মণ জাতির ও শূদ্রজাতির নির্দেশ রহিয়াছে।

জামরা যমসংহিতার আদ্যন্ত পাঠ করিয়া দেখিলাম, "যুগে জঘন্যে ছোভী ব্রাহ্মণঃ শুদ্র এব হি।"

এই শ্লোকাৰ্দ্ধ যমসং হিতার কোন স্থানেও প্রাপ্ত হইলাম না। পরিশেষে অনুসন্ধান দ্বারা জানিলাম, যমচন্দ্রনামক একজন প্রাচীন কবি ছিলেন। তিনি "কলিধর্ম্মোদয়"
নামক এক নাটকের প্রণান্ন করেন। তাহাতে ঐ শ্লোক
লেখা আছে।

প্রায় দ্বাত্রিংশৎ বংশর অতীত হইতে চলিল, পূর্বব-দেশে চট্টলনগরে রাজকর্মচারী নানাদেশীয় কায়স্থ একত্র হইয়া কল্পনাদেবীর প্রদাশং একদার ক্ষজ্রিয় বৈশ্য অন্ধষ্ঠ প্রভৃতি দিজাতির বিরুদ্ধে উথিত হইয়াছিলেন। তাঁহারা কতকগুলি স্বান্ধ প্রতিপালিত পণ্ডিত বেশধারী ভট্টাচার্য্য নামধেয় ভূতলদেবতার সাহায্যে বলিয়াছিলেন, আস্থান ভিন্ন অন্য আর্য্যসন্তানেরা সকলেই কলিতে কায়স্থ শূদ্রের ভূল্য। এই ক্ষণে আর তাহাদের উপনয়ন সংস্কার নাই। বিশেষতঃ বৈদ্যেরা দ্বিজশন্দ বাচ্য নহে ও কায়স্থ শূদ্রের ন্যস্য নহে। ইহার প্রকৃতাবধারণ অভিলাধে বঙ্গদেশের মধ্যে

স্মতিশাস্ত্রে দর্ববিপ্রধান পণ্ডিত বিক্রম পুর নিবাদী শ্রীয়ত কালীকান্ত শিরোমণির নিকটে কায়স্থেরা অনুকূল ব্যবস্থার প্রার্থনা করাতে পণ্ডিতপ্রধান শিরোমণি অনুকূল ব্যবস্থা না-দিয়া বলিয়াছিলেন, মন্বাদি শাস্ত্র অনুসারে ক্ষজ্রিয় বৈশ্য অম্বর্চ ইহারা সকলেই দ্বিজশব্দ বাচ্য, এবং উপনয়ন সংস্কারের অধিকারা। কলিতে স্বধর্মনিরত ক্ষল্রিয় বৈশ্য ও অম্বর্চের একেবারে অভাব হয় নাই, বিশেষ অম্বর্চেরা কায়স্থ শৃদ্রের নমস্য বটে। ধনগর্বিত কায়স্থগণ তাহাতে অসন্তম্ট হইয়া ধর্মশাস্ত্রবিশারদ কালীকান্ত শিরোমণির অপমান করেন। তৎপরে নবদ্বীপ বিক্রমপুর প্রভৃতি পণ্ডিত-প্রধান দেশে উল্লিখিত বিষয়ের আন্দোলন হইয়া নানাবিধ শাস্ত্রাবলম্বন পূর্ব্বক পুনঃপুনঃ বিচার হয়। সমস্ত পণ্ডিত একত্র হইয়া বিচার দারা স্থির করিয়াছিলেন, কলিতে সমস্ত ক্ষত্রিয় বৈশ্য অন্বর্চের। শূদ্র প্রাপ্ত হয় নাই, ক্ষত্রিয় বৈশ্য ও অম্বর্ষ্টেরা দ্বিজশব্দ বাচ্য, উপনয়নের অধিকারী. এবং কায়স্থ শূর্দ্র প্রভৃতির নম্স্য ۴

^{*} প্রবাদ আছে, নবদীপ প্রভৃতি নানা দেশীর পণ্ডিতণণ একবাক্য হইরা যখন এই ব্যবস্থা দিলেন যে, ক্ষত্রিয় বৈশ্য অম্বর্গ প্রভৃতিরা দিজ শব্দবাচ্য, উপন্যনের অধিকারী; কায়স্থ শূদ অপেক্ষা শ্রেষ্ঠ ও কায়স্থ শূদ্দের নমস্য এবং যে সকল বৈস্তোরা উপনয়নহীন হইয়াছে, তাহারা প্রায়শ্চিত্ত করিয়া পুনর্কার উপ-নীত হইতে পারে। সে সময়ে কায়স্থ জাতীর রাজা রাজনারায়ণ অভিমানে অবৈর্য্য হইয়া বৈজ্যজাতি অপেক্ষাও শ্রেষ্ঠ ক্ষত্রিয়বর্ণ

যে সময়ে নানাদেশীয় পণ্ডিতেরা কায়স্থদিগের অভীষ্ট-প্রতিকৃলে ব্যবস্থাপত দান করিতে লাগিলেন, দে সময়ে কায়স্থগ**ণ অন্যস্থানী**য় পণ্ডিতগণের আশ্রয় না পাইয়া কলিকাতানিবাদী পণ্ডিতবর কান্তিচন্দ্রের শরণাপন্ন হন। পণ্ডিতশ্রেষ্ঠ কান্তিচন্দ্র কায়স্থগণের অনুরোধ ও অর্থবশ ছইয়া চতুরতা পূর্ব্বক এক ব্যবস্থাপত্র লিখিয়া দেন। ঐ ন্যবস্থাপত্তে ''যুগে জঘন্যে দে জাতী ব্ৰাহ্মণঃ শূদ্ৰ এব হীত্যাদি যমবচন " ইত্যাদি লেখা থাকে। পণ্ডিতবর চতুর কান্তিচন্দ্র উল্লিখিত শ্লোকার্দ্ধকে যমবচন বলিয়া লিখিয়া-ছিলেন, তাহা বাস্তব মিথ্যা নহে। যমচন্দ্রনামক কোন হইতে যত্নবান্ হন ৷ বৈদ্য জাতির ভার প্রায়শ্চিত করিয়া উপনীত ছওয়ার চেফা করেন, কায়স্থকেস্তিভ গ্রন্থের সৃষ্টি হয়।জনাই নিবাদী অভয়াচরণ তর্কালস্কার দ্বারা, "কায়স্থঃ ক্ষল্রিয়ো বর্ণো ন চ শূদিঃ কদাচন" এই বচন রচিত হয়, এক ব্যবস্থাপতা লিখিত হয়। ভর্কালঙ্কার মহাশয় এ ব্যবস্থাপত্তে সাক্ষর করিয়া এতদ্দেশে স্থানে স্থানে পণ্ডিভমণ্ডলীতে অসমানিত হন। পরে তিনি ''কায়স্থঃ ক্ষত্রিয়োবর্ণোন চ শূড়েঃ কদাচন '' এই বচন রচনার ও ব্যবস্থাপত্রের দক্ষিণা স্বরূপ সহস্ত মুক্রা প্রাপ্ত হইয়া স্বদেশ পরিত্যাগ করিয়া কাশী যাত্রা করেন। সংপ্রতি প্রম্পরায় একত হওয়া যাইতেছে, দ্রীশ্রীত কাশীধামেও কয়েকজন অর্থলোভা পণ্ডিত ধনের বশ হইয়া কায়স্থদিগের অভীফানুমোদক ব্যবস্থাপত্র লিখিতে উদ্যত হইয়াছিলেন। পরে তাঁহারা কাশীরাজ দ্মীপে

নিন্দনীয় ছওয়াতে তাদৃশ ব্যবস্থাপত্র লিখিয়া স্বাক্ষর করিতে

शारतन नाइ।

প্রাচীন কবি স্বকৃত কলিধর্মোদয়নামক নাটকে ঐ বচন রচনা করিয়া লিখিয়াছেন, অতএব কান্তিচন্দ্র যে যমবচন ধলিয়া লিখিয়াছেন, তাহা সত্যই প্রকাশ পাইতেছে। কায়স্থপক্ষীয়েরা কান্তিচন্দ্রের চতুরতা বুঝিতে না পারিয়া বিংশতি স্মৃতিসংহিতার অন্যতম যমসংহিতার বচন মনে করিয়া ধর্মণাস্ত্রের বিচারস্থলে 'যুগে জঘন্যে দে জাতী ব্রাহ্মণঃ শূদ্রেব হি" এই শ্লোকার্দ্রের প্রামাণ্য স্থীকার করিতে ব্যগ্র হইতেছেন।

প্রাচীন কবি যমচন্দ্রকৃত কলিধর্মোদয়নামক নাটক হইতে পণ্ডিতবর কান্তিচন্দ্র যে শ্লোকার্দ্ধ উদ্ধৃত করিয়াছিলেন, আমরা সেই সম্পূর্ণ শ্লোক এম্বলে উদ্ধৃত করিতেছি। যথা—

''যুগে জঘন্যে দ্বে জাতী ব্ৰাহ্মণঃ শৃদ্ৰ এৰ হি। ত্যক্ত্বা স্বধৰ্মকৰ্মাণি প্ৰধৰ্ম্বতাৰুভৌ॥"

জঘন্য যুগে (কলিযুগে) ব্রাহ্মণ জাতি ও শৃদ্জাতি ইহার। স্বকীয় ধর্ম কর্ম পরিত্যাগ করিয়া পর ধর্মে রত হইবে। এই বচনের পূর্ব্বার্দ্ধের এমত তাৎপর্য্য নহে যে, কলিতে ব্রাহ্মণ আর শৃদ্র, এই ছুই জাতিমাত্র থাকিবে, অন্য কোন জাতি থাকিবে না। যদি শ্লোকের পূর্বার্দ্ধের তাদৃশ তাৎপর্য্য গ্রহণ করা হয় তবে পরার্দ্ধ দারাও এই তাৎপর্য্য পরিগৃহীত হইতে পারে যে, ব্রাহ্মণদিগের স্বধর্ম কর্ম্ম ত্যাগ করিয়া পরধর্মে রত হওয়া কর্ত্ব্য।

যদিচ আমরা দেখিতেছি, ইদানীস্তন অনেক অবিবেক-মত ব্রাহ্মণ যুবক পূর্ব্ব পুরুষোচিত ধর্ম্ম যজ্ঞসূত্র ধারণ ও সন্ধ্যা বন্দনাদি নিত্য নৈমিত্তিক ক্রিয়া সকলের পরিত্যাগ করিতেছেন এবং অবিবেকমত্ত শূদ্রেরা পূর্ব্ব পুরুষোচিত দ্বিজাতি সেবা পরিত্যাগ করিয়া দাস উল্লেখ পরিত্যাগ ় করিয়া যজ্ঞসূত্র ধারণ পূর্ব্বক স্বাহা প্রণবের উচ্চারণ করিতে চাহেন, বর্মা উল্লেখ করিতে চাহেন, কিন্তু ঐ সকল নিন্দিত কর্ম্ম ধর্মশাস্ত্রানুমোদিত বিধিবোধিত নহে। তাদৃশ পাপ কর্ম্ম দকল পাপময় কলির স্বভাব বশতঃ হইতেছে। কলির স্বভাব বশতঃ মনুষ্যেরা ক্রমে ক্রমে স্বধর্ম পরিত্যাগপূর্বক অবৈধ কর্মে রত হইয়া নিরয়গামী হইবে, এই সকল তাহারই অনুষ্ঠান। শাস্ত্রজ্ঞ ব্যক্তিরা ও ধর্মভীত ব্যক্তিরা তাদৃশ তুকার্য্যের অনুমোদন করেন না বা তাদৃশ কার্য্যে রত হন না। ত্রাক্ষণ জাতির যজ্ঞসূত্র পরিত্যাগ ও সন্ধ্যাবন্দনাদি পরিত্যাগ যেমন শ্রুতি স্মৃতি বিরুদ্ধ ও অধঃপতনের কারণ. শূদ্র জাতিরও তেমন যজ্ঞসূত্র ধারণ পূর্বক স্বাহা প্রণবের উচ্চারণ শ্রুতিস্মৃতি বিরুদ্ধ ও অধ্ঃপতনের কারণ। শ্রুতিতে উক্ত আছে।

সাবিত্রীং প্রাণবং যজুল ক্ষীং স্ত্রীশূদ্রোনে চ্ছান্তি যদি জানী-যাৎ স মৃতে হিধোগচ্ছতি।

ইতি তিথিতত্ত্বোদ্ধৃত শ্রুতিপ্রমাণম্।

সাবিত্রী (গায়ত্রী) প্রণব, বেদ, শ্রীবীন্ধ, এই সকলের উচ্চারণ করিতে স্ত্রীর ও শৃদ্রের অধিকার নাই। যদি উহারা ঐ সকল জানে অর্ধাৎ স্ত্রীও শূদ্র যদি গায়ত্রী প্রণব বেদ প্রভৃতির পাঠ করে, তবে মরণান্তে উহাদের অধো-গতি হয়।

"প্রণবোচ্চারণাদ্ধে মাচ্ছালগ্রামশিলার্চ্চনাং। ব্রাহ্মণীগমনাকৈর শূদ্রশ্চাণ্ডালতাং ব্রক্তেং॥ ইতি কুঞ্চানন্দপৃত তন্ত্রসার বচনম।

প্রণবের উচ্চারণ, হোম, শালগ্রামের পূজা, ব্রাহ্মণাগমন, শৃদ্র এই সকল কর্ম করিলে চণ্ডালত্ব প্রাপ্ত হয়। এই সকল প্রমাণ সত্ত্বেও যথন অন্ধিকারীরা প্রণবের অধিকারী হইতে যত্নবান্ হইতেছেন, তথন উহা কালস্বভাব ভিন্ন আর কি বলা যাইতে পারে।

বস্তুতঃ কলিধর্ম্মোদয় নাটকে ''যুগে জঘন্যে দ্বে জাতা" ইত্যাদি যে শ্লোক উক্ত আছে, তাহা কলির বিধিবোধক নহে, ঐ সকল কলির নিন্দা শ্রুতিমাত্র। যেমন—

অহস্কারগৃহীতাশ্চ প্রকীণন্মেহবান্ধবাঃ। বিপ্রাঃ শুদ্রসমাচারাঃ সন্তি সর্ব্বে কলো যুগে॥

কলিকালে ব্রাহ্মণেরা অহঙ্কারী হইবেন, বান্ধবগণের প্রতি স্নেহহীন হইবেন, এবং শূদ্রাচারী হইবেন। এই বচনের এমন তাৎপর্য্য নহে যে, কলিকালের ব্রাহ্মণিদিগের অহঙ্কারযুক্ত ও স্নেহশূন্য হওয়া কর্ত্তব্য এবং শূদ্রবৎ আচার কর্ত্তব্য। ঐ বচনে কলির নিন্দা শ্রুতিমাত্র হই-তেছে। ইহার তাৎপর্য্য, এই পাপময় কলির স্বভাবনশতঃ ব্রান্সণেরা অহস্কারী, স্নেহশূন্য ও শূদ্রাচারী হইয়া পাপিষ্ঠ হইবেন।

তথা হি অধ্যাত্মরামায়ণে।
"যে পরেষাং ভৃতিপরাঃ ষট্কর্মাদি-বিবর্জ্জিতাঃ।
কলৌ বিপ্রা ভবিষ্যন্তি শূদ্রা এব বরাননে॥" ইত্যাদি
কলিতে ভ্রাহ্মণেরা পরের চাকরি লইবে, ভ্রাহ্মণেরা স্বধ্য ঘটকর্মা বিবর্জিত হইবে এবং শূদ্ভুল্য হইবে।

তথা হি প্রীমন্তাগবতে দ্বাদশস্কলে দ্বিতীয়াধ্যায়ে।
"যদা পাপবশান্মর্ত্যাস্ত্যক্তধর্মা বস্কলরে।
কলৌ স্লেচ্ছত্বমাপনাঃ প্রায়শো রাজশাসনাং॥
সন্ধ্যাবিহীনা বিপ্রাঃ স্থান্থ তিকর্মারতা মহি।
ক্ষত্রবিশ্যাদিকর্মাণঃ শুদ্রাচারা অপি দ্বিজাঃ॥
দ্বিজ্বেবাচ্যুতাঃ শুদ্রা ভবিষ্যাস্তি কলৌ যুগে।
পরদাররতাঃ সর্ব্বে হিংসাপৈশুন্যসংযুতাঃ॥
সর্কাংসহে ভবিষ্যস্তি শিববিষ্ণুবিনিদকাঃ।

হৈ বস্তন্ধরে ! কলিযুগে প্রায় মকল মনুষ্ট্রোই রাজশাসনবশতঃ স্বধর্ম ত্যাগ করিয়া মেজ্ছ প্রপ্রাপ্ত হইবে । প্রান্ধলেরা সন্ধ্যাবিহীন ও সেবাকর্ম (চাকরি) করিবে এবং
ক্ষিত্রের বৈশ্যের কর্ম করিবে, শূদাচারে রত হইবে । শৃদ্রেরা
দ্বিজ্সেবা করিবে না, প্রায় সকলেই পরদাররত হইবে,
হিংসাপৈশুন্যযুক্ত হইবে, এবং শিবনিন্দা ও বিষ্ণুনিন্দা
করিবে ।

পূর্কোল্লিথিত বচননিচয়ে যাহা যাহা উক্ত হইল তৎ-দমুদয় কলির বিধেয় কর্মা নহে, ঐ সকল বচনের তাৎপর্য্য এই, পাপময় কলিতে ব্রাহ্মণাদির। তাদৃশ পাপকর্ম দ্বারা পাপিষ্ঠ হইবে। এই সকল কলির নিন্দা শ্রুতিমাত্র। তেমন কলিধর্মোদয় নাটকের "যুগে জঘন্যে দ্বে জাতী" ইত্যাদি বচন দ্বারাও কেবল কলির নিন্দাশ্রুতি হইতেছে: কলিতে ব্রাহ্মণ শৃদ্র ভিন্ন অন্য জাতি নাই, ঈদৃশ তাৎপর্য্য-সূচক নহে।

কায়স্থান্ধবেরা বলেন, বিষ্ণুবচন দ্বারা নিশ্চিত হই-য়াছে, কলিতে বৈদ্যজাতিরা পুনঃ পুনঃ জিয়ালোপ হেডু শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে।

বিষ্ণুবচন্ং যথা—

শটনঃ শটনঃ ক্রিয়ালোপাদথ তা বৈদ্যজাতয়ঃ। কলো শূদ্রসাপনা যথা কলো যথা বিশঃ॥"

বেমন পুনঃ পুনঃ ক্রিয়ালোপহেতু ক্ষজ্রির বৈশ্যের।
শূজের প্রাপ্ত হইগাছে, তেমন পুনঃপুনঃ ক্রিয়ালোপহেতু
বৈদ্যজাতিরাও শূজের প্রাপ্ত হইয়াছে।

আমরা যমদংহিতার আদ্যন্ত পাঠ করিয়া যেমন 'যুগে জঘন্যে দে জাতী'' ইত্যাদি বচন প্রাপ্ত হই নাই, তেমন বিষ্ণুদংহিতার আদ্যন্ত পাঠ করিয়াও "শনৈঃ শনৈঃ ক্রিয়া লোপাৎ" ইত্যাদি বচন প্রাপ্ত হই নাই। পণ্ডিতবর কান্তি-চন্দ্র স্বকীয় ব্যবস্থাপত্রে বিষ্ণুবচন বলিয়া ছুইটি শ্লোক লিথিয়াছিলেন "শনৈঃ শনৈঃ ক্রিয়ালোপাৎ " ইত্যাদি শ্লোক তাহারই অন্যতর।

কান্তিচন্দ্রের ব্যবস্থাপত্রে লিখিত শ্লোকদ্বয় বিষ্ণুসংহি-

তার নহে, কিন্তু তিনি কোন্ গ্রন্থ হইতে ঐ শ্লোকষ্ম উদ্ধৃত করিয়াছিলেন, আমরা অদ্য পর্যন্ত তদ্বিষয়ে কৃত্রন্দের হইতে পারি নাই। যাহা হউক পণ্ডিতপ্রধান কান্তি-চন্দ্র ইহাতেও বিলক্ষণ চতুরতা প্রকাশ করিয়াছেন। অনুবোধ ও ধনের বাধ্য হইয়া অপরিচিত-ধর্মশাস্ত্র কায়স্থ-গণের মনস্তুষ্টি জন্মাইয়াছেন, অথচ শাস্ত্রমর্য্যাদা লজ্মন না করিয়া পণ্ডিতসমাজে বিচারমুখে নির্দোষী রহিয়াছেন। পাঠকগণের বিদিতার্থ আমরা এখানে কান্তিচন্দ্র লিখিত বচনদ্বয়ের সমালোচন করিতেছি। ইহাতেই কান্তিচন্দ্রের অসাধারণ চতুরতা প্রকাশ হইবে এবং যাঁহারা কান্তিচন্দ্রের কুহকে পড়িয়া বিমুদ্ধ হইয়াছেন তাঁহাদেরও ভ্রম দূর হইবে।

ভদ্বচনে যথা।

'তেপোযোগাৎ পুর। বৈদ্যান্তেজসা পিতৃবং স্তাঃ। বিপ্রাৎ ক্ষত্রাদ্যতো স্থানাঃ ক্রিয়য়া বৈশ্যবং ক্ষতাঃ॥ শনৈঃ শনৈঃ ক্রিয়ালোপাদথ তা বৈদ্যজাতয়ঃ। কলৌ সূদ্ত্রমাপন্না যথা ক্ষত্রা যথা বিশঃ॥"

পূর্বকালে বৈদ্যের। তপদ্যা প্রভাবে পিতৃসদৃশ ছিল, অর্থাৎ ব্রাহ্মণের সদৃশ ছিল, পরে ক্রিয়াদ্বারা তাহার। বাহ্মণ ও ক্ষত্রির হইতে ন্যুন বৈশ্যবৎ ত্ইরা পড়ে। এক্সণে কলিতে পুনঃপুনঃ ক্রিয়া লোপ হেতু সেই বৈদ্যজাতির। ক্ষত্রিও বৈশ্যের ন্যায় শুদ্রম্ব প্রাপ্ত হইয়াছে।

উক্ত বচনদারাও ঈদৃশী উপলব্ধি হয় না যে, কলিতে সমুদায় বৈদ্যজাতি শূদ্র প্রাপ্ত হইয়াছে। যেহেতু উল্লি- থিত বচনে কথিত হইয়াছে, ক্ষজ্রিয় বৈশ্যের। যেমন শুদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। ক্ষজ্রিয় ও বৈশ্য উপমান * বৈদ্য উপমেয় ণ । উপমানে বাদৃশ জ্ঞান হইবে, উপমেয়েও তাদৃশ জ্ঞান হইবে। উপমানের অপ্রসিদ্ধি থাকিলে উপমেয়েরও অপ্রসিদ্ধি হয়। কলিতে যদি সমুদায় ক্ষজ্রেয় জাতি ও সমুদায় বৈশ্য জাতি পূদ্রত্ব প্রাপ্ত হইয়া থাকে তবে কলিতে সমুদায় বৈদ্যজাতিও পূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। যদি কোন দেশীয় কতিপয় ক্ষজ্রেয় বা কতিপয় বৈশ্য শৃদ্রত্ব প্রাপ্ত হইয়া থাকে, তবে বৈদ্যজাতির মধ্যেওকোন দেশীয় কতিপয় বাজির মধ্যেওকোন দেশীয় কতিপয় ব্যক্তিমাত্র শৃদ্রত্ব প্রাপ্ত হইয়া থাকে, তবে বৈদ্যজাতির মধ্যেওকোন দেশীয় কতিপয় ব্যক্তিমাত্র শৃদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। ক্ষজ্রিয় বৈশ্যের শৃদ্রত্ব প্রাপ্তির থাকি অপ্রসিদ্ধি হয়, তবে বৈদ্যজাতির শৃদ্রত্ব প্রাপ্তিরও অপ্রসিদ্ধি। তাহা হইলে উপমান উপমেয় ভাব থাকিতে পারে, ইহার অন্যথা হইলে ব্যভিচার দোষ ঘটে। এইক্ষণে দেখা যাউক, ক্ষজ্রেয় বৈশ্যের শৃদ্রত্ব প্রাপ্তি কতদূর সঙ্গত হয়।

পূর্ব্বে কথিত হইয়াছে—পোগু, উড়, খদ, দ্রবিড়, শক, যবন, কাম্বোজ, চীন, দরদ, প্রভৃতি দেশবাদী ক্ষজ্রিয়েরা পুনঃ পুনঃ ক্রিয়ালোপহেতু এবং ব্রাহ্মণের অদর্শনহেতু শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে, ইহা মনু নির্দ্দিউ করিয়াছেন।

উপমীয়তে সদৃশঃ ক্রিয়তে যেন ততুপমানম্।

য়াহার সহিত সদৃশ (তুলনা) করা হয় তাহার নাম উপমান।

কিউপমীয়তে সদৃশঃ ক্রিয়তে য়ৎ ততুপময়য়য়্।

য়াহাকে সদৃশ (তুল্য) করা য়য় তাহার নাম উপয়য়য়।

তত্তির সমস্ত দেশাবচ্ছেদে ক্ষজ্রিজাতির পুদ্রত্ব প্রাপ্তির কথা কোন স্মৃতিগ্রন্থে উক্ত হয় নাই। বিশেষ কোন দেশা-বচ্ছেদে বৈশ্যজাতির শৃদ্রত্ব প্রাপ্তির কথাও কোন শাস্ত্রে দৃষ্ট হয় না। স্থতরাং ক্ষজ্রিয় বৈশ্যের ন্যায় সমুদায় বৈদ্য জাতি শৃদ্রত্ব প্রাপ্ত হইয়াছে, একথা সঙ্গত হয় না।

নমুস্থাতিতে কতকগুলি ব্রাত্য ক্ষজ্রিয় ও কতকগুলি ব্রাত্য বৈশ্যের উল্লেখ আছে সত্য, কিন্তু ব্রাত্য ক্ষজিয়ের ও ব্রাত্য বৈশ্যের উল্লেখের ন্যায় কতকগুলি ব্রাত্য ক্ষজিয়ের উল্লেখ আছে। ঝল্ল মল্ল করণ প্রভৃতিরা ব্রাত্য ক্ষজিয়ের সন্তান। স্থধাচার্য্য প্রভৃতি ব্রাত্য বৈশ্যের সন্তান। ভূজ্য-কণ্টক প্রভৃতিরা ব্রাত্য ব্রাক্ষণের সন্তান। ইহারা পরস্পর বিভিন্ন জাতি, এই সকল কারণ বশতঃ ব্রাক্ষণ ক্ষজিয় বৈশ্যের ব্রাত্যতা বিষয়ক বচনের সহিত "শনৈঃ শনৈঃ ক্রিয়ালোপাদথ তা বৈদ্যজাত্যঃ" ইত্যাদি বচনের উপমান উপমেয়ভাব সঙ্গত হয় না।

যদি বলেন ''শনকৈস্ত ক্রিয়ালোপাদিমাঃ ক্ষত্রিয়জাতয়ঃ» ইত্যাদি মনু বচনে ক্ষত্রির শব্দ ও বৈশ্য শব্দের উপলক্ষণ * স্বীকার ক্রিয়া দেই বচনের এই প্রকার অর্থ ক্রিতে

^{*} স্বপ্রতিপন্নত্বে সতি স্বেতরপ্রতিপাদকত্বম্ উপলক্ষণত্বম্।
স্বাৰ্থ প্রতিপন্ন থাকিয়া যে অপরের প্রতিপাদক হ্র তাহাকে
উপলক্ষণ বলে। ক্ষত্রিয় শব্দ স্বপ্রতিপাদক (ক্ষত্রিয় প্রতিপাদক)
থাকিয়া বৈশ্যেরও প্রতিপাদক হইল অত্রব ক্ষত্রিয় শব্দ বৈশ্যের
উপলক্ষণ হইল।

হইবে, পুনঃ পুনঃ ক্রিয়া লোপহেতু বক্ষ্যমাণ ক্ষক্রিয় বৈশ্য জাতিরা শৃদ্রত্ব প্রাপ্ত হইয়াছে, তাহা হইলে মনুবচনের সহিত "শনৈঃ শনৈঃ ক্রিয়ালোপাদথ তা বৈদ্যজাতয়ঃ" ইত্যাদি বচনের উপমান উপমেয় ভাব সঙ্গত হইতে পারে।

যদিও ক্ষন্তিয় শব্দ বৈশ্যের উপলক্ষণ স্বীকার করা বায় তথাপি মন্ত্র "শনকৈস্ত ক্রিয়ালোপাৎ" ইত্যাদি বচনে কলিশব্দের উল্লেখ নাই। বিশেষ বিষ্ণুপুরাণ ও হরিবংশের সহিত ঐক্য করিয়া জানা যায়, সত্যযুগে সগররাজা যে সকল শক, যবন প্রভৃতি দেশবিশেষবাদী ক্ষ্ত্রিয়দিগকে আচারহীন ও দ্বিজনংস্গরহিত করিয়াছিলেন, তাহারাই ক্রিয়ালোপহেতু ও ব্রাক্ষণের অদর্শনহেতু শূর্দের প্রাপ্ত হইয়াছে। মন্ত্রুণাতেও সেই সকল ক্ষ্ত্রিয়াভির শূদ্রত্ব প্রাপ্তির কথা লিখিত আছে, স্থতরাং মনুবচন সত্য যুগপর বোধ হয়।

"শটনঃ শটনঃ ক্রিয়ালোপাদথ তা বৈদ্যজাতয়ঃ।"

ইত্যাদি বচনে কলিশব্দের উল্লেখ আছে, অতএব উভয় বচনে পরস্পর যুগভেদের প্রতীতি হওয়াতে উপমান উপ-মেয়ভাব স্থানস্থত হয় না।

'' তুষান্ত ছুর্জ্জনাঃ" ছুর্জ্জনেরা সম্ভোষ যুক্ত থাকুন।

যদি চ আমরা ''শনকৈস্ত ক্রিয়ালোপাৎ" ইত্যাদি মনু-বচনের সহিত ''শনৈঃ শনৈঃ ক্রিয়ালোপাৎ " ইত্যাদি বচ নের উপমান উপমেয় ভাব স্বীকার করি, তথাপি পৃথিবীস্থ সমস্ত বৈদ্য জাতির শৃদ্রত্ব প্রাপ্তির উপলব্ধি হয় না। স্বাকার করিলাম, শক, যবন, কান্ধোজ প্রভৃতি দেশীয় ফরিয়ের। ক্রিয়ালোপহেতু শুদ্রত্ব প্রাপ্ত হইয়াছিল। সেই দেই দেশের বৈশ্যেরাও ক্রিয়ালোপহেতু শুদ্রত্ব প্রাপ্ত হইয়াছিল। বৈদ্যরাই শুদ্রত্ব প্রাপ্ত তত্তদ্দেশবাদী বৈদ্যেরাই শুদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। যে দকল দেশে ক্রিয়েরা শুদ্রত্ব পায় নাই, যে দকল দেশে বৈশ্যেরা শুদ্রত্ব পায় নাই, সেই দেই দেশে বৈদ্যেরাও শুদ্রত্ব প্রাপ্ত হয় নাই, এ কথা স্বাকার না করিলে উপমান উপমেয়ভাব কোন মতে দক্ষত হইবে না। যে দেশের ক্রিয় নৃপতিরা আচারহীন হইয়াছেলেন, সেই দেশের বৈশ্য ও অন্তর্পেরা আচারহীন হইয়াছেলেন, ইহাই যুক্তিদক্ষত ও দম্ভবপর বেধি হয়।

ইহা অনুভবিদিদ্ধ ও প্রত্যক্ষসিদ্ধ যে, প্রবল-পরাক্রম নূপতিরা যথন যে দেশে যদ্ধর্মাবলম্বী হয়, তদধীন প্রজা-রাও প্রায় তদ্ধ্যাবলম্বী হইয়া থাকে।

বেণ রাজা স্বেজ্ঞাচারী ছিলেন। তাঁহার শাসনাধীন কতকগুলি প্রজা স্বেজ্ঞাচারী হইয়া সে সময়ে নানাবিধ নিকৃষ্ট বর্ণসঙ্করের উৎপাদন করে। অশোক প্রভৃতি প্রবলপরাক্রম রাজারা বৌদ্ধর্যাবলম্বী হওয়াতে পৃথিবীতে অধিকাংশ লোক বৌদ্ধর্যাবলম্বী হইয়াছিল। পূর্বের হিন্দু রাজা-দিগের রাজত্ব সময়ে হিন্দুস্থানে অন্য ধর্ম্মের নামগন্ধও ছিল না। যদবধি মুসলমানেরা হিন্দুস্থানে একাধিপত্য আরম্ভ করিলেন, তদবধি এখানে মুসলমানের সংখ্যা রুদ্ধি ইইতে থাকে। এই ক্ষণে গণনা করিয়া দেখা গিয়াছে, এই বিস্তার্গ হিন্দুস্থানে মুসলমানের সন্ধ্যা অপেক্ষা হিন্দুর সন্ধ্যা সমুদায়ে ৫ পঞ্চ লক্ষের অধিক হইবে না। এইক্ষণে এদেশকে যেমন হিন্দুস্থান বলা যায়, তেমন মুদলমানের স্থানও
বলা যাইতে পারে। বাস্তব কি পারদ্য প্রভৃতি মুদলমান দেশ
হইতে এত মুদলমান হিন্দুস্থানে আদিয়াছিল, তাহা নহে,
মুদলমানগণ এদেশে রাজা হইয়া অনেক হিন্দুকে মুদলমান
করিয়াছিল। অদ্য পর্য্যন্ত যদি মুদলমানদিগের তাদৃশ একাধিপত্য থাকিত তবে হিন্দুস্থানে হিন্দুর নামমাত্র অবশিষ্ট
থাকিত।

প্রীষ্টধর্মাবলন্বিগণ ভারতবর্ষের বর্ত্তমান অধিপতি।

এক্ষণে ক্রমেই এদেশে প্রীষ্ট ধর্মের বাহুল্য হইতেছে। যে
কারণেই হউক, যে জাতীয়ই হউক,অনেক হিন্দুসন্তান প্রীষ্ট
ধর্মের অবলন্থন করিয়াছেন এবং প্রীষ্টধর্মাবলম্বন না করিয়াও অনেক হিন্দুসন্তান ইংরাজ জাতির সহিত আহার ব্যবহার করিয়া স্বধর্মচ্যুত হইয়াছেন। যদিচ তাদৃশ জনগণকে
ইংরাজ জাতীয়েরাও মুণা করুন, অসমান জাতি বলিয়া গ্রাহ্য
না করুন কিন্তু হিন্দুরা তাহাদিগকে স্বধর্মচ্যুত মেচ্ছ বলিয়াই গণ্য করেন।

পূর্ববিদালে শক, যবন, চীন প্রভৃতি দেশীয় প্রবল-পরাক্রম ক্ষত্রিয় রাজারা ক্রিয়ালোপবশতঃ শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছিলেন। রাজ সংসর্গ দোষে বোধ হয় ক্রমে ক্রমে তত্তদেশীয় বৈদ্যে
বৈশ্যেরাও শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছিল, স্থতরাং তত্তদেশীয় বৈদ্য জাতিরও শূদ্রত্ব প্রাপণ অসম্ভব নহে, বরং অধিকতর সম্ভবপর বলিয়াই বোধ হয়। পরে যথন শক যবন চীন দেশীয় রাজারা মেছত্ব প্রাপ্ত ইইয়াছেন, বোধ হয় তথন তত্তদেশীয় শুদ্র প্রভৃতিরাও মেচছুত্ব প্রাপ্ত হইয়া সকলেই একজাতি হইয়াছে। এখন প্রত্যক্ষও দেখা যায়, যবন প্রভৃতি দেশে ভারতবর্ষের ন্যায় বর্ণ বিচার বা জাতি বিচার নাই। ঐসকল দেশের ক্ষত্রিয় বৈশ্য ও বৈদ্যেরা সকলেই শুদ্রত্ব প্রাপ্ত হইয়াছিল, অন্য অন্য দেশীয় ক্ষত্রিয় বৈশ্য ও বৈদ্যেরা শুদ্রত্ব প্রাপ্ত হয় নাই।

কলিতে পৃথিবীস্থ সমস্ত ক্ষজ্রিয় বৈশ্য ও অম্বষ্ঠ শূদ্রস্থ প্রাপ্ত হইবে, এ কথা শাস্ত্র যুক্তি প্রত্যক্ষ এই সকল প্রমাণ-বিরুদ্ধ। অবশ্য স্বীকার করি, কদাচিৎ কোন কারণ বশতঃ কোন দেশীয় কতিপয় বৈদ্য কিন্তা কতিপয় বৈশ্য অথবা কতিপয় ক্ষজ্রিয় স্বধর্মাচার হীন হইয়াছে, তদ্দৃষ্টে বৈদ্য-দামান্যাভাব কি বৈশ্যদামান্যাভাব, অথবা ক্ষজ্রিয়দামান্যা-ভাব কল্পনা করা অদস্কত ।

মনু লিখিয়াছেন।

"তপোৰীজপ্ৰভাবৈস্ত তে গল্পন্তি যুগে যুগে। উংকৰ্ষকাপকৰ্ষক মন্তুষ্যে স্বিহ জন্মতঃ॥"

मञ्रः।

ইহার কুল্লুকভট্ট লিথিয়াছেন।

"তে প্রাপ্তকাঃ স্বন্ধাতিকানন্তরকাঃ ষট্সুতাঃ বিজ্ঞধর্মিণঃ।"
পূর্বেবি যে কথিত হইয়াছে স্বজাতীয়া স্ত্রীজাত সন্তান
এবং অনন্তর বিজাতিতে অনুলোমজ সন্তান বিজধর্মাবলস্বী।
বথা ব্রাহ্মণ হইতে ব্রাহ্মণীতে ব্রাহ্মণ, ক্ষত্রিয় হইতে ক্ষত্রিমাতে ক্ষত্রিয়, বৈশ্য হইতে বৈশ্যেতে বৈশ্য, এই স্বজাতিকাত তিন প্রকার সন্তান, এবং ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়াতে মুদ্ধাব-

দিক্ত, ত্রাহ্মণ হইতে বৈশ্যাতে অম্বষ্ঠ, ক্ষত্রিয় হইতে বৈশ্যাতে নাহিষ্য, এই অনস্তর দ্বিজাতি অনুলোমজাত তিন প্রকার দন্তান অর্থাৎ ত্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, মূর্দ্ধাবদিক্ত, অম্বষ্ঠ, মাহিষ্য, এই ছয় প্রকার দন্তান দ্বিজধ্মাবলম্বী, (উপন্যন্দংক্ষারার্হ দ্বিজশব্দবাচ্য) ইহারা স্বীয় স্বীয় তপদ্যা প্রভাবদারা মুগে মুগে (সত্য ত্রেতা দ্বাপর কলি, এই প্রত্যেক মুগে) উৎকর্ষ ও অপকর্ষ লাভ করিবে। অর্থাৎ উৎকৃষ্ট তপদ্যা থাকিলে উৎকৃষ্ট হইবে, অপকৃষ্ট তপদ্যা থাকিলে অপকৃষ্ট হইবে। উক্ত মনু বচনে "যুগে যুগে" এই বীপদা থাকাতে নিশ্চিত প্রতীয়মান হইতেছে, কলিতে ক্ষত্রিয় বৈশ্য অম্বষ্ঠাদির অভাব হইবে না। যদি কলিতে ক্ষত্রিয় বৈশ্য অম্বষ্ঠাদির অভাব হইবে না। যদি কলিতে ক্ষত্রিয় বৈশ্য অম্বষ্ঠাদির সভাব হইবে না। যদি কলিতে ক্ষত্রিয় বৈশ্য অম্বষ্ঠাদির সভাব হইবে না। বিদ্ কলিতে ক্ষত্রিয় বিশ্য অম্বষ্ঠাদির সভাব হইবে না। বিদ্ কলিতে ক্ষত্রিয় বৈশ্য অম্বষ্ঠাদির সভাব হইবে না। বিদ্ কলিতে ক্ষত্রিয় বিশ্য অম্বষ্ঠাদির সভাব হইবে না। বিদ্ কলিতে ক্ষত্রিয় বিশ্য অম্বষ্ঠাদির সভাব হুকির প্রাপ্ত হইত, তাহা হইলে মনুর্ব্যনে " যুগে যুগে গুগে " এই বীপদা থাকিত না।

বৈদ্যক গ্রন্থে বালরোগ চিকিৎসাধিকারে উক্ত আছে। ''বলিশান্তীপ্রকর্মাণি কার্য্যাণি গ্রহশান্তয়ে। মন্ত্রশ্বায়ং প্রয়োক্তব্যস্তবাদে) দর্ম্বকামিকঃ॥

ওঁ নমো ভগবতে গরুড়ায় ত্রাস্বকায় সদ্যস্তবস্ততঃ স্বাহা "। বালকের গ্রহশান্তির নিমিত্ত বলি শান্তি ও ইন্ট কর্ম সকল করিবে। তাহার আদিতে সর্ব্বকামিক মন্ত্র বলিয়াছেন। ঐ মন্ত্র স্বাহা প্রণব সংযুক্ত।

> স্ত্রীরোগাধিকারে উক্ত আছে। " ক্বলং চ্যবনমস্ত্রেণ সপ্তবারাভিমন্ত্রিতম্। পীত্বা প্রস্থাতে নারী দৃষ্ট্বা চোভয়ত্রিংশকম্"॥

চ্যবন মন্ত্রদারা সপ্তবার অভিমন্ত্রিত জল পান করিয়া এবং উভয়ব্ধিংশক কোষ্ঠ দর্শন করিয়া গর্ত্তবতী নারী প্রদব করিবে। ঐ চ্যবন মন্ত্র বৈদ্যক প্রস্থে লেখা আছে। তাহা বৈদ্যেরা পাঠ করিবেন।সেই মন্ত্র স্বাহা প্রণবসংযুক্ত।

সোমস্ত পাক প্রকরণে লেখা আছে।

"ধীমান্পজ্ব ঘৃতপ্রস্থ সমাজারাভিমরিতম্। মরোষধা। ওঁনথো মহাবিনায়কায়ামৃতং রক্ষ রক্মম ফলসিদ্ধিং দেহি কুদ্রবচনেন স্বাহা"।

সোম ঘৃত পাক করিবার সময়ে বৈদ্যেরা সপ্ত দূর্ব্বা হস্তে করিয়া পূর্ব্বোক্ত স্বাহা প্রণবসংযুক্ত মন্ত্র পাঠ করিবে। অনেক ঘৃতপাকবিধিতে লেখা আছে।

" বিপচেং পাকবিদ্ বৈদ্যো রুদ্রমন্ত্রঞ্চ সংজ্পেং।" পাকবিদ্ বৈদ্য স্তপাক করিবেন এবং রুদ্রমন্ত্র জ্প করিবেন। সেই রুদ্রমন্ত্রও স্বাহা প্রণবসংযুক্ত।

রদক্রিয়াধিকারে লেখা আছে।

"স্ততপ্তথলে নিজনস্তাযুক্তাং বিধায় রক্ষাং স্থিরসারবুদ্ধিং। ঘনন্চিত্তঃ শিবভক্তিযুক্তঃ সমচিরেং কর্মা রসস্য তজ্জঃ॥ রক্ষানস্তো যথা।

ওঁ অঘোরেভাইথ বোরেভা ঘোরাঘোরতরে ভাশ্চ। সর্বতঃ সর্বাদেশিভা নমস্তে কুদ্রেপিভাঃ স্বাহা॥"

স্থিরসারবৃদ্ধি বৈদ্য অনন্যচিত্ত ও শিবভক্তিযুক্ত হইয়া এবং নিজ মন্ত্রযুক্ত রক্ষা বিধান করিয়া রদের (পারদের) কর্ম করিবে। সেই রক্ষামন্ত্রও স্বাহা প্রণবসংযুক্ত। বিদ্যুক গ্রন্থবারা প্রমাণিত হইতেছে, স্বাহা প্রণবযুক্ত মন্ত্র- সকল বৈদ্যদিগের পাঠ্য। বৈদ্যদিগের শৃত্রত্ব প্রাণ্ডি শাস্ত্রসিদ্ধ হইলে প্রাচীন বৈদ্যকগ্রন্থনিচয়ে পূর্ব্বোভ মন্ত্রবিধি থাকিত না।

ঐ সকল বিধান যুগান্তরীয় বৈদ্যদিগের নিমিত্ত ছিল, কলিকালের বৈদ্যদিগের নিমিত্ত নহে, এ কথাও যুক্তি সঙ্গত্ত নহে, যেহেতু মাধব কর স্বকৃত রসচন্দ্রিকা নামক গ্রাহে এবং চক্রপাণি দত্ত স্বকৃত সংগ্রহে ঐ সকল মন্ত্রবিদি উদ্ধৃত করিয়াছেন। চক্রপাণি দত্ত যুগান্তরীয় লোক নহেন। দেন বংশীয় বৈদ্য রাজাদিগের সময়ে তাঁহার জন্ম হয়। চক্রপাণি দত্ত স্বকৃত গ্রন্থের শেষে পরিচয় দিয়াছেন, তাঁহার পিতা নারায়ণ দত্ত গৌজাধিপতির পাত্র ছিলেন এবং তিনি ভামুদত্তের অনুজ্ব লোধবলী দত্ত বংশীয় ছিলেন মাধব কর, তৎসমকালীন অথবা তাঁহার কিছু কাল পূর্ক বর্ত্তী ছিলেন, নানাবিধ কারণে তাহা অনুমিত হয়।

কারস্থ বাদ্ধবেরা বলিয়া থাকেন, রঘুনন্দন ভট্টাচার্যা স্বকৃত শুদ্ধিতত্ত্বে ক্ষজ্রিয় বৈশ্য ও অম্বষ্ঠের ইদানাং শৃদ্ধ প্রতিপাদনার্থ যে বিষ্ণুপুরাণের প্রমাণ উদ্ধৃত করিয়াছেন তাহাতে স্পষ্টই লেখা আছে, শৃদ্রাগর্ভজাত মহানন্দপুর নন্দ স্থাতি, পরশুরামের ন্যায় নিখিল ক্ষজ্রিয় নন্ট করিবে, অতএব মহানন্দ পর্যান্ত ক্ষজ্রিয় ছিল। তৎপরে শৃদ্রের রাজা হইবে। ক্ষজ্রিয় আব থাকিবে না। ক্ষজিয়ের ন্যাহ বৈশ্য অম্বষ্ঠিও থাকিবে না।

রঘুনন্দন ভট্টাচার্য্য যে, ইদানীং ক্ষক্রিয় বৈশ্য ও অন্বর্চে অভাব স্বী কার করেন নাই, পূর্ব্বে তাহা বিশেষরূপে প্রদ র্শিত হইয়াছে। বাশ্বিতপ্রাকারীরা পৌরাণিক বচনের যথা-শ্রুত অর্থমাত্র অবগত হইয়াছেন, তাহার প্রকৃত তাৎ-পর্য্য পরিগ্রহ করিতে পারেন নাই। অতএব ইদানীং বিষ্ণুপুরাণীয় বচনের প্রকৃত তাৎপর্য্য প্রকাশ করা যাইতেছে।

বিষ্ণুপুরাণে ভবিষ্যদ্বাক্য আছে।—

"মগধ দেশে শিশুনাগের বংশে মহানন্দ নামক একজন রাজা হইবে। সেই মহানন্দের ঔরদে শূদ্রার গর্ম্ভে মহা-পদ্ম নন্দ নামক অতিলুক্ক এক পুত্র জন্মিবে।

শমহাপাত্মো নদ্দঃ পরশুরাম ইবাখিলক্ষত্রিয়াস্তকারী ভবিতা।" মহাপাত্ম নন্দ পরশুরামের ন্যায় অখিল ক্ষত্রিয়াস্তকারী হইবে।

"ততঃ প্রভৃতি স্ক্রা ভূপালা ভবিষান্তি।" তদবধি শূদ্রেরা রাজা হইবে।

এই বিফুপুরাণীয় বচনে পর শুরাম উপমান, মহাপদ্মনন্দ উপমের। উপমান উপমেরে সৌদাদৃশ্য জ্ঞান থাকিবে, অর্থাৎ পরশুরাম যেমন ক্ষত্রিয়া ন্তকারী ছিলেন, মহাপদ্ম নন্দও দেইরূপ ক্ষত্রিয়া ন্তকারী হইবেন। এই ক্লে বিবেচনা পূর্ব্বক দেখা যাউক, পরশুরাম পৃথিবীস্থ সমস্ত ক্ষত্রিয়ের বিনাশ করিয়া ছিলেন কি না। জনপ্রবাদ আছে, পরশুরাম এক-বিংশতিবার পৃথিবীকে নিংক্ষত্রিয়া করিয়াছিলেন। এই নিঃক্ষত্রিয়া শব্দের, সমস্ত ক্ষত্রিয়াভাব অর্থ করিলে কতদূর দিলত হয়, অনায়াসে সকলেই তাহা বুঝিতে পারেন। গকবার পৃথিবী নিঃক্ষত্রিয়া হইলে পৃথিবীর সমুদায় ক্ষত্রি- য়ের অভাব হইল, স্থতরাং ক্ষত্রিয়ের অবিদ্যমানতা হেতু দিতীয়বার নিঃক্ষত্রিয় করা সঙ্গত হইতে পারে না, অতএব পরশুরামের নিঃক্ষত্রিয়তা বিষয়ক প্রতিজ্ঞায় একবিংশতিবারের অনুপপত্তি হয়। বিশেষতঃ পরশুরামের সমকালীন বহু ক্ষত্রিয় বিদ্যমান ছিল। অজ দশর্থাদি সূর্য্যংশীয় রাজাদিগের অবিরত স্থায়িছের বিবরণ বহুপুরাণে পুনঃপুনঃ প্রত হওয়া যায়।

মহানাটকে উক্ত আছে।

"যাবন্ধু জটিবর্মাপুত্রপর শুকু ধাখিলক্ষতির-শ্রেণীশোণিত পিচ্ছিলা বস্ত্রমতী কোহস্যামধাস্থ পদ্ম । বৈলোক্যাভয়দানদক্ষিণভুক্তারক্ষো দিবেশোদয়ো দেবোহয়ং দিনকুংকুলৈ কভিলকোন প্রাভবিষ্যদ্ যদি॥"

মহাদেবের ধর্মপুত্র পরশুরামের কুঠারদারা ক্ষত্রিয়
সকল ক্ষুগ্ন হওয়াতে তাহাদের রক্তদারা পৃথিবী পিচ্ছিল।
হইয়াছেন। এ সময়ে সূর্য্যবংশের তিলক এই রামচন্দ্র,
ত্রিলোকের অভয় দানের নিমিত্ত দক্ষিণ হস্ত প্রদারণপূর্ব্বক
সূর্য্যদেবের ন্যায় উদিত না হইলে নেই পিচ্ছিলা পৃথিবীতে
কেহ পদ নিক্ষেপ ক্রিতে পারিত না।

''জাত্বা প্রভাবং রঘুনন্দন্স্য তদঙ্গমালিঙ্গা ততোহতিগাচ্ন্ বিন্যুস্য তন্মিন্ যমদগ্রিস্কুতেজো মহং ক্ষত্রবধান্নির্তঃ।"

যমদিরিপুত্র পরশুরাম রঘুনন্দনের প্রভাব অবগত হইয়া দৃঢ় আলিঙ্গন পূর্বক মহৎতেজ রামচন্দ্রেতে নিহিত করিয়া ক্ষত্রিয় বধ হইতে নিরত হইয়াছিলেন। এই সকল প্রমাণদ্বারা জানা যায়, পরশুরামের সমকালীনও অনেক ক্ত্রিয় ছিলেন।

বস্ততঃ পরশুরাম পৃথিবীর সমুদায় ক্ষত্রিয়ের ধ্বংস কবিতে পারেন নাই এবং করেনও নাই; এমন কি, যিনি পিতৃবধামর্ষে উদ্দীপ্ত হইয়া পিতৃশক্ত যত্ত্বংশায় নৃপতি-সংহারে প্রতিজ্ঞারত হইয়াছিলেন, এবং মহাবীয়্য কার্ত্রবীয়্যের সহত্র ভুজচ্ছেদন ও প্রবলপরাক্রম হৈহয়াধিপতির সংহার করিয়াছিলেন, যিনি বহুক্ষত্রিয় নিধন পূর্বক শক্রশোণিতে পিতৃলোকের তর্পণ করিয়াছিলেন, তিনি সেই পিতৃশক্র যত্ত্র্নেরই সমূলে উচ্ছেদ করিতে পারেন নাই। র্ফ্রিবংশীয়েরা ধারাবাহিকক্রমে কলির আদিম সময় পর্যান্ত রাজত্ব করিয়া গিয়াছেন এবং পরশুরামের পরে যুধিষ্ঠিরাদি অনেকানেক ক্রেয় রাজত্ব করিয়াছেন। যদি পরশুরাম পৃথিবীকে একেবারে নিংক্ষত্রিয়া করিতেন, তাহা হইলে এ সকল ক্ষত্রিয়গণের সত্তা কি প্রকারে মন্তব হইতে পারে। পরশুরামের ঈদৃশা প্রতিজ্ঞা ছিল না যে, পৃথিবীক্ত সমস্ত ক্ষত্রিয়ের একেবারে অভাব করিব।

পরশুরামের প্রতিজ্ঞা গণেশথণ্ডে উক্ত আছে, যথা।
''ত্রিঃসপ্তক্ষণ্ণো নিভূ পাং করিষ্যামি মহীমিমামু।"

আমি একবিংশতিবার এই পৃথিবীকে নৃপতিশূন্য। করিব। অভিষিক্ত রাজাদিগের বধ্যাধনার্থ পরশুরাম প্রতিজ্ঞা করিয়াছিলেন।

দশাবতার-স্তোত্তেও তাহাই উক্ত আছে। যথা— "ত্রিঃসপ্তবারং নৃপতীন্নিহত্য যন্তর্পনং রক্তময়ং পিতৃভ্যঃ।" যিনি একবিংশতিবার নুপতিগণের হিংসা করিয়া রক্ত দ্বারা পিতৃলোকের তর্পণ করিয়াছিলেন।

পরশুরাম ক্ষত্রিয় রাজাদিগেব বিনাশ করিয়াছিলেন, বিফুপুরাণীয় বচনে সেই পরশুরামের সহিত মহাপদ্মনন্দের উপমান উপমেয় ভাব লক্ষিত হয়, স্থতরাং বিফুপুরাণীয় বচনের ঈদৃশ তাৎপর্য্য পরিগৃহীত হইতেছে যে, পরশুরাম যেমম ক্ষত্রিয় নৃপতিদিগের বিনাশ করিয়াছিলেন, নন্দ ভূপতিও সেইরূপ ক্ষত্রেয় নৃপতিদিগের বিনাশ সাধন করেন। অতএব বিষ্ণুপুরাণে উক্ত আছে 'ততঃ প্রভৃতি শুদা ভূপালা ভবিষ্যান্তি ' শুদ্রাগর্ভিজাত নন্দ ক্ষত্রিয় রাজাদিগের ধ্বংস করিবে, তদবধি শুদ্রেরা রাজা হইবে।

এই নন্দ ভূপতির রাজত্ব অবধিই যে সমস্ত পৃথিবীতে
শূদ্র রাজা ইইবে, এবং সমস্ত কাত্রিয় নৃপতির অভাব ইইবে,
বিফুপুরাণ-কর্ত্তার তাদৃশ অভিপ্রায় নহে। বিফুপুরাণে নন্দ
ভূপতি অবধি শূদ্র রাজার কথা কেবল মগধদেশ বিষয়ে
উক্ত ইইয়াছে, অন্য অন্য দেশে অন্যান্য বংশীয় ভবিষয়ৎ
রাজাদিগের কথার উল্লেখ আছে। মগধদেশেও নন্দবংশীয়
শূদ্র রাজাদিগের ১০০ একশত বর্ষ রাজত্ব কালমাত্র উক্ত
ইইয়াছে। তৎপরে মোর্য্যবংশীয় চন্দ্রগুপ্ত প্রভৃতির, তৎপরে
অন্ধ্র বংশীয় আভীরবংশীয় শক যবন তুখার পুলিন্দ প্রভৃতি
নানাজাতীয় রাজার উল্লেখ আছে। নন্দ ভূপতির পরে
উক্তর্থনা প্রভৃতি দেশে ভিন্ন জাতীয় রাজারা রাজত্ব করিয়াছেন, ইহা সর্ব্বজন প্রদিদ্ধ; অতএব বিফুপুরাণীয় বচন
সর্বদেশবিষয়ক নছে।

''ভভঃ প্রভৃতি শূদা ভূপালা ভবিষ্যন্তি।"

বিষ্ণুপুরাণীয় এই বচনের কেহ কেহ এইরূপ অর্থ করেন যে, তদবধি শুদ্রেরা রাজা হইবে, অর্থাৎ ইতিপূর্ব্বে পৃথিনীতে কোন শূদ্র কথনও রাজ্যশাসন করে নাই। নন্দ অব্ধি শুদ্রেরাও ক্ষজ্রিয়ের ন্যায় রাজিসিংহাসনে আরোহণ করিবে। কলিতে যে সমস্ত শূদ্র রাজা হইবে, তাহাদের गर्सा नन्दे श्रथम । এवहरान अक्षेत्र जांदर्श नरह रय, ননের পরে আর ক্ষল্রিয় রাজা থাকিবে না, এবং শূদ্র ভিন্ন আর কোন জাতিই রাজা হইবেনা। প্রত্যক্ষও দেখা যাইতেছে, হস্তিনাপুর প্রভৃতি কতিপয় স্থানে সত্যযুগ অবধি মুদলমান রাজত্ব পর্যান্ত ক্ষজ্রিয়েরাই দিংহাদনে বিরাজমান ছিলেন।

কেছ কেছ বলিয়াছেন ' আচারহীন ক্ষত্রিয়েরা কায়স্থ, আচারহীন বৈশ্যেরা বণিক, আচারহীন অম্বর্চেরা পশ্চিম দেশে অম্বষ্ঠ কায়েত।

স্মৃত্যাদি শাস্ত্রদারা পূর্বেই প্রমাণিত হইয়াছে, বৈশ্যের বিবাহিতা শুদ্রা স্ত্রীতে যে করণজাতির উৎপত্তি হইয়াছে, তাহারা কায়স্থ। কায়স্থগণ বর্ণ সন্ধর হইলেও দ্বিজাতির মনুলোমজ দন্তান, অতএব প্রতিলোমজ দন্তান অপেকা উৎকৃষ্ট। ইহারা আর্য্যসন্তান হইয়াও আর্য্যসংস্কার (উপ-নয়নাদি) প্রাপ্ত হইতে পারে নাই, তাহার কারণ এই,

মন্তু বলিয়াছেন।

^{&#}x27;ভেগার্যাজনাত আম্বায়াং স্কং সংকার্মহ তি"

আর্গ্য হইতে (দিজাতি হইতে) আর্থ্যাতে (দিজাতীয়। ব্রীতে) যে দকল সন্তান জন্মে, তাহারা আর্থ্যদিগের দমস্ত দংস্কার প্রাপ্ত হয়। মূর্দ্ধাবদিক্ত, অন্বর্চ, মাহিষ্য, ইহারা আর্থ্য হইতে আর্থ্যা ব্রীতে জন্মিয়াছে; অতএব আর্থ্যদংস্কার (উপনয়নাদি) প্রাপ্ত হইয়াছে। কায়স্থজাতি আর্থ্যদন্তান বটে, কিন্তু আর্থ্যা-গর্ভে ইহাদের জন্ম হয় নাই, অনার্থ্যা গর্ভে (শুদ্রাগর্ভে) জন্ম হইয়াছে, অতএব আর্থ্য দংস্কার (উপনয়নাদি) লাভ করিতে পারে নাই, এবং মূর্দ্ধাবদিক্ত, অন্বর্ঠ ও মাহিষ্য অপেক্ষা ইহারা হীন হইয়াছে। সমুদায় ধর্মশান্ত্রই অনুলোমজ সন্তানদিগকে মাতৃবর্ণে ব্যপদেশ করিয়াছেন। যথা—

" শৌচাশোচং প্রকৃষীরন্ মাতৃবদ্বর্ণসঙ্করাই॥"

অনুলোমজ বর্ণদক্ষর জাতিরা মাতৃজাতির ন্যায় শৌচাশৌচ প্রভৃতির আচরণ করিবে। অতএব কায়স্থ্রো দ্বিজাতির
দন্তান হইয়াও মাতৃবৎ [শূদ্রবৎ] ব্যবহার করিবে। কিন্তু ইহাদের শূদ্রবৎ ব্যবহার থাকিলেও ইহারা শৃদ্রজাতি অপেক্ষা
পৃথক্, এবং দ্বিজাতির দন্তান প্রযুক্ত শৃদ্রজাতি অপেক্ষা উৎকৃষ্ট। অতএব স্মৃতিশাস্ত্রে কায়স্থ্রজাতির পৃথক্ উল্লেখ
দেখা যায়।

কোন শাস্ত্রে ঈদৃশী উক্তি নাই যে, আচারত্রন্ট ক্ষত্রিয়েরা কায়স্থ। ভগবান্ মনু অচারহীন সমুদায় দ্বিজাতি বিষয়ে লিখি-য়াছেন, যে সকল দ্বিজাতিরা আচারহীন হইয়া বহিজ্জাতিত্ব প্রাপ্ত হয়, তাহারা দক্ষা। ক্ষত্রিয়জাতি বিষয়ে লিখিয়াছেন, কোন কোন দেশবিশেষজাত ক্ষত্রিয়েরা পুনঃপুনঃ ক্রিয়া লোপ হেতৃ শৃদ্র প্রাপ্ত হইয়াছে। বিষ্ণুপুরাণের মতে
চাহারা মেচছর প্রাপ্ত হইয়াছে। মনুর অপর এক স্থানে
চতকগুলি ব্রাত্য ব্রাক্ষণ ব্রাত্য ক্ষত্রিয় এবং ব্রাত্য বৈশ্যের
চলেখ আছে; কিন্তু আচারহীন ক্ষত্রিয়েরা কায়স্থ হইয়াছন বা হইবেন, ঈদৃশী উক্তি মনু স্মৃতিতে কিংবা অন্য
কোন স্মৃতিতে নাই।

সত্য বটে, ব্রাত্য ক্ষত্রিয় হইতেও একপ্রকার করণ গাতির উৎপত্তি হইয়াছে।

ইহা মনু লিখিয়াছেন। যথা—

ঝলো মল্ল রাজন্যাদ্ ব্রাত্যানিচ্ছিবিরের চ। নটশ্চ ক্রণশৈচ্ব থ্যো দ্বিড় এব চ॥

ব্রাত্য ক্ষত্রিয় হইতে ঝল্ল, মল্ল, নিচ্ছিবি, নট, করণ, দুনিড়, থস, এই সকল সন্তান জন্মিগাছে। উল্লিখিত ঝাল, মাল, খস প্রভৃতিরা নিকৃষ্ট জাতি।কোন কোন গ্রন্থে ইহারা লক্ষে বলিয়া উক্ত আছে।

বর্ত্তমান সম্রান্ত কায় স্থ সন্তানের মধ্যে যদি কেহ এইক্ষণে ক্রেস্ত্র ধারণের লোভে অথবা বর্মা উপাধির লোভে উল্লিথত অল মল্লাদির মধ্যে পরিগণিত বরণজাতি বলিয়া
নিক্ত হন, তবে তাঁহার অতিমহাপ্রাচীন পূর্ববপুরুষ যে
চত্রিয় ছিলেন, ইহা আমরাও অবশ্য স্বীকার করি। কিন্তু
থেব বিষয় এই বে, ব্রাত্য ক্ষত্রিয় সন্তান বলিলে ঝল্ল মল্ল
াস দ্রবিড় প্রভৃতি নিক্ষট শ্লেচ্ছ জাতির মধ্যে পরিগণিত
লিয়া অনেকে অবজ্ঞা করিলেও করিতে পারেন।

বস্তুতঃ কায়ন্থেরা যদি ক্ষত্রিয় হইবেন, তবে ধোষ, বয় গুহ, মিত্র, দন্ত, দাস, এবং "নাগ, পাল, দৈত্য, দানা। রাহা, রাহুত সোম, সানা । নন্দী, কুণ্ড, আইচ, গণ। ভুড় প্রেত, কেণ্ডনন্দন ।চন্দ্র, নন্দন, বর্দ্ধন, কেশ। ধর, ধরণী, রক্ষিত্র নেষ" * ইত্যাদি সকল উপাধি কোথা হইতে প্রাপ্ত হইলেন ক্ষত্রিয়দিগের রীতি নীতি ব্যবহার প্রভৃতি কিছুই কার্যন্থ দিগের মধ্যে লক্ষিত হয় না। ক্ষত্রিয়দিগের এবং কায়ন্থ দিগের গোত্র প্রবর প্রভৃতি সকলই বিসদৃশ ণ।

"আচারহীন বৈশ্যেরা বণিক্" এ কথা নিতান্তই অন ভিজ্ঞ লোকের ন্যায় বলা হইয়াছে। বাণিজ্য কার্য্য বৈশ্যে স্বর্ত্তি। অতএব স্বধর্ম নিরত বাণিজ্য ব্যবসায়া বৈশ্যদিগতে ও বণিক্ কহে। পশ্চিম প্রদেশে অনেক স্বধর্ম নির বৈশ্যেরা বাণিজ্য কার্য্যে রত আছে। তাহাদের যজ্ঞোপরী দর্শন করিয়া অনেক অজ্ঞ লোকেরা ক্ষত্রিয় বিবেচনায় 'বের ক্ষত্রিয়" কহে। এদেশেও বাণিজ্য-প্রধান স্থানে, অনে অল্রইটাচার বৈশ্য দেখা যায়। তাহাদিগকে আঞ্চিরিওয়াল

এ কথাও বলা যাইতে পারে না, বণিক্ জাতিমাত্র বৈশ্য। আমরা স্বীকার করি যে বাণিজ্য ব্যবসায় হে বৈশ্যজাতিকে বণিক্ বলা যাইতে পারে, কিন্তু বৈশ্য ক্ষব্রিয় হইতে উৎপন্ন বৈদেহজাতিকেও শাস্ত্রাকুসারে বণ

কায়স্থলিনের ঘটকের কারিক।। বায়ুস্তরে কায়েতের না
 † ইহার বিস্তারিত দিতীয় খণ্ডে তৃতীয় খণ্ডে উক্ত হইবে।

কহে। এই বণিক্জাতি আর্য্য জাতি হইতে উৎপন্ন ও আর্য্য জাতির গর্ভজাত বটে কিন্তু ইহারা প্রতিলোমজ সন্তান, অতএব ইহাদের উপনয়নাদি সংস্কার না হইয়া শূদ্রবৎ গ্যবহার হইয়াছে। তাহারা বৈশ্য হইতে জাত অতএব অধুনা বাণিজ্য ব্যবসায়ে রত দেখা যায়।

পানী প্রন্য এক প্রকার বণিক আছে, তাহারা ব্রক্ষিন হইতে আরোণনী * গর্ভজাত। ইহাদিগকে দ্বিশ্ব জ্বাতি কহে। মনু বলিয়াছেন 'দ্বিশ্বিনাং বণিক্ পথঃ '' দ্বিশ্বজাতিদিগের স্থল পথে বাণিজ্য ব্যবদায়। বঙ্গদেশে যাহারা বণিক্ জাতি বলিয়া প্রদিদ্ধ, তাহারা কোন্ জাতীয় শাখা, অদ্য পর্যন্ত তাহার কোন্ চূড়ান্ত মীমাংসা হয় নাই। উল্লিখিত বিভিন্ন বণিক্ জাতিদিগের পরস্পার সংমিশ্রণ হেতু অধুনা শাখা বিভাগ করাও নিতান্ত ছঃদাধ্য।

কোন কোন বৈশ্য পরিবার জাতিচ্যুত হইয়া ঐ সকল বিণিক্ সম্প্রদায়ের মধ্যে পরিণত হইয়াছেন কি না, তদ্বিধয়ের নিঃদদ্দেহ সূচক কোন প্রমাণ পাওয়া যায় না। ইহাদের মধ্যে বৈশ্যন্থ প্রতিপাদক লক্ষণ কিছুই লক্ষিত হয় না। বিশেষত তাহাদের দত্ত, দে, কর, দেন, সিংহ, দাস, কুও, নাগ, দাঁ, চন্দ্র, পাল, দাম, ঘর, রুদ্র, লাহা প্রভৃতি যে সকল উপাধি আছে, তন্মধ্যে কেবল দত্ত উপাধি বৈশ্যদিগের মধ্যে দেখা বায়, তদ্তিশ্ব অন্য কোন উপাধিই বৈশ্যদিগের মধ্যে নাই। ঐ দত্ত উপাধি শৃদ্র হইতেও পরিগৃহীত হইতে পারে।

শূফ হইতে বৈশার গর্ভে আরোগন জাতির জন্ম।

আচারহীন অম্বর্চেরা অম্বর্চ কায়েত নামে পশ্চিমদেশে খ্যাত, কল্পনা দেবী এ কথার প্রদাব করিয়াছেন। পূর্ব্বে বলা হইয়াছে, মনুতে উক্ত আছে, ব্রাহ্মণের বিবাহিতা বৈশ্যাতে অম্বর্চের জন্ম। বৈশ্য হইতে বিবাহিতা শূদ্রাতে কায়ম্থের জন্ম। কায়ম্থের অপভ্রংশ শব্দ কায়েত। ঐ অম্বর্চ ও কায়েত ইহারা পরস্পার বিভিন্ন জাতি। অম্বর্চ আর কায়েত কদাচ একজাতি হইতে পারে না। অম্বর্চেরা আচারহীন হইলে কায়ম্থ হইবার কোন শাস্ত্র বা কোন যুক্তি অথবা কোন কিংবৃদ্ধী নাই।

পশ্চিম দেশীয় লালাদিগের নিকটে " কায়স্থ ধর্ম তর্পণ" নামক এক গ্রন্থ আছে। তাহাতে লেখা আছে, কায়স্থজাতি দ্বাদশ শ্রেণীতে বিভক্ত; যথা মাথুর ১ সূর্য্যধ্যজ ২ অম্বষ্ঠ ৩ ভট্টনাগর ৪ গোর ৫ নিগম ৬ সকদেনা ৭ করণ ৮ অহিটানা ৯ শ্রীবাস্তব ১০ কুলশ্রেষ্ঠ ১১ বাল্মীক ১২। ঐ সকল নাম দেশ ভেদে হইয়াছে। যথা মথুরা দেশবাদিগণ মাথুর। মগধদেশীয়েরা সূর্য্যধ্যজ। অম্বষ্ঠ দেশবাদীরা অম্বষ্ঠ। ভট্টনগর দেশবাদীরা ভট্টনাগর। গোরদেশবাদীরা গোর। সরয়ুনদের নিকটস্থ কায়স্থ্যো নিগম। কাবুল কান্দাহার বাদীরা সকদেনা। কর্ণাট দেশীয়েরা করণ। নেপাল-দেশীয়েরা অহিটানা। শ্রীনগর দেশীয়েরা শ্রীবাস্তব। কুলাপতবাদীরা কুলশ্রেষ্ঠ। বাল্মীকদেশীয়েরা বাল্মীক। গ্রু এত-পতবাদীরা কুলশ্রেষ্ঠ। বাল্মীকদেশীয়েরা বাল্মীক। গ্রু এত-

শ এই পুস্তকের অপর খণ্ডে কারস্থ বিবরণে বিস্তারিত উক্ত
 ছবি ।

দেশীয় কায়েতদিগের মধ্যে যেমন উত্তররাঢ়ী কায়েত, দিক্ষণ রাঢ়ী কায়েত, বঙ্গজ কায়েত ইত্যাদি শ্রেণী ভেদ আছে, পাশ্চিম দেশে লালাদিগের মধ্যেও তেমন মাথুর, স্র্যুথ্বজ, অম্বর্ত, ভট্টনাগর ইত্যাদি রূপ দেশ ভেদে শ্রেণী বিভাগ আছে। ইহাদের মধ্যে পরস্পার সকলের সহিত সকলের বিবাহাদি ক্রিয়াকলাপ হয় না । অম্বর্ত শব্দের অর্থ অম্বর্ত নামক জাতি বিশেষ, বাসক রক্ষ, হস্তিপক, অম্বর্ত নামক দেশ বিশেষ। সেই অম্বর্তদেশীয় কায়েতদিগকেই অম্বর্ত কায়েক কহে, অত্রবেরাজারাধাকান্তদেব স্কৃত শব্দক্রক্রম অভিধানে অম্বর্ত শব্দের অর্থে লিখিয়াছেন "পশ্চিম দেশে কায়স্থজাতি বিশেষ্য" বস্ততঃ আচার ভ্রম্ট অম্বর্তেরা গুম্বর্ত কায়েত নামে খ্যাত নহে।

কেহ কেহ স্পর্কা করিয়া বলিয়া থাকেন, এ দেশে ব্রাক্ষণজাতির পরেই কায়স্থজাতির উৎকৃষ্টতা দেখা বায়, কিন্তু আমরা দেখিতেছি, এ দেশ ক্রমে ক্রমে কায়স্থ প্রধান দেশ হওয়াতে ব্রাক্ষণাদি সমুদায় জাতি অপেক্ষা কায়স্থজাতির উৎকৃষ্টতা হইতেছে। কোন স্থরদিক কবি বলিয়াছিলেন।

" তঠি ববাদরণী রাঃ স্মুলে কিনাং ব্রাহ্মণাদরঃ।

যত শূজা ন বিদ্যুম্ভে ধনিনো মানিনো বরাঃ॥
ব্রাহ্মণাঃ স্থপকারাশ্চ ক্ষজ্রিয়া দ্বারপালকাঃ।

শূজাঃ সর্ফ্রে স্থনামানো হ্যম্ব গাডিকিৎসকাঃ॥"

যে স্থানে ধনিমানিজ্রেষ্ঠ শুদ্রেরা না থাকেন, সেই
স্থানেই ব্রাহ্মণাদিরা লোকের আদরণীয় হইতে পারেন।

শূদ্রেরাই স্থনামধ্যাত ব্রাহ্মণেরা পাচক, ক্ষজ্রিয়েরা দার-পাল, বৈদ্যেরা তাহাদিগের চিকিৎসক। কালক্রমে এই রহস্যু বচনও প্রমাণ হইবে।

জনসংখ্যা ধরিলে এ দেশে বৈদ্য জাতি অতি নিকৃষ্ট। বেহেতু সমুদায়ে বৈদ্যের সংখ্যা ৬৮০০০ অফ্টযঞ্চি সহস্রের অধিক হইবে না, ত্রাহ্মণের সংখ্যা ১১০০১০৫ এক শত পঞ্চাধিক একাদশ লক্ষ, কিন্তু কায়স্থের সংখ্যা তদ-পেক্ষাও অধিক। গণনা দারা স্থির হইয়াছে, কায়স্থের সম্ভ্যা ১১৬০৪৭৮ একাদশ লক্ষ, যস্তিসহস্ৰ, চতুঃশত, অফসপ্ততির ন্যুন হইবে না, স্থতরাং জনবহুলতাবশত কায়স্থ জাতির উৎকৃষ্টতা এবং ধন বহুলতা প্রযুক্তও কায়স্বজাতিরই উৎকৃষ্টতা। কিন্তু কিঞ্ছিৎকাল স্থিরচিত্ত হইয়া যদি পূর্ব্বপুরুষোচিত আচার, ব্যবহার, র্ত্তি, ধর্ম, পাণ্ডিত্য অবস্থা প্রভৃতির স্মরণ করা যায়, তবে ব্রাহ্মণ, ক্ষজ্রিয়, বৈশ্য, মূদ্ধাবদিক্ত, অন্বষ্ঠ, মাহিষ্য, এই সকল আর্য্য জাতি অপেকা কায়স্থজাতির উৎকৃষ্টতা কোন ক্রমেই লক্ষিতা হয় না। অদ্য পর্য্যন্তও অনেক কায়স্থ বৈদ্যের নিকটে মন্ত্রগ্রহণ করিয়া থাকেন, শ্রীথণ্ড প্রভৃতি দেশজাত বৈদ্যবংশায় গোস্বামিগণের অনেক কায়স্থ শিষ্য আছে।

এ দেশে প্রকৃত ক্ষজ্রিয় বৈশ্য জাতির অদৃষ্ঠি কল্পনা করিয়া কেহ কেই বলেন, অধুনা এ দেশে কায়স্থ নামে যাহারা খ্যাত। তাহারাই ক্ষজ্রিয় ছিল, এবং বণিক্ নামে যাহারা খ্যাত তাহারাই বৈশ্য ছিল, তদ্তিন্ন প্রকৃত ক্ষজ্রিয় বৈশ্য জাতির অভাব। পশ্চিম দেশ হইতে যাঁহারা এ দেশে আসিয়া ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিতেছেন, তাঁহারা প্রকৃত ক্ষত্রিয় কি না দন্দেহ। তাঁহাদিগের মধ্যে অনেকের গলায় পৈতে আছে দত্য, কিন্তু অনেকের প্রকৃত ক্ষত্রিয়বৎ ব্যবহার দেখা যায়। পশ্চিম দেশীয় লালা কায়স্থদিগের মধ্যেও অবিকল তদাচরণই দেখা যায়। স্থতরাং প্রতীতি হইতেছে, ক্ষত্রিয়ের পরিণাম কায়স্থ।

পশ্চিম দেশ হইতে যাহারা এ দেশে আদিয়া ক্ষত্ৰ বলিয়া পরিচয় দেয়, তাহারা যে প্রকৃত ক্ষত্রিয় নহে, তাহা মথার্থ। এ দেশীয়েরা যাহাদিগকে চছুত্ত কহে, পশ্চিম দেশে তাহারাই ক্ষত্ত নামে খ্যাত। যাহারা প্রকৃত ক্ষজ্রের তাহাদিগকে পশ্চিম দেশে ছত্রি কহে। অর্থাৎ যাহারা কৃত্রিম ক্ষজ্রিয়, তাহাদিগকে পশ্চিমদেশে ক্ষত্তৃ এবং এ দেশে ছত্রি বলিয়া থাকে। যাহারা অকুত্রিম ক্ষত্রিয়, তাহা-দিগকে পশ্চিম দেশে ছত্রি, এ দেশে ক্ষত্রিয় কছে। ককার ষকার মিশ্রিত হইয়া ক্ষ হয়। হিন্দুস্থানীয়েরা ষকার স্থানে ছ উচ্চারণ করে, অতএব ক্ষত্রিয়কে ছত্রি বলিয়া থাকে। এতদেশে ক্ষত্রশব্দের অপভ্রংশ শব্দ ছত্রি। ক্ষত্রিয়াগর্ভে প্রতিলোমজ বর্ণসঙ্কর জাতির নাম ক্ষত্ত জাতি, দেশ ভেদে ক্ষত্রিয়নিগের দাসীপুত্রদিগকেও ক্ষত্তজাতি বলিয়া থাকে।এ দেশে তাহারা পাঞ্জা ক্ষজ্রিয় নামে বিখ্যাত। উহারা গলায় যজ্ঞসূত্র ধারণ করে, এবং ক্ষত্রিয় সন্তান বলিয়া পরিচয় দেয়, দময় বিশেষে স্থানবিশেষে স্বনামান্তে বর্দ্মা শব্দেরও উল্লেখ করে। উগ্রজাতিরা উগ্রক্ষতিয় বলিয়া পরিচয় দেয়, এবং বিবাহের সময়ে একবার যজ্ঞসূত্র গলায় ধারণ করে। বস্তুত তাহারা শাস্ত্রসিদ্ধ ক্ষত্রিয়
জাতি নহে। পশ্চিম দেশ হইতে এখানে আসিয়া ঘাহারা
ক্ষত্রিয় বলিয়া পরিচয় দেয়, তাহারা ঐ উগ্রজাতির বা
ক্ষত্ত্রজাতিরই অন্যতম জাতি। ইহাদের উপাধি বায়,
সিংহ, বারু ইত্যাদি। অর্থশালী হইলে বর্দ্মাও হইতে
পারে। তাদৃশ ক্ষত্রিয় নামধারী বর্ণসঙ্করগণের আচার
ব্যবহার দেথিয়া এ দেশে ক্ষত্রিয় নাই বলিয়া প্রকৃত ক্ষত্রিয়ের অভাব কল্পন। করা এবং ক্ষত্রিয়দিগকে কায়স্থ জাতিতে
পরিণত করা অসঙ্গত।

প্রবলপরাক্রমশালী ক্ষজ্রিয়দিণের অভাব কোন কালেও হয় নাই, এবং হইবেও না। অদ্য পর্যন্তও লাহোর, মূলতান ও অত্রসরে বিস্তর ক্ষজ্রিয় আছে। দিল্লী লক্ষ্ণে মথুরা
বৃন্দাবন প্রভৃতি স্থানেও অনেক স্বধর্মাচারী ক্ষজ্যি দেখা
যায়। এই বঙ্গ দেশে এবং তন্ধিকটবর্ত্তী স্থান সমূহেও
অনেক স্বধর্মনিরত ক্ষজ্রিয়ের নিবাস দেখা যায়। প্রসিদ্ধ
বর্দ্ধমানাধিপতি এতদেশে বিখ্যাত। বর্দ্ধমান, দিঙ্গুর, গোলগ্রাম, কাশীযোড়া, পাড়দহ, ধনেখালী, বংশবাটী, কলিকাতা, ঢাকা, দিনাত্রপুর, রঙ্গপুর, শাকো, পাবনা, মাজেরগাঁ, রাণীবন্ধ, কুচুট, বিজুর, ব্রাফণ্রাড়া, গুটুলে, গৌরবাজার, মুরদিদাবাদ, কেরাইব, ভামাইল, জামতারা, গোপী-

ক লিয় ছইতে শৃদ্রোতে উগ্র জাতির উৎপত্তি, ইহাদিগকে
 আ ৩৪র কহে।

নাথপুর, থাটোরা, কেশবপুর, দীপেদারহাটা, গোপী-নগর, এই দকল স্থানে ক্ষজ্রিয়দিগের নিবাস। তত্তদ্দেশীয় ক্ষজ্রিয়দিগের মধ্যে কাহাকেও আচারহীন দেখা যায় না, এবং কায়স্থ জাতি তাঁহাদের শাখা বলিয়া স্বীকার করেন না।

আমরা এ কথা অবশ্য স্বীকার করি, ক্ষজ্রিয় জাতি আদিম মূলজাতি হইয়াও বর্ণদ্ধর কায়স্থ জাতি অপেকা অলতর। ক্ষজ্রিরর্ণ আচারহীন হইয়া শূদ্র প্রাপ্ত হই-য়াছে, কিংবা ক্ষজ্রিরর্ণ হইতে কায়স্থ নামক এক শাখা বহির্গত হইতেছে, এই সকল কারণে ক্ষত্রিয় সংখ্যা ল্ঘাফা হইতেছে, আমরা এই কাল্পনিক যুক্তির অনুমোদন করি না। ক্ষত্রিয় জাতির অল্পতার প্রবল কারণ দেদীপ্যমান দেখা যায়। যথা—

সময়ে সময়ে ক্ষজ্রির জাতির উপরে যত উপদ্রব হইয়া
গয়াছে, তত উপদ্রব অন্য কোন জাতির উপরে হয়
নাই। এই ক্ষণে বিসূচিকা (ওলাউটা) জ্বর, বদন্ত ইত্যাদি
রোগ উপস্থিত হইয়া সময়ে সময়ে স্থানে স্থানে জনপদ
বিধ্বংসন (মহামারি) উপস্থিত হয়। পূর্ববিতন লোকেরা
বর্তমান লোকদিগের ন্যায় মদ্চছাচারী হইয়া শারীরিক
নিয়ম লগুন করিতেন না অতএব রোগের প্রাত্মভাব
য়য় ছিল, কিন্তু সময়ে সময়ে ক্ষত্রেয় জাতির যুদ্ধ উপবক্ষে জনপদ বিধ্বংসন হইত।

সময়ক্রমে ক্ষতিয়জাতির অত্যন্ত প্রাহুর্ভাব হইয়াছিল, াহারা স্ক্রিসাধারণ জাতির প্রতি অত্যাদারী হইয়া

অবশেষে দর্ববিমান্য ব্রাহ্মণদিগের উপরেও অমর্বভাব প্রকাশ করিয়াছিলেন। সে সময়ে ভৃগুবংশাবতংস মহা-বীর্ঘ্য পরশুরাম পিতৃবধামর্ঘে উত্তপ্ত হইয়া ব্রাহ্মণ-হিংসক ক্ষুত্রিগণের বিনাশার্থ প্রতিজ্ঞারত হন। ক্রমে ক্রমে তিনি একবিংশতি বার যুদ্ধ করেন। তাহাতে অসম্বা ক্ষজিয়ের বিনাশ হইয়াছে। ক্ষজিয়রাজারাও সময়ে সময়ে লিগীয়ার বশবর্ত্তী হইয়া কেহ বা ধনলোভে উন্মত হইয়া দিখিজয়ার্থ বহির্গত হইতেন। তত্নপলক্ষে কতবার কত ক্ষত্রিয় বিনাশ ও কত দেশ উৎসন্ন প্রায় হইয়াছে। ক্ষত্রিয় কন্যারা স্বয়ম্বরা হইতেন, ততুপলক্ষে কতবার কত স্থানে যুদ্ধ হইয়া গিয়াছে। তাহাতে ক্ষত্রিয় বিনাশের ত ইয়ত্তাই নাই। ঐ সকল যুদ্ধবিগ্রহ উপলক্ষে রাজ্যবিপ্লব উপস্থিত হইলে অনেক মূর্দ্ধাব্দিক্ত, বৈশ্য, অন্বষ্ঠেরও অভাব হইয়াছে। এই প্রকার সত্য কালাবধিই ক্ষত্রিয়কুলের ধ্বংস হইয়া আদিতেছিল, অবশেষে কলির প্রারম্ভে রাজা যুধি-ষ্ঠির জন্মগ্রহণ করেন, তিনি ভীমার্জ্জনের বাহুবল ও শ্রীকুষ্ণের মন্ত্রণা চাতুর্য্য প্রভৃতি অবলম্বন করিয়া পৃথি-বীর ক্ষত্রিয়ভার বহন ক্লেশের অপনোদন করিতে ক্রটি করেন নাই। রাজসূয় যজ্ঞ, কুরুকেতে যুদ্ধ, অথমেধ যজ্ঞ উপলক্ষে অল্প ক্ষত্রিয়ের বিনাশ হয় নাই। প্রায় তাহাতেই প্রবলপরাক্রম ক্রিয়কুল নির্মূল হইয়াছিল। ক্রিয়গ্ণ তদবধিই নিষ্পুভ, ভারতভূমি তদবধিই বীরশ্ন্যা, আর্য্য গণ তদব্ধিই গৌরবহীন, হিন্দুস্থানে তদব্ধিই অলক্ষ্মীর আবাদ, এ কথা বলিলে অসঙ্গত হয় না।

তদনন্তর ভিন্ন দেশীয় রাজারা আদিয়া এ দেশে পুনঃপুনঃ উপদ্রে করে, এতদেশ জয় করে, তত্পলক্ষেও
অধিকাংশ ক্ষত্রিয়েরই নিধন হয়। ক্ষত্রিয় জাতির উপরে
এই সকল অত্যাচার হইয়া গিয়াছে, স্তরাং ক্ষত্রিয় জাতির
সভ্যা অল্পতরা।

বৈশ্য জাতির নামমাত্র শুনা যায়, এ কথাও অসঙ্গত। পশ্চিম দেশে অন্যাপি অনেক বৈশ্য বিদ্যমান রহিয়াছে : রাজপুতনা প্রভৃতি দেশে বৈশ্যের অল্পতা নাই, নেপাল, कानाकुक, अलाहावान, आंगता, जाविष्, महातार्थे, लएको, দিল্লী, বানারস প্রভৃতি স্থানেও বৈশ্যের অভাব নাই। কলিকাতা, মুর্সিদাবাদ, দেরাজ্ব্যঞ্জ প্রভৃতি স্থানেও অনেক অনেক বৈশ্যের সমাগম দেখা যায়, স্থতরাং চক্ষপান্ ব্যক্তিরা বলিতে পারেন না যে, ইদানীং বৈশ্য জাতির অভাব। সত্য বটে, এক্টি আদিমবর্ণ বৈশ্য জাতির যত অস্তিত্ব থাকার সম্ভব, তত নাই রাজবিপ্লবে সময়ে সময়ে এই জাতিরও অনেক উৎসাদ হইরাছে, এবং ইদানীং অনেক বৈশ্য ক্ষত্রিয় জাতিতে লীন হইয়াছে। পশ্চিম দেশীয় অনেক অনভিন্ত লোকেরা ব্রাহ্মণ ভিন্ন যজ্ঞসূত্রধারা ব্যক্তিমাত্রকেই ক্ষত্রিয় বলিয়া থাকে, দেই অজ্ঞতা জনিত কুসংস্কার বশতঃ অনেক বৈশ্য ক্ষত্রিয় নামে খ্যাত, পশ্চিম দেশে এইক্ষণে বৈশ্যদিগকে বেণেক্ষজ্রিয় বলে। অজ্ঞ-লোকের ঈদৃশ সংস্কার বিস্ময়কর নহে, এতদ্দেশেও দেখা বায় যজ্ঞসূত্রধারী ক্ষজ্রিয় কিংবা বৈদ্যগণকে দেখিলে অপ-রিচিত অজ্ঞ ব্যক্তিরা ব্রাহ্মণ বলিয়া বিশ্বাস করে ও ব্রাহ্মণ

জ্ঞানে প্রণাম করে। এতদ্দেশে ও পশ্চিম দেশে যাহার। আগরওয়ালা কিংবা মহেত্র বলিয়া পরিচিত তাহার। বৈশ্য।

এ কথা অবশ্য স্বীকার করি, এ দেশে ক্ষত্রিয় বৈশ্যের নিতান্ত বিরল্ভা, এমন কি কিছুকাল পূর্বে এতদেশে ক্ষজ্যি বৈশ্যের বাদস্থান ছিল না বলিলেও হয়। তাহার কারণ এই বর্ত্তমান সময়ে বঙ্গ গোড ও তৎপার্শ্ব স্থান-দমূহ যেমন উৎকৃষ্ট হইয়াছে, পুৱাকালে তাদৃশ উৎকৃত্ ছিল না. এমন কি অনেকে তীর্থ যাত্রা ব্যতীত বঙ্গ দেশে আদিতে ঘুণা করিতেন। অদ্যাপি ব্রহ্মপুত্র নদের পূর্ব্বভিটস্থ দেশ সমূহকে অনেকে পাগুববর্জ্জিত দেশ বলিয়া ঘুণা করেন। আজকাল যে কলিকাতা নানাবিধ ধবল সৌধ পরিশোভিতা, নানাদেশীয় বিবিধ বিদ্বজ্জনগণ বিরাজিতা, ভারতব্যীয় প্রধান নগরী, প্রধান রাজধানী নামে প্রসিদ্ধা, কিয়ৎকাল পূর্বের ইনি অরণ্যময়ী এবং বহু পশুরাশির আবাদ ভূমি ছিলেন। তুইশত বৎদর পূর্বেব কেহ ইহার নামমাত্রও অবগত ছিল না। কলিকাতার নিকটবর্ত্তী গঙ্গাদাগর নামক প্রদিদ্ধ স্থান, যে স্থানে ভগবান্ কপিলের আশ্রম ছিল, দগরের দহস্র দন্তান যে স্থানে ভস্মীস্কৃত হয়, মিম্নতা নিবন্ধন পোরাণিকেরা ঐ স্থানকে পাতাল কল্প বলিয়াছেন। পূর্ব্ব পূর্ব্ব কালে গৌড় বঙ্গ প্রভৃতি স্থান অরণ্যময় ছিল। ভূমির তাদৃশী উর্বেরতাশক্তি ছিল না, জলবায়ুর স্বস্থকারিতাশক্তি বা বলবীর্য্যবর্দ্ধিনী শক্তি ছিল না, ঈদুশা সভ্যতা ছিল না। বল, বীর্য্য, বিদ্যা, বুদ্ধি.

ধন স্তুতা, ধর্ম প্রভৃতিযে সকল মনুষ্যের প্রয়োজনীয় তাহার নিতান্তই অপ্রতুল ছিল, স্থতরাং লোকদংখ্যাও অত্যল্পতমা ছিল, অতএব কোন প্রবলপরাক্রমশালী রাজা এ দেশে রাজধানীর স্থাপন করেন নাই। রাজধানী, রাজ-তুর্গ, রাজ্বাসন্য, রাজপ্রতিনিধি প্রভৃতির অপ্রয়োজন-বশতঃ রাজজাতীয় কোন ক্ষল্রিয় এ দেশে বসতি করে নাই। রাজধানীর অভাব ও জনদংখ্যার অল্পতা প্রযুক্ত এই দেশ বাণিজ্যপ্রধান ছিল না। স্থতরাং বৈশ্য জাতিরও অভাব ছিল। এ দেশে শ্রমজীবী শূদ্রাদি এবং তত্ত্বপযোগী ব্রাহ্মণের বাদ ছিল, কিন্তু তাঁহারা তাদৃশ কর্মকুশল **कित्न ना । कालक्र य अ ८५८ वल्ला वला अर्थ शुरू**ष বৈদ্যবংশীয়দিগের রাজস্ব হয়। তাঁহারা এ দেশে আসিয়া দপ্তগ্রাম, স্থবর্ণগ্রাম, বিক্রমপুরান্তর্গত রামপাল এই তিন স্থানে রাজধানী স্থাপন করেন। "রাজার বাদ হইলেই রাজ্যের উন্নতি " ক্রমে ক্রমে গৌড় রাজ্যের বঙ্গরাজ্যের উন্নতি হইতে থাকে। যে দেশে <mark>যথন যে জাতী</mark>য় লোক বাজা হয়, তথন সে দেশে তজ্জাতীয় লোকের বাহুল্য গাকে এবং তদ্দেশে তজ্জাতীয় লোকের উন্নতির ও গৌর-বের বৃদ্ধি হয়। * এ দেশে বৈদ্য জাতির রাজধানী থাকাতে

^{*} কেছ কেছ বলেন, বল্লালসেন কায়স্থ বংশীয় ছিলেন। কায়-স্থেরা শাস্ত্রানুসারে ক্ষব্রিয় জাতি এবং তাহাদের যজ্জপুত্রধারণের অধিকার আছে ইত্যাদি; বল্লালসেন যদি কায়স্থ্জাতীয় হইতেন তবে ঐ সেন বংশীয় রাজাদিগের সময় হইতে কায়স্থদিগের অভ্যু-

ক্রমে ক্রমে বৈদ্য জাতির সংখ্যার রন্ধি ও গোরবের রন্ধি হইয়াছিল, স্থতরাং অন্যান্য দেশ অপেক্ষা এ দেশে বৈদ্য জাতির বাহুল্য দেখা যায়। এ দেশে বৈদ্যবংশীয় দেনরাজাদিগের রাজত্ব এবং তৎপরেও অনেক বৈদ্যের অভ্যুদয় হওয়াতে ইহাকে বৈদ্য প্রধান দেশ বা বৈদ্য দেশ বলা যাইত। এ দেশে দে সময়ে প্রবলপরাক্রম ক্ষতিয় ছিল না, অতএব ব্রাক্ষণ জাতির পরেই বৈদ্য জাতি মান, সন্ত্রম, বিদ্যা বৃদ্ধি ক্ষমতা ইত্যাদি বিষয়ে উৎ-

দর হইতে থাকিত। হিন্দুরাজাদিণের রাজত্ব লোপ অবধি কারস্থদিগের অভ্যুদর হইতেছে। কোন হিন্দুরাজার রাজত্ব সময়ে কারস্থদিগের ঈদৃশ অভ্যুদর ছিল না। যে যে স্থানে সেন বংশীয় রাজাদিগের রাজধানী ছিল, সেই সেই স্থানে বৈল্পজাভিরই আধিকা ও
সন্মান বাহুল্য ছিল; সেই সেই স্থানে অল্প পর্যান্তও কারস্থাণ
অভ্যাগারী হয় নাই। সেন বংশীয় রাজাদিগের সমকালীন কারস্থাবস্থা স্মরণ করিলে কোন মতেই ইহাদিগকে আর্য্যজাভি বলিয়া
বেশি হয় না।

অপিচ। সেন বংশীয় রাজারা যদি কায়স্থ ছিলেন এবং কায়স্থদিশের যদি মজ্জোপনীতের অধিকার থাকিত তবে যে সময়ে আদিশূর কান্যকুক্ত ছইতে পাঁচজন পণ্ডিত ত্রান্ধণের আনয়ন করেন, সে সময়েই কায়স্থদিশের যজোপনীত পরিপৃহীত ছইত, এবং ত্রান্ধণগণের সঙ্গে যে পাঁচজন কায়স্থ আদিয়াছিল তাহাদেরও যজস্ত্র থাকিত এবং তাহাদের সম্ভানগণ মধ্যেও তাহার প্রচার থাকিত।

কৃষ্ট ছিল, ধারাণাহিকক্রমে অদ্য পর্য্যন্ত তাহাই চলিয়া আদিতেছে।*

রাজা বল্লাল দেনের পূর্ব্বপুরুষ বৈদ্যজাতীয় ছিলেন, অতএব এ দেশে বৈদ্য জাতির বাহুল্য হয়, সেই বৈদ্য-দিগের ত্রাহ্মণের প্রয়োজন ছিল, এবং শূদ্র ভ্তার প্রয়োজন ছিল, অতএব কান্যকুজ হইতে পঞ্চ গোত্তের পাঁচ জন ত্রাহ্মণ আন্য়ন করেন। তাঁহারা এই ক্ষণে রাড়াশ্রোণী ত্রাহ্মণ নামে খ্যাত শ ঐ ত্রাহ্মণগণের সহিত

া এদেশীয় বৈদিক ত্রাহ্মণদিনের প্রস্থে লেখা আছে, শ্যামল বর্ম নামক কোন এক রাজার গৃহোপরি শকুন পক্ষী পড়িয়ছিল। রাজা ভারী অমঙ্গল আশস্কা করিয়া ভারার শান্তির নিমিন্ত শাকুন দত্র (শকুনমাংসদ্বারা যক্ত) করিতে শুনক, শান্তিল্য বশিষ্ঠা, সাবর্ণ, ভরদ্বাজ্ঞা, এই পঞ্চ গোত্রের পাঁচ জন আহ্মণ আনয়ন করেন। রাহ্মণেরা বেদোক্ত মন্ত্র প্রভাবে শকুন ধুত করিয়া তন্মাংস দ্বারা যক্ত নির্বাহ করেন। রাজা সমন্তোব হইয়া পঞ্চ ব্রাহ্মণকে পঞ্চ প্রাম প্রদান করেন। রাজা সমন্তোব হইয়া পঞ্চ ব্রাহ্মণকে পঞ্চ প্রাম প্রদান করেন। রাহ্মণেরা দেশে যাইয়া পশ্চাৎ স্বন্ধু সম্ভূত্য সন্ত্রীক এখানে আগমন করেন। দে সময়ে উহাদের সঙ্গে বাৎস্থাগোত্র কাশ্যপ গোত্রের বৈদিকেরাও এখানে আগমন করেন। রাজা ঐ পশ্চ গোত্র সপ্ত বৈদিক ত্রাহ্মণদিন্যের বস্তির জন্ম সপ্ত প্রাম নির্দ্দিন্ট করিয়াছেন, যথা 'অভর্জয়ারি গোড়ারি কোটালিপাড় এবর্ম আথরা পানকুণ্ডশ্চ' ইত্যাদি। অভর্জয়ারি প্রাম মুরসিদাবাদ নাইতে প্রথাধ্যে ভিনিকটন্থ ছিল। গোড়ারি প্রাম বিক্রম পুরের

পঞ্চ জন ভ্ত্যেরও দমাগমন হয়, এই ক্ষণে ঐ পঞ্চ গোত্রের ব্রাহ্মণ ও পঞ্চ্ত্যের বংশর্দ্ধি হইয়া এতদ্দেশ ব্যাপ্ত হইয়াছে। বৈদ্যরাজাদিগের এবং ব্রাহ্মণ ও শৃদ্ধিণের অন্যান্য যে দকল জাতীয় লোকের প্রয়োজন ছিল। যথা—নাপিত, গোপ, কুম্ভকার, বণিক্, পর্ণকার, মালাকার, স্বর্ণকার, রজক ইত্যাদি ঐ দমস্ত জাতিই এ দেশে আছে, এবং ঐ দকল জাতির মধ্যে বল্লালি নিয়ম প্রচলিত দেখা যায়। বৈদ্যরাজাদিগের দময়ে এ দেশে ক্ষত্রিয় বৈশ্যদিগের বিশেষ কোন প্রয়োজন ছিল না।

অন্তর্গত ভোজেশরের নিকট। কোটালিপাড় বাকরগঞ্জের অধীন বিক্রম পুরের দক্ষিণ। আধরা প্রাম করিদপুরের অধীন, নওয়া বাড়ী কায়নিয়ার পশ্চিম। পান কুণ্ড মাণিকগঞ্জের অধীন, ঝাউকান্দার উত্তর। মরীচি প্রাম সামন্তর্গার নামে খ্যাত। নবদ্বীপ স্থনাম প্রসিদ্ধা। নবদ্বীপে ভরদ্ধান্ত গোত্র বৈদিকদিশের আদিম বাদ। তদ্বংশে জগরাথ মিশ্র ছিলেন। তাঁহার পুত্র স্থপ্রাদ্ধ চৈত্রভাদেব। ঐ প্রাক্ষণেরা বেদোক্ত মন্ত্র দ্বারা শকুন ধরিয়াছিলেন, এবং বৈদিক ক্রিয়ার জন্ত্রে এদেশে আসিয়াছিলেন অতএব উাহার বৈদিক নামে প্রাদ্ধি অন্তর্গার ক্রিয়ার নিমিত্ত বৈদিক প্রাদ্ধান্তর্গার ক্রিয়ার হিলেন, বিশ্বর ব্যাসিরা হিলেন, কি পুর্বের আসিরাছিলেন, কি পুর্বের আসিরাছিলেন, কি পুর্বের আসিরাছিলেন, কি পরে আসিরাছিলেন, ইত্যাদি বিষয়ের স্ক্রবিস্তার রূপে পুনঃ স্মান্ত্রোচন এই প্রস্থেরই অন্তত্তর থতে অবসর ক্রমে করিব।

ত্তরাং ক্ষজির বৈশ্য ক্ষাতির এ দেশে সমাগম হয় নাই, অতএব ক্ষজিয় জাতির মধ্যে কোন প্রকারে বল্লাল কৃত নিয়মও দেখা যায় না। বল্লালদেন যদি ক্ষজিয় জাতি হইতেন, তাহা হইলে অবশ্যই এদেশে তৎসমকালীন ক্ষজিয়জাতির বাহুল্য থাকিত, এবং তাঁহাদেব মধ্যে বল্লালকৃত নিয়মেরও প্রচলন থাকিত। এই ক্ষণে এ দেশে যেসকল ক্ষজিয় দেখা যায়, ইহারা সেন মংশীয় বৈদ্যালয়ের অনেক পরে এখানে আদিগাছেন, এবং তোজন মলকৃত ক্ষালীন্য নিয়ম ইহাদের মধ্যে প্রচলিত দেখা যায়।

সারস্বত ব্রাহ্মণ ভিন্ন অন্য ব্রাহ্মণ ক্ষরিদ্রের পুরোহিত হইতে পারেন নাই, অদ্যাপিও পারেন না। ক্ষরিদ্রের মধ্যে বেমন কপ্পুর, থানা, নেহেড়া, টন্নন, সেট, মেহারা, তাড়োয়ার, সেট্তাড়ে লার, বুঁচিয়াতাড়ে ওয়াট, মল, সেহাই বাহেল, মাহেতা, বহোড়া, ধুঁইধা, ধাওন, বুধ্য়ান, মৌনি, চোবড়া, কঙ্কড়, সেটচক্ষন ইত্যাদি ধ্যু সকল উপাধি ও শ্রেণী

^{*}তোজ্যমল্লের আদিম নিবাধ স্থান মূলতানে ছিল। পিবে িনি কিয়ংকাল দিল্লীশ্বের মন্ত্রিত্ব পদে অভিষিক্ত ছিলেন।

[া] পূর্ব্বকালে প্রমপ্রবিত্র সরস্বতী নদীতটে বাঁহারা তপ্স্যা হোমাদি করিতো এবং বাদ করিতেন, তাঁহাদিগকে সারস্বত বাল্পক্ষে।

[্]র কায়স্থেরা ক্ষত্রির হইলে ভাঁহাদিগের মধ্যেও অবশ্য এই সকল উপাধি থাকিত এাং ক্ষত্রিসদিগের যে সকল গোত্র প্রবর

বিভাগ আছে, তেমন তাঁহাদিগের প্রেভিত দারস্ত ব্রাহ্মণগণের মধ্যেও মিশ্র, তিফা, বিঙ্গরণ, কালিয়া, মানিয়া, পাধা, কপ্রুর, গোদাঁই ইত্যাদি শ্রেণী বিভাগ ও উপাধি আছে। দেনরাজাদিগের দম্যে ঐ দকল দারস্বত ব্রাহ্মণও এ দেশে ছিলেন না। দেনরাজাদিগের পরে ক্ষত্রিয়েরা এ দেশে আদিয়াছেন। পরে দারস্বত ব্রাহ্মণগণও এ দেশে আদিয়াছেন। ই হাদের মধ্যেও ব্লালের নিয়্ম প্রচলন নাই। যাহা হউক পুর্ব্বোল্লিখিত কারণ বশতঃ এ দেশে পূর্ব্বকাল অবধি ক্ষত্রিয় ও বৈশ্যের বাদ ছিল না।

"মৃদ্ধবিণিক্ত ও মাহিষ্যের নাম পর্য্যন্ত লোপ হইতেছে" এ কথা সত্য। এই ক্ষণে আর মৃদ্ধবিদিক্ত ও মাহিষ্য জাতি প্রায় নাই; থাকিলেও তাহাদিগকে নিঃসন্দেহ ক্ষপে বিভক্ত করা নিতান্ত ছঃসাধ্য।

ব্রাহ্মণ, কজিয়, বৈশ্য, শৃদ্র, এই চতুর্বর্ণ আদিম মূল দাতি। ঐ চতুর্বর্ণ হইতে সমুদায় জাতির উৎপত্তি হইয়াছে। তন্মধ্যে পরস্পার সমান বর্ণ দ্বারা অর্থাৎ ব্রাহ্মণ দ্বারা ব্রাহ্মণীতে, কজিয় দ্বারা কজিয়াতে, বৈশ্য দ্বারা বৈশ্যাতে, শৃদ্র দ্বারা শৃদ্রাতে বে সকল সন্তান জনিয়াছে, তাহারা দ্বাপত্ত মাতৃভাতি অর্থাৎ ব্রাহ্মণ, কজিয়, বৈশ্য, শৃদ্র জা। প্রাপ্ত হইয়াছে। যাহারা পরস্পার অসমান বর্ণনারা উৎপন্ন হইয়াছে। যাহারা পরস্পার অসমান বর্ণনারা উৎপন্ন হইয়াছে, তাহারা পিতৃ মাতৃ জাতি হইতে পৃথক্ আছে, কায়স্থদিণের মধ্যেও সেই সকল গোত্র প্রবর পাকিত। ক্রিরাদিণের গোত্র প্রবরের করের নাই।

মন্য অন্য জাতিবিশেষ হইয়াছে, যথা —ব্রাহ্মণ দ্বারা ক্ষত্রিয়াতে মৃদ্ধিবিদিক্তা, বৈশ্যাতে অন্বষ্ঠা, শৃদ্ধাতে পারশব, ক্ষত্রিয় দারা বৈশ্যাতে মাহিষ্যা, শৃদ্ধাতে উগ্র, বৈশ্য দ্বারা পূদ্ধাতে করণ (কায়স্থ) ইত্যাদি জন্মিয়াছে। ঐ সকল জাতিকে অনুলোমজ জাতি কহে। পরস্পার বিভিন্নজাতি দ্বারা ব্যতিক্রমে অন্য প্রকার জাতি বিশেষেরও উৎপত্তি হইয়াছে। তাহাদিগকে প্রতিলোমজ জাতি কহে। যথা শৃদ্ধ দ্বারা ব্রাহ্মাণিতে চণ্ডাল, ক্ষত্রিয়াতে ক্ষত্রা, বৈশ্যাতে আয়োগব, ক্ষত্রিয় দ্বারা ব্রাহ্মাণিতে মৃত, বৈশ্য দ্বারা ব্রাহ্মাণিতে বিদেহ, ক্ষত্রিয়াতে মাগধ, এই সকল জাতি জন্মিয়াছে।

এই যে সমান বর্ণজাত ও অসমান বর্ণজাত জাতি সন্থা দায়ের কথার উল্লেখ হইল, তন্মধ্যে সমান বর্ণজাত জাতি অপেক্ষা অসমান বর্ণজাত জাতির সন্থ্যা সম্ভবতঃ অঙ্গই হইতে পারে। যেহেতু পূর্বতন লোকেরা যদিচ সমান অসমান সমুদায় জাতিতে বিবাহ করিতেন কিন্তু তথাপি একথা অবশ্য স্বীকার করিতে হইবে, সমান জাতিতে মত বিবাহ হইত, অসমান জাতিতে তত বিবাহ হইত না। যে হেতু প্রাচীন ধর্মপ্রচারকেরা অসমান জাতি বিবাহ অপেক্ষা সমান জাতি বিবাহের প্রশস্ত্র পুনঃ পুনঃ ব্যক্ত করিয়াছেন এবং অসমান জাতি বিবাহ অপ্রশস্ত বলিয়াত্রে। যথা—

''উদ্বহেত দ্বিজা ভার্য্যাং স্বর্ণাং লক্ষণান্ধি তাম্।"

মমু:

ষিজাতিরা সমানবর্ণা লক্ষণান্বিতা ভার্য্যা বিবাহ করিবেন

'বাক্ষণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরিগ্রহে। সজাতিঃ শ্রেষ্মী ভার্য্যা সজাতিক্য পতিঃ স্তিয়াঃ ! নাবদসংহিতা ৷

প্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য, ইহাদের বিবাহে সজাতীয়। ভার্য্যাই শ্রেষ্ঠা, এবং স্ত্রীদিগেরও সজাতীয় পতিই শ্রেষ্ঠ। ''জার্যাঃ সজাতােঃ সর্কোষাং ধর্মাঃ প্রথমকল্লিকঃ।" ইতি যমবচনম।

সকল জাতীয় পুরুষেরই সজাতি হইতে ভার্য্যা গ্রহণ প্রথম কল্লিক ধর্ম।

''ভার্য্যাঃ সজাতীয়াঃ সর্ফোষাং শ্রেয়স্যঃ স্থাঃ।" ইতি পৈঠীন দিবচনম।

সকলেরই সজাতীয়া ভার্যা শ্রেষ্ঠা। মন্ত্র আরও বলিয়াছেন।---"স্বৰ্ণ গ্ৰেছিজাতীনাং প্ৰশস্তা দাৱকৰ্মণি। কামতস্ত প্রবৃতানামিমাঃ স্থাঃ ক্রমশোহবরাঃ॥"

দ্বিজাতিদিগের দারক*র্*মতে স্বর্ণা ভার্য্যাই প্রশস্তা। যাহার। কামতঃ বিবাহ করিতে প্রবত্ত হয়, ভাহার। জুমেতে নীচজাতীয়া কন্যাও বিবাহ করিতে পারে, কিন্তু তাহ। অপ্রশস্ত।

ধর্মপ্রণেতারা সকলেই পুনঃ পুনঃ বলিয়াছেন, স্বর্ণা ভার্ন্যাই শ্রেষ্ঠা, স্থতরাং অসবর্ণা ভার্য্যা প্রশস্তা নহে । যাঁহার অদ্বর্ণা ভার্যা পরিগ্রহ করিয়াছেন, তাহারা তৎকার্যো কামতঃ প্রব্রত হইরাছিলেন। ইহা দ্বারা জানা যাইতেছে অসমৰ্থ বিবাহ প্ৰবিকালেও সাধসমাজে প্ৰশংসনীয় ছিল না। পর্বতন লোকের। বর্তমান কালের লোকের ন্যায় নিতান্ত লাস্টে ছিলেন না, বা প্রায় সচরাচর অপ্রশস্ত কার্য্য করিতিন না। তাঁহারা বিশেষ কোন কারণে বাধ্য হইয়া কণাচিৎ অপ্রশস্ত কার্য্য করিতেন। ইহা দ্বারা নি চয় বোধ হয়, পুরাকালে সজাতীয় বিবাহের যত বাহুল্য ছিল, অসমানজাতি বিবাহের তত বাহুল্য ছিল না। অনেকেই সজাতি বিবাহ করিতেন, কদাচিৎ কেহ কোন বিশেষ কারণে বাধ্য হইয়া অসমানজাতীয় বিবাহ করিতেন স্নতরাং সজাতি জাত সন্তানই অধিক পরিমাণে হইত, অসমানজাতি জাত সন্তানই অধিক পরিমাণে হইত, অসমানজাতি জাত সন্তান অল্ল হইত। এতাবতা এই স্থির হইতেছে, বাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শুদ্র, এই আদিম মূল জাতীয় লোক সংখ্যার যত রন্ধি হইয়াছে, মূর্দ্ধাবদিক্ত অম্বষ্ঠ মাহিষ্য প্রভৃতি অনাদি জাতীয় লোক সংখ্যার তত বৃদ্ধি হইতে পারে নাই।

পৃথিবীতে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র, এই বর্ণচতুষ্টয়ের লোক সংখ্যা অপেকা মূর্দ্ধাবসিক্ত অন্বষ্ঠ, মাহিষ্য, করণ প্রভৃতি জাতির সংখ্যা স্বভাবতই লঘীয়নী ছিল,। মূর্দ্ধাবসিক্ত প্রভৃতিরা স্বস্থ মাতৃজাতিতে লীন হওয়াতে তত্ত্ত-ভাতিতে ব্যুপদিন্ট হইয়াছে।

উশনঃসংহিতাতে উক্ত আছে, ব্ৰাক্ষণ হইতে ক্ত্রি লাতে স্বৰ্ণ > ভিষক্ ২ নূপ ৩ এই তিন প্ৰকার পু্ত্র জিনায়াছিল।

তদ যথা।

''বিধিনা ব্রাহ্মণাৎ প্রাপ্ত-নূপায়ান্ত সমস্তকঃ। জাতঃ স্থবর্গ ইত্যুক্তঃ সোহসুলোমদ্বিজঃ স্মৃতঃ॥ ক্ষত্রবর্গক্রিয়াং কুর্কান্নিত্যনৈমিত্তিকী॰ ক্রিয়াম্। অশং রথং হস্তিনং বা বাহরেদ্ব। নূপাজ্ঞরা ॥

দৈনাপত্যঞ্চ ভৈষজ্যং কুর্যাজ্জীবেজু রুন্তিষ্ ।
নূপায়াং বিপ্রভশ্চোর্যাৎ যোজাতঃ দ ভিষক্ স্তঃ ॥
অভিষিক্তন্পদ্যাজ্ঞাং পরিপাল্য তু বৈদ্যকম্।
আয়ুর্কেদমথান্তাক্ষে বেদোক্তং ধর্মমাচরেৎ ॥
জ্যোতিষং গণিতং বাপি কায়িকীং রুন্তিমাচরেং।
নূপায়াং বিবিনা বিপ্রাক্জাতো নূপ ইতি স্তুতঃ।"

ব্ৰাহ্মণ হইতে বিধিপূৰ্ব্বক প্ৰাপ্ত ক্ষত্ৰিয়াতে সমন্ত্ৰক যে পুত্র উৎপন্ন হইয়াছে, তাহার নাম স্থবর্ণ। ইহার ক্ষত্র বর্ণোচিত কর্মা, অর্থাৎ ক্ষত্রিয়বং আচার ব্যবহার। স্থবর্ণ জাতি রাজার আজ্ঞাক্রমে অধ রথ হস্তির বহন করাইবে এবং দেনাপতিত্ব ভৈষজ্য ইহার রতি। ইহাদের ক্ষত্রবৎ वात्रवात अयुक्त इंशामिशतक अपूर्वकाविय पतन। अपूर्व ক্ষত্রিয়ের অপভ্রংশ শব্দ দোণ ক্ষত্রিয়, অদ্যাপি দোণ ক্ষত্রিয় নামক এক প্রকার ক্ষতিয়জাতিবিশেষ পশ্চিম দেশে বিদ্যমান আছে। ব্ৰাহ্মণ হইতে ক্ত্ৰিয়াতে চৌৰ্য্যক্ৰমে বে দন্তান জন্মিয়াছে, তাহার নাম ভিষক্। ইহারও ক্ষত্রিয়বৎ আচার ব্যবহার। অভিষিক্ত রাজার আজ্ঞা প্রতি-পালন করিয়া অফাঙ্গ আয়ুর্কেদ, জ্যোতিষ, গণিত, এবং কায়িক বুত্তির অবলম্বন করিবে! ব্রাহ্মণ হইতে ক্ষত্রি-য়াতে বিধিপূর্ব্বক অমন্ত্রক যাহার জন্ম হইয়াছে, তাহার নাম নূপ। ইহারও ক্ষত্রিয়বৎ ব্যবহার। ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়া গর্ভজাত উক্ত তিন প্রকার পুত্রকেই যাজ্ঞবল্ক্য সংহিতায় মৃদ্ধাবদিক্ত নামে অভিহিত করিয়াছেন।

उम यथा।

''বিপ্রান্মুর্দ্ধাবসিজে । হি ক্ষজিয়ায়াং বিশঃ স্তিয়াম্। অস্বঠঃ স্ত্রোং নিষাদো জাতি পারশবোহিপি বা॥" যাজবক্ষাঃ।

বাহ্মণ হইতে ক্ষত্ৰিয়াতে মৃদ্ধবিসক্তি, বৈশ্যাতে অন্বষ্ঠ, শূদ্ৰাতে নিষাদ জাতি জন্মিয়াছে।

উল্লিখিত অনুলোমজ সন্থানগণের মাতৃবং ব্যবহার হেতু মিতাক্ষরাকার উহাদিগকে মাতৃবর্ণে ব্যপক্ষি করিয়া লিখিয়াছেন। যথা—

"তত্র ক্ষত্রিয়া? জাতঃ ক্ষত্রিয় এব, বৈশ্যায়াং জাতো বৈশ্য পুন, শূদ্রায়াং জাতঃ শূদ্রএব ভবতি॥" দিজাতির অনুলোমজ সন্তানগণের মধ্যে সাহারা ক্ষত্রি-যার গর্ভে জন্মিয়াছে, তাহারা ক্ষত্রিয়ই হইবে। যাহারা বৈশ্যা গর্ভে জন্মিয়াছে, তাহারা বৈশ্যই হইবে। যাহারা শূদ্রা গর্ভে জন্মিয়াছে, তাহারা শুদ্রই হইবে।

ব্যাস বলিয়াছেন।

''বিপ্রাবং বিপ্রবিন্নাস্থ ক্ষত্রবিন্নাস্থ ক্ষত্রবং। জাতঃ কর্মাণি কুর্ব্বীত বৈশ্যবিন্নাস্থ বৈশ্যবং॥ বৈশ্যক্ষতিয়বিপ্রেভ্যঃ শূদ্রবিন্নাস্থ শূদ্রবং॥"

রাক্ষণদারা বিবাহিতা রাক্ষণীতে যাহার জন্ম, তাহার রাক্ষণের ন্যায় ব্যবহার শ্রাক্ষণদারা বিবাহিতা ক্ষত্রিয়াতে নাহার জন্ম, তাহার ক্ষত্রিয়বৎ ন্যবহার। রাক্ষণ ও ক্ষত্রিয় দারা বিবাহিতা বৈশ্যাতে ঘাহার জন্ম, তাহার বৈশ্যবৎ ব্যবহার। রাক্ষণ ক্ষত্রিয় বৈশ্যদারা শূদ্রাতে যাহার জন্ম, তাহার শূদ্রং ব্যবহার। ধর্মপ্রণেত্গণ কর্ত্ক এই সকল ব্যবস্থাপিত হওয়াতে, ত্রাহ্মণ হইতে ক্ষজ্রিয়াগর্ত্ত স্থবর্ণ ভিষক্ নৃপা, এই পৃথক্ পৃথক্ নামধের এক মূর্কার্বাসক্ত জাতি, ক্ষত্রির ধর্মের সহিত অভিন্ন আচার ব্যবহার করিয়া ক্ষত্রির মধ্যেই অতিদিন্ট হইয়াছে, অত্এব মহামহোপাধ্যার অমরদি'হ স্বকৃত কোষে মূর্কাবসিক্ত ক্ষত্রিয় নৃপ ইত্যাদি এক প্রায়েক শব্দ নির্দ্দিন্ট করিয়াছেন। যথা—

> " মুর্দ্ধাভিষিতেশ রাজন্যো বাহুজঃ ক্ষতিয়ো,বিরাট । রাজি রাট পার্থিক্ষমাভঃনূপভূপমহাকিতঃ॥"

পুর্নের বনা হইরাছে, প্নঃ পুনঃ বুদ্ধারা ক্ষত্রিরকুল প্রংস হইরাছে, মূর্কাবসিক্ত জাতিও প্র্নঃপুনঃ তৎসহচর হইরাছিলেন। হস্তি অধ রথ রক্ষা অন্ত্রধারণ সৈনাপত্য চিকিৎসা, এই সকল মূর্কাবসিক্তের ধর্মা, স্তুত্রাং যুদ্ধ সময়েই ইহাদের নিতান্ত প্রয়োজন, অতএব অনুমিত হয়, প্রত্যেক বুদ্ধে ক্ষত্রির অপেক্ষাও অধিক মূর্কাভিষিক্তের বিনাশ হইয়াছে। পরস্পার ভিন্ন বর্ণদার বারা উৎপত্তিহেতু আদিম মূলজাতি অপেক্ষা সভাবতই মূর্কাভিষিক্ত অল্পমংখ্যক বুদ্ধ উপস্থিত হইলে, অগ্রেতাহারাই কালকবলিত হইয়াছে, স্থত্রাং মূর্কাবসিক্তের সংখ্যার ক্রমশং ব্রাস হইয়াছে: অবশিষ্ট যাহারা ছিল, তাহারা এইক্ষণে ক্ষত্রির জাতির ন্যায পর্যান্ত লোপ হইতেছে। মূর্কাভিষিক্ত জাতির ন্যায মাহিষ্যজাতিও জাতিত্বরে পরিণত হইয়াছে।

বান্ধাণ, ক্ষারা, বৈশ্যা, শূদ্রা, এই বর্ণচতুষ্টয় আদিন

গুলজাতি। অনুলোমজ প্রতিলোমজ জাতি সংখ্যা অপেকা ইহাদের সংখ্যা সভাবতই অধিকতমা থাকিবে। তন্মধ্যে দর্ব্যপেকা ব্রাক্ষণের সংখ্যাবাহুল্য থাকা সম্ভব, যেহেছু পূজাতম ব্রাক্ষণের সংখ্যাবাহুল্য থাকা সম্ভব, যেহেছু পূজাতম ব্রাক্ষণের স্বংস হয় নাই। বিশেষ ব্রাক্ষণেরা গিতাহারী নিতাহারা তপদী ছিলেন, তহুণতঃ ইহাদের প্রায় অকালমুহ্য হয় নাই। প্রহাত আয়ুর র্দ্ধিই হইয়াছে, অত এব নিত্রই সকলজাতি অংশকা ব্রাক্ষণজাতির বাহুল্যে

ক্ষতিয়জাতি আদিমমূল জাতি হইলেও যুদ্ধবিগ্রহ বিলাদ্দিতা প্রভৃতি নানা কারণে ক্ষতিয়কুলের প্রংস হইয়াছে। ক্ষতিয়জাতিতে যত অত্যাচার হইয়াছে, তদ্ধারা ক্ষতিয়ন্ধার হওয়াই সম্ভব, কিন্তু ক্ষতিয়গণ বহুবিবাহক্তি ছিলেন, এবং ইঁহাদের মধ্যে রাক্ষ্য বিবাহের * প্রচলন ছিল। ক্ষতিয়জাতি অনেক ভিন্ন জাতীয় কন্যা বিবাহ ক্রিতেন, স্থতরাং ক্ষতিয়নিগের বহুসন্তান জন্মিয়াছে। ক্রাভিসিক্ত প্রভৃতিরা ক্ষতিয়জাতিতে লীন হইয়াছে। আজানতা বশতঃ বা কুসংকার বশতঃ অনেক বৈশ্যও ক্ষতিয়ন্ধার পুষ্ঠি বদ্ধান করিয়াছে ও এই সকল কারণ বশতঃ ক্রিয় সংখ্যা নিতান্ত লঘীয়সা ইইতে পারে নাই।

ব্ৰাহ্মণ ক্ষত্ৰিয় শূদ্ৰ অপেকা পূৰ্ববিদাবধি স্বভাৰতই বৈশ্য

ৰলপূর্ব চ কন্যা অপহরণ করিয়া বিবাহ।
 ভরতবর্ষের স্থানে স্থানে বৈশ্যদিগকে বেণে ক্রিয় কছে।

অল্প ছিল। * বৈশ্যেরা ক্ষজ্রিয়দিগের ন্যায় তাদৃশ বহু বিবাহ-রুচি ছিল না বিশেষতঃ কতকগুলি লোকের অনভিজ্ঞতা বশতঃ কতকগুলি বৈশ্য ক্ষজ্রিয়ঙ্গাতিতে অতিদেই হইতেছে স্থতরাং বৈশ্যের সংখ্যা ত্রাক্ষণের সংখ্যা অপেক্ষা অল্প।

শূদ্রজাতিও আদিম মূলজাতি। ক্ষত্রির বৈশ্য অপেক্ষা শূদ্র সংখ্যার আধিক্য থাকার সম্ভব † শূদ্রেরা এইক্ষণে কারস্থ বলিয়া পরিচয় দেন। মুটে, মজুর, দাঁড়ি, মাঝি, ভাণ্ডারি প্যাদা, প্রভৃতি সকলেই এইক্ষণে কারস্থ হইয়াছে, কিন্তু অনেক রায়, সিংহ, মজুমদার সরকার চৌধুরি, মুনদী, জমিদার, বাবু প্রভৃতিরও পিতা পিতামহাদি শূদ্র ছিলেন। এমন কি কান্যকুক্ত হইতে পঞ্চ ব্রাহ্মণের সহিত ঘোষ, বস্থ, গুহ, মিত্র, দত্ত, এই যে পাঁচ জন ভৃত্য আসিয়াছিলেন, তাহারাও তৎকালীন এ দেশে আসিয়া শূদ্র বলিয়াই পরি-চয় দিয়াছিলেন। তৎকালিক প্রস্থে এবং কুলজা প্রস্থে হা তাহাদিগকে শূদ্র বলিয়া উক্ত করিয়াছে, তদ্বংশীয়েরা কিছুকাল শৃদ্র থাকিয়া পরে কায়স্থ হইয়াছিলেন, এইক্ষণে অনেকে ক্ষত্রির হইতেছেন।

পূর্ব্ব কালে সত্ত্বাদিগুণের অন্যতম সংমিশ্র গুণদ্বাবলদ্বী মনুষ্যাগণ বৈশ্য হইরা ছিলেন, অতএব বৈশ্যসংখ্যা অংপ ছিল।

[†] শৃদ্রেরা ব্রাহ্মণ, ক্ষত্রির, বৈশ্য, অম্বষ্ঠ, মাহিন্য মূদ্ধাবসিত প্রভৃতি উংক্ষা জাতি সকলের দেবক ছিল, অতএব অনেক শৃদ্রের প্রয়োজনহেতু সভাবতই শৃদ্রসংখ্যার বাহুল্য ছিল।

[্]রাত্র পুস্তকের অন্যতম খণ্ডে প্রমাণের সহিত ইংার স্থবিস্তার সমালোচন হইবে।

অনেকের সংস্কার আছে, শূদ্র ও কায়স্থ অভিম্বজাতি, অতএব তাহারা কদাচিৎ কায়স্থ বলিয়া পরিচয় দেয়, কদাচিৎ
শৃদ্র বলিয়াও পরিচয় দেয়। তাদৃশ সংস্কার কায়স্থ শূদ্রদিগের
স্থালোকের মধ্যে বিশেষরূপে বঙ্গমূল আছে। তাহারা
নিঃসন্দেহ চিত্তে মৃক্তকণ্ঠে "শূদ্রাণী, (শূদ্রা) বলিয়া পরিচয়
দিয়া থাকে। শূদ্রেরা এই কণে কায়স্থ হওয়াতে ক্রমে
শূদ্রের সংখ্যা অল্লা হইতেছে। অনেকে বলেন নবশাথ
জাতিরা শূদ্র, আর সকলে কায়স্থ। এই কাল্লনিক কথা যে
দ্রম-পরিপূর্ণা তাহা দ্বিতীয় খণ্ড পুস্তকে প্রকাশ হইবে।

আদিম মূলজাতি অপেকা অনুলোমজ প্রতিলোমজ-জাতির সংখ্যা হীনা। তথ্যধ্যে অনুলোমজ জাতি অপেকাও প্রতিলোমজ জাতির সংখ্যা হীনতরা। তাহার কারণ এই, কামতঃ প্রস্তুদিগের অনুলোম ক্রমে অসবর্ণা বিবাহের বিধান সপ্রশস্ত্রপ্রপে শাস্ত্রে দেখা যায়, কিন্তু প্রতিলোম বিবাহের বিধান কোন শাস্ত্রে নাই ববং অনেক স্থানে প্রতিলোম বিবাহের নিয়েব বা নিন্দাই শুনা যায়। যথা—

''ন চ শূজাং দ্বিজঃ কশ্চিং নাধমঃ পূর্ব্বর্বজান্।" ব্যাসঃ। কোন দ্বিজ শূজা বিবাহ করিবে না এবং নীচ জাতীয় '্রুষেরা উচ্চজাতীয়া কন্যা বিবাহ করিবে না।

অতএব মকু নির্দেশ করিরাচেন। ''শূদৈব ভার্য্যা শূদ্রগ্য সাচ স্বাচ বিশঃ স্মৃতে।

তে চ স্বা চৈব রাজ্ঞ স্কঃ তাশ্চ স্বা চাগ্রজন্মনঃ ।"

ক্ষত্রিয়া ওবা নগী ভার্য্যা হইতে পারিবেক। ইহার তাৎপর্য্য এই, উত্তম বর্ণেরা অধম বর্ণের কন্যা বিবাহ করিতে পারিবে, অধমেরা উত্তম বর্ণের কন্যা বিবাহ করিতে পারিবে না।

''ব্রাহ্মণস্যান্তলোম্যেন স্ত্রিয়েংহ্ন্যাস্থ্রিত্র এব তু।'' নারদসংহিতা।

বালাণের অনুলোম ক্রমে ক্ষজ্রিয়া বৈশ্যা শূদা, এই তিন স্ত্রী হইতে পারে।

"দ্বে ভার্ব্যে ক্ষজ্রিয়স্যান্যে বৈশ্যবৈদ্যকা প্রকীর্ত্তিত। বৈশ্যায়া দ্বৌ পতা জ্ঞেয়াবেকোহ্ন্যঃ ক্ষত্রিয়াপতিঃ॥" নাবদ সংহিতা।

ক্ষত্রিরের বৈশ্যা শূদু এই অন্যা ছুই ভার্য্যা হইতে পারে। বৈশ্যের শূদ্রা, এই অন্যা এক ভার্য্যা হইতে পারে। বৈশ্যার ক্ষত্রির ও বাহ্মণ এই অন্য ছুই পতি হইতে পারে। ক্ষত্রিরার ব্রাহ্মণ, এই একমাত্র অন্য পতি হইতে পারে।

প্রতিলোম বিবাহ নিষেধ হেতু শাস্ত্রকারেরা প্রতি-লোমজ সন্তানগণকে আর্য্যধন্ম বিগর্হিত বলিয়াছেন। যথা – 'অস্তুলোমাস্থ মাতৃবর্ণাঃ প্রতিলোমস্থার্যধর্মবিগর্হিতাঃ।"

বিশ্ব সংহিতা।

অনুলোমজ দন্তানেরা মাতৃবর্ণ প্রাপ্ত হইবে, প্রতি লোমজ দন্তানেরা আর্যুধর্ম বিগহিত হইবে।

অকুলোমজ দন্তান অপেক্ষা প্রতিলোমজ সন্তান নিন্দনীয়, অতএব ধর্মশাস্ত্রপ্রণেতৃগণের মধ্যে কেহ কেই অকুলোমজ দন্তানের বর্ণসংকরত্ব দীকার না করিয়া কেবল প্রতিলোমজ দন্তানের বর্ণসম্করত্ব স্বীকার করিয়াছেন। বুধা ''আকুলোম্যেন বর্ণানাং যজ্জন্ম স বিধিঃ সৃতঃ। ⊴িলোমেয়ন যজ্জন্ম স জেয়োবর্ণক্সরঃ॥" নারদসংহিতা।

ব্রাহ্মণাদি বর্ণের অনুলোম ক্রমে বে জন্ম হয়, তাহাই বিধি বলিয়া পরিগণিত, প্রতিলোম ক্রমে বে জন্ম তাহাকে বর্ণসঙ্কর বলে। এই প্রমাণানুসারে মুদ্ধাবিসিক্ত অন্বষ্ঠ প্রভৃতি অনুলোমজ সন্তানগণের বর্ণসঙ্করতা নাই। যাহারা প্রতিলোমজ সন্তান তাহারাই বর্ণসঙ্কর।

''অধনাতুভমায়াক্ত জাতঃ শূদ্রাধম স্তঃ।" ব্যাসসংহিতা।

নীচ জাতীয় পুরুষ হইতে উত্তম জাতীয়া স্থ্রীতে যাহাদের জন্ম হয়, তাহারা শূদ্রেরও অধম। এই সকল নিন্দা
ফাতি দ্বারা জানা যাইতেছে, প্রতিলোম বিবাহ শাস্ত্রাকুমোদিত নহে। অতএব অনুলোমজ জাতি অপেক্ষা প্রতিলোমজ জাতির সংখ্যা অল্লতরা, স্বতরাং সূত মাগধ
বৈদেহ প্রভৃতি জাতির বাহুল্য ছিল না। এইক্ণণে ঐ সকল
প্রতিলোমজ জাতির অনেকগুলির লোপ হইয়াছে, কতক
গুলি ভিন্ন জাতিতে লীন হইয়াছে।

অনুলোমজ জাতির মধ্যে ইদানীং কারস্থ জাতির অতিবিস্তীর্ণতা দেখা যায়, এমন কি ব্রাহ্মণ সংখ্যা অপেক্ষাও কারস্থ সংখ্যা ভূয়িষ্ঠা। কিন্তু সম্ভবতঃ আদিম মূল জাতি অপেক্ষা বিশেষ ব্রাহ্মণ জাতি অপেক্ষা অনুলোমজ জাতির সংখ্যা কোন ক্রমেই অধিক হইতে পারে না, তাহা পূর্ব্বে প্রতিত হইয়াছে। বিশেষ কারস্থজাতি বৈশ্য হইতে

শূদ্রাগর্ভদমুৎপ্রা, দ্বিজাতিদিগের শূদ্রা বিবাহ নিতান্ত গহিতি। যথা—

ব্যাসসংহিতায়াম্।

ন চ শূজাং দ্বিজঃ কশ্চিৎ নাধমঃ পূর্ব্বর্ণজাম্।"
দ্বিজাতিরা শূজা বিবাহ করিবে না এবং অধম বর্ণ উত্তম
বর্ণজা কন্যা বিবাহ করিবে না।

"আপদ্যপি ন কর্ত্তব্যা শূদ্রা ভার্য্যা দ্বিজাতিনা।" ইতি শঋঃ।

দ্বিজাতিরা আপেৎকালেও শূদ্রা ভার্য্যা করিবেন না । ''তন্মাৎ দর্ব্বপ্রথত্নেন শূদ্রভার্য্যাং বিবর্জ্জরেৎ।" শঙ্খদংহিতা।

দিজাতিরা যত্নপূর্বক শৃদ্রভার্য্যা পরিত্যাণ করিবে। এই দকল প্রমাণ দৃষ্টে অনুমিত হয়, দিজাতিদিণের মধ্যে অনুলোম রিজাতি বিবাহের য়ত বাহুল্য ছিল, শৃদ্রা বিবাহের তত বাহুল্য ছিল না, অতএব দিজাতি হইতে শৃদ্রাণর্ভজাত পারশব, উগ্র, করণ (কায়স্ব) জাতিরও বাহুল্য ছিল না। অন্যাপি দেখা যায়, পারশব ও উগ্রজাতির অল্পতারহিয়াছে। দাহায়্য বশতঃ কায়স্ব জাতিরও অল্পতাই সম্ভবনীয়া। কিন্তু এই ক্ষণে তাহার বিপরীত দেখা য়ায়। এদেশে কায়স্বের সংখ্যা বোক্ষণের সংখ্যা অপেক্ষাও অবিকতরা। ইহার কারণ এই, ইদানীং অনেক জাতি কায়স্ব জাতিতে পরিণতা হইতেছে। পূর্ব্বে বলা হইয়াছে, এই ক্ষণে শৃদ্র সংখ্যার ক্রমে লাঘব হইতেছে। সকলেই কায়স্ব হইয়াছে। পিতা পিতামহ প্রভৃতি শৃদ্র ছিলেন,

পুত্র কিঞ্চিৎ লেখা পড়া শিখিয়া চর্ম্মপান্ত্র্কা পদলগ করিতে পারিলেই প্রধান এক কায়স্থ হইলেন। তাঁহার আর ছোট শূর্দ্রের সহিত আহার ব্যবহার থাকিল না; এমন কি দ্বিজাতি অন্দর্যের অন্ধ পর্যান্ত পরিত্যাগ করিলেন, অর্থের বলাবল অনুসারে প্রথম দাস, পরে সরকার, পরে ঘোস বা বস্তু হইলেন। এই প্রকারে কায়স্থের সংখ্যা রুদ্ধি হইয়াছে।

কায়স্থ ও শূদ্র ইহাদের পরস্পার সংমিশ্রণ হওয়াতে এই ক্ষণে কে কায়স্থ, কে শূদ্র, ইহার নিশ্চয়রূপে অব-ধারণ করা যায় না। এই ক্ষণে যদি কোন কোন কায়স্তকে জিজ্ঞাদা করা যায়, আপনি যথার্থ কায়স্থ কি শুদু 🤊 তবে অনেকে নিঃসন্দেহরূপে স্বীয়জাতির নিরূপণ পূর্বক উত্তর দিতে পারিবেন না। বর্তুমান কালে কায়স্থ ও শূদের পর-ম্পার বিভাগ করা নিতান্ত জ্বংসাধ্য হইরাছে। দেখা যায়, কোন ব্যক্তি থানাতে বা কোন আদালতে প্যাদা গিরি চাকরি করিতেন, অতএব লোকে তাঁহাকে দিংহ বলিত। এই ক্ষণে তাহার সন্তানেরা সিংহ উপাধি মৌলিক কায়েত হইয়াছেন। অনেক সিকদার সরকার হইয়াছেন। অনেক মাঝি, ছৈয়াল (ঘরামি) দরকার হইতেছেন। পল্লীগ্রামে যদেশে অনেকে ত্রাহ্মণের বা বৈদ্যের অথবা কায়স্থের ভত্য (নফর) বিদেশে তাহাদের পুত্রেরা গবর্ণমেণ্টের বিচারালয়ে অথবা কোন ধনিব্যক্তির সমীপে কর্ম্ম করিয়া ভদ্র কায়স্থগণের সংদর্গদারা কায়স্থ হইতেছেন। এই প্রকারে প্রকৃত শুদ্রের সংখ্যার ন্যুন হইয়া কায়স্থের শংখ্যার রূদ্ধি হইতেছে।

জাতিমির।

কায়স্থ সংখ্যার রদ্ধির আরও ক রণ দেখা যায়। লোকে কথায় বলে 'জাত হারালে কায়েত্ত" অনেক ভিন্ন জাতীয় লোক আনিয়া কায়স্থ শ্ৰেণী ভুক্ত হইতেছে। অনেক তাঁতি ধনী হইয়া কায়স্থ হইয়াছেন। অনেক কৈবৰ্ত দাস হালুষা দান কায়স্থ বলিয়া পরিচয় দেয়। অনেক দাসীপুত্র (চাকরাণীর পুত্র) প্রভুর অনুগ্রহে কায়েত। পশ্চিম দেশ হুইতে সনেক তামলী প্রভৃতি এদেশে আসিয়া কায়স্থ হইয়াতে। সদ্গোপ চাসা ধোপা প্রভৃতি নানাজাতীয় লোক স্বদেশ ও স্বায় সমাজ হইতে অহির্গত হইয়া কায়স্থ বলিয়া পরিচয় দেয়। শাহার বংশের আদি অন্ত বা কোন প্রকার নিশ্চয়াবধারণ না হয়, অগত্যা তাহারা পরিশেয়ে কায়ত্ব হইয়া পডে। অনুসন্ধান করিলে দেখা যায়, অনেক কায়স্তের আদি বাস স্থানের নিরূপণ অথবা পূর্ব্য পুরুষের নিরূপণ পাওয়া যায় না। অনেক কারস্থের জ্ঞাতি বা পূর্ব্ব পুরুহীয় কুটুদ্ব দেখা যায় না। ইদানীং ''জাত বৈঞ্ব'' ও ''কায়স্থ'' এই ছুটি শব্দ পতিতপাবন। বাহাদের কোন প্রকারে জাতির নিশ্চয় হইল না, ভাহাদের হীনাবস্থা থাকিলে জাত বৈঞৰ, উন্নতাবস্থা থাকিলে কায়স্থ আখ্যান হয়। এই সকল কারণে কায়স্থ স'খ্যার অতিশয় রূদ্ধি দেগা বায়। গণনা দ্বারা স্থির হইয়।ছে, এদেশে কায়স্থের সংখ্যা প্রায় দ্বাদশ লক্ষ্ক, ব্রাক্ষণের সংখ্যা কায়স্থ সংখ্যা অপেকা ৬০৩৭৩ ন্যুন হইয়াছে।

বেহার প্রদেশে গোয়ালার সংখ্যাধিক্য। এদেশে যেমন "জাত হারালে কায়েত " বেহার অঞ্চলে তেমন " জাত হারালে গোয়ালা " সেই দেশে নীচ ত্রাণীর মধ্যে গোয়ালাজাতি আদরণীয়, অত এব নিকৃষ্ট জাতীয় লোকেরাও গোয়ালা বলিয়া পরিচয় দেয়। তদ্দেশে গোয়ালার সংখ্যা ২৩০৭৪০৬ কিন্তু আদিম মূল জাতি ত্রাহ্মণের সংখ্যা ১০১৩৬ ইহার অধিক হইবে মা।

বর্ণসঙ্কর কৈবর্ত্ত দাদ ও চণ্ডালের সংখ্যাও অধিক দেখা যায়। কৈবর্ত্তের সংখ্যা ২০,৬৪,৩৯৪ চণ্ডালের সংখ্যা ১৬২০৫৪৫ বর্ণসঙ্কর নিকৃষ্ট জাতীয় লোক ঐ সকল জাতির অন্তর্নিবিষ্ট হওয়াতে সংখ্যার বাহুল্য হইয়াছে। এই সকল কারণ বশতঃ নিকৃষ্ট বর্ণসঙ্কর নিষাদজাতি প্রভৃতির বিরল প্রার দেখা যায়।

"এখানে বৈদ্যেরা অন্বষ্ঠ বলিয়া পরিচয় দেন। তাঁহারা প্রকৃত অন্বষ্ঠ কি না, তাহার সন্দেহভপ্তক বিশিষ্ট প্রমাণ কিছু নাই "ইত্যাদি উক্তি সকল নিতান্ত হাস্য জনক। গগনমগুলে দিল্লাওল প্রকাশক সহস্রকিরণ উদিত হন। তিনি প্রকৃত সূর্য্য কি না, এই সন্দেহ করিয়া যিনি বিশিষ্ট প্রমাণের অনুসন্ধান করিতে পারেন, তিনিই বৈদ্যেরা প্রকৃত অন্বষ্ঠ কি না, এই সন্দেহ করিয়া বিশ্বিট প্রমাণের অনুসন্ধিৎস্থ হইতে পারেন।

মতু লিখিয়াছেন, "অম্বষ্ঠানাং চিকিৎসিতম্" উশনা লিখিয়াছেন। "চিকিৎসাশস্ত্রজীবকঃ" অম্বষ্ঠদিগের চিকিৎসা রৃত্তি। চিকিৎসক জাতিকেই বৈদ্য জাতি কহে। অতএব অমর সিংহ লিখিয়াছেন 'ভিষগ্বৈদ্যো চিকিৎসকে" বৈদ্য গাতিই অম্বর্ঠজাতি, এতদ্বিষয়ক নানাশাস্ত্রীয় প্রমাণ সকল রাধাকান্তদেব শব্দকল্পক্রম অভিধানে উদ্বৃত করিয়াছেন। যথা—

"জননীতে। জন্মল ক্বা যজ্জাতা বেদসংস্থৃতৈঃ। অম্বষ্ঠান্তেন তে সর্কো দ্বিজা বৈদ্যাঃ প্রকীর্তিতাঃ॥ অথ রুক্প্রতিকারিত্বাদ্ভিযজন্তে প্রকীর্তিতাঃ। সত্যে বৈদ্যাঃ পিত্তুল্যাস্তেতায়াঞ্চ তথা স্তাঃ॥ দ্বাপরে ক্রত্বং প্রোক্তাঃ কলো বৈশ্যোপমাঃ সৃতাঃ।»

জননী হইতে জন্ম লাভ করিয়া তাহাদের বেদ সংস্কার হইরাছিল, অতএব তাহারা অন্বষ্ঠ, দ্বিজ, এবং বৈদ্য নামে খ্যাত। তাহারা রোগের প্রতিকার করিত,অতএব তাহাদের নাম ভিষক। সত্যকালে এবং ত্রেতাকালে বৈদ্যেরা রোক্ষণের তুল্য ছিল, দ্বাপরকালে ক্ষত্রিয়ের তুল্য ছিল, কলিতে তাহারা বৈশ্যের তুল্য।

"বৈশ্যায়াং ত্রাহ্মণাক্ষাতা হ্যস্কামুনিসভ্স।
ব্রাহ্মণানাং চিকিংসার্থং নির্দ্ধিটা মুনিপুঙ্কবৈঃ ॥
প্রাশ্বঃ।

ব্রাহ্মণ হইতে বৈশ্যাতে অম্বষ্ঠের জন্ম, ব্রাহ্মণদিগের চিকিৎসার নিমিত্ত মুনিরা ইহাদিগকে নির্দ্দিক করিয়াছেন

''বেদাজ্জাতে। হি বৈদ্যঃ স্যাদস্বটো ব্রহ্মপুত্রকঃ।"

অন্বষ্ঠেরা ব্রাহ্মণের পুত্র, ইঁহাদের বেদ সংস্কারে জন্ম অত্তএব বৈদ্য কহে।

"ত্রন্ধা মূর্দ্ধাবসিক্তশ্চ বৈদ্যঃ ক্ষত্রবিশাবপি। অমী পঞ্চ দিজা এষাং যথাপূর্ক্ঞ গৌরবম্॥' হারীতঃ।

ব্রাহ্মণ, মুর্দ্ধাবদিক্ত, বৈদ্য, ক্ষল্রিয়, বৈশ্য, এই প্র

দ্বিজশব্দবাচ্য। ইহাদের যথাপূর্ববি গৌরব জানিবে। ''তম্মাৎ ক্ষত্রবিশোস্তল্যো বৈদ্যঃ শূদ্ধন্য পূজিভঃ। কুলপঞ্চিকা।

ক্ষজ্রিয় বৈশ্যের তুল্য বৈদ্যেরাও শূদ্রদিগের পূজিতঃ।

"অস্বটেষ্যৃত চির্যিঃ খ্যাতো ২ জু দ্ভুবন ত্রয়ে।

কিন্ধবিদ্যাহ্বয়াং কন্যাং স বৈদ্যম্য জু মান সীম্॥
উপথেমে মহৌজাশ্চ চিকিৎসকতয়া শ্রুতঃ।
অথ তদ্য বরে বৈব খ্যাতা বৈদ্যা মহৌজদঃ॥
কোনোদাদশ্চ গুপুশ্চ দত্তো দেবঃ করো ধরঃ।
রাজসোমশ্চ নন্দিশ্চ কুণ্ডশ্চন্দ্রুশ্চ রিক্ষিতঃ॥
সন্তানা বহব শৈচ্যাং বভূবুশ্চ চিকিৎসকাঃ।
কুলামুকপত শৈচ্যাং জাতাঃ পদ্ধত যোহপায়ুঃ॥
তেযাং প্রশংসা নিন্দা চ বভূব স্বেন কর্মাণা॥"
কুলপঞ্চিকোদ্ধু তব্যাসবচনম্।

অন্বষ্ঠদিগের মধ্যে আয়ুতাচার্য্য নামক একজন ত্রিভূবনবিখ্যাত ছিলেন। তিনি চিকিংদক বলিয়া বিশ্রুত ছিলেন।
দেই মহৌজা পুরুষ স্বর্গবৈদ্য অশ্বিনীকুমারের দিদ্ধবিদ্যানাল্লী মানদা কন্যা বিবাহ করিয়াহেন। তাঁহার বর প্রভাবে
দেন, দাদ, গুপু, দত্ত, দেব, কর, ধর, রাজ, দোম, নন্দি,
কুণ্ড, চন্দ্র, রক্ষিত, এই দকল সন্তানেরা স্তচিকিৎদক হইয়া
বৈদ্য নামে খ্যাত হইয়াছিল। ইহাদের কুলাকুরূপ পদ্ধতি
এবং স্বীয় স্বীয় কর্মান্বারা প্রশংদা ও নিন্দা হইয়াছে। এই
দকল প্রমাণ দারা বৈদ্যুজাতির বিশেষ পরিচয় প্রাপ্ত

হওয়া যাইতেছে * এবং বৈদ্যেরা অন্বর্চ কি না, সন্দেহ ভঞ্জন হইতেছে।

"পশ্চিমদেশে শাকলদীপী ব্রাহ্মণদিগকে বৈদ্য কহে" তাহাদিগের উৎপত্তি বিবরণ এবং চিকিৎসা র্ত্তির কারণ এই গ্রন্থের অন্যতম খণ্ডে কথিত হইবে। এই স্থলে এই মাত্র বক্তব্য যে, তাহারা বৈদ্য জাতীয় নহে। পশ্চিমদেশে কতকগুলি অন্বষ্ঠ কায়েত আছে, তাহারা শাস্ত্রাত্মাদিত অন্বষ্ঠ শব্দবাচ্য কি না, তাহাও কায়স্থ প্রকরণে কথিত হইবে।

''বিস্তার্ণ ভারতবর্ষের মধ্যে এই ফুদ্র বঙ্গদেশ ভিন্ন অন্বষ্ঠ নামে পরিচিত বৈদ্যজাতি আর কোথাও নাই' এ কথা অদূরদশীরা বলিতে পারেন । কিন্তু বঙ্গদেশ ভিন্ন অনেক দেশেই বৈদ্যজাতি আছেন। যথা --

"দভানামাদ্যগোত্রাণাই দেশভেদেইস্তি সন্ততিঃ।"

আদ্যগোত্র দত্তদিগের দেশ ভেদে সন্ততি আছে।

"এবমাত্রের গোত্রোইপি দন্তো দেশস্তিরে জ্রুতঃ।"

আত্রের গোত্র দন্তও দেশস্তিরে জ্রুত আছে।

"দেশ ভেদে হি বিদ্যন্তে তৎকরঃ সপ্তগোত্রকঃ।"

দেশ ভেদে করেরও সপ্ত গোত্র আছে।

'জারন্তে চ জামদগ্রগোত্রা দেশস্তিরে ধরাঃ।"

দেশস্তিরে জামদগ্রগোত্রা দেশস্তিরে ধরাঃ।"

গোলাস্তরে জামদগ্রগা গোত্র ধর আছে, ইহা জ্রুত হওয়া

^{*} বিস্তারিত বৈদ্যোৎপত্তি প্রকরণে কথিত ছইবে।

"কাঞ্জীশাদু য়ি দেনদ্য গোত্রাণ্যফৌ ভবস্তি চ।"
কাঞ্জীশ দেশ হইতে বুয়ি দেনের অফ গোত্র হইয়াছে।
"নন্দ্যাদীনাং বরেন্দ্রেষ্ চতুর্ণাং প্রবরাশ্চ যে।'
বরেন্দ্র ভূমিতে নন্দি প্রভৃতির চারি প্রবর আছে।
"অফ্টো সেনাদয়ো রাচে বঙ্গেম্বিণ বসন্ত্যমী।
নন্দ্যাদয়ো মহারাষ্ট্রেলুপ্রপদ্ধ ভয়োহিশি চ॥
কেচিছ ভাত্যা পরিখ্যাতা দুষ্টা দেশাশুরেম্বিশি॥''

দেন আদি অফ রাঢ়ে এবং বঙ্গে আছে, নন্দি প্রভৃতিরা মহারাষ্ট্রে আছে, এবং কেহ কেহ লুপ্তপদ্ধতি হইয়া দেশান্তরে বাদ করেন। তাঁহারা কেবল বৈদ্যজাতি বলিয়া পরিখ্যাত।

"রাজা বিমলসেনোইভূং সেনভূমিক্কভাশ্রয়ঃ। স সেনভূমো বিখ্যাতো নাপারং তস্য চ স্থলম্॥" রাজা বিমলসেন সেনভূমিকে আশ্রয় করিয়াছিলেন। বিমল বংশীয় সেনদিগের সেই স্থান, অন্য স্থান নহে।

''পাত্রো দামোদরঃ সেনঃ পাত্রঃ শিখরভূপতেঃ। অসৌ শিখরভূজাতো নাপরং তস্য চ স্থলম্॥'

শিখর নামক ভূপতির দামোদর নামক পাত্র ছিল।
সেই পাত্র দামোদর, দেন বংশীয়দিগের শিখর ভূমিই
খান। কুলপঞ্জিকা প্রভৃতি গ্রন্থে বৈদ্যদিগের নানাস্থলে
ভায়িত্রের কথার উল্লেখ আছে। এ স্থলে বাহুল্য ভয়ে
উল্লেখ করা গেল না, অষষ্ঠ প্রকরণে বিস্তারিত রূপে কথিত
ইইবে।

পূর্বের বলা হইয়াছে, যথন যে দেশে মঙ্জাতীয় লোকের

রাজস্ব হয়, তথন সে দেশে তঙ্জাতীয় লোকের বাহুলা থাকে, গোরবের বৃদ্ধি হয়, এবং প্রভুত্ব থাকে। দেশে বৈদ্যজাতীয় বল্লালাদি দেন রাজাদিগের রাজত হওয়াতে বৈদ্যজাতির বিশেষ গৌরব ছিল, প্রভুত্ব ছিল, স্থতরাং বৈদ্যের বাহুল্য ছিল। অন্য অন্য দেশে বৈদ্য-জাতীয় কেহ রাজা হন নাই, স্মৃতরাং তত্তদেশে বৈদ্য-জাতির বিশেষ প্রভুত্ব ছিল না, বিধায় বৈদ্যজাতি বিখ্যাতা হইতে পারে নাই। যেমন কায়স্থলাতির শুদ্রবৎ ব্যবহার প্রযুক্ত কায়স্থ শূদ্র একজাতি বলিয়া অনেকের সংস্কার আছে, মুর্দ্ধাবদিক্ত জাতির ক্ষত্রিয়বৎ ব্যবহার প্রযুক্ত তাহারা ক্ষত্রিয়জাতিতে পরিণত হইয়াছে, তেমন ক্ষত্রিয় বৈশ্য প্রধান পশ্চিমদেশে বৈদ্যজাতির বৈশ্যবৎ ব্যবহার প্রযুক্ত অনেকে বৈদ্যজাতিকে বৈশ্যজাতি মধ্যেই গণনা করিয়াছে। কিন্তু তত্তদেশে বৈদ্যজাতির অভাব ছিল, এ কথা বলা যাইতে পারে না। কথিত আছে উজ্জন্মনীর অধিপতি বিক্র-মাদিতোর সভাগ ধন্মরেরি নামক একজন বৈদ্য ভিলেন। যথা---

> 'ধ্বন্তরিঃ ক্ষপণকোহ্মরসিংহ-শঙ্কু-বেতালভউ-ঘটকর্পর-কালিদাসাঃ। খ্যাতো বরাহমিহরে; নপতেঃ সভারাং রজানি বৈ বর্ফচিন্ব বিক্রম্য।।

রাজা বিক্রমাদিত্যের সভায় নয়জন রত্ন ছিলেন, যথা ধন্বন্তরি ১ ক্ষপণক ২ অমরসিংহ ৩ শঙ্কা ৪ বেতালভট্ট ৫ ঘটকর্পর ৬ কালিদাস ৭ বরাহমিহির ৮ বরক্তি ৯। পশ্চিম দেশে বৈদ্যজাতির অস্তিত্বের আরও প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। ব্যাখ্যা মধুকোষে বৈদ্যজাতীয় গ্রন্থকারগণের নাম উল্লেখ আছে। যথা—

"ভটার-ক্রেজ্জড়-গদাধর-বাপ্পচক্র-শ্রীচক্রপাণি-বকুলেশ্বর-দেনভবৈরঃ। ঈশান-কার্ত্তিক-স্থকীর-স্থার-বৈদ্যি সৈত্রিয়-মাধবমুখৈলি খিতং বিচিন্তা॥"

ভট্টার, জেজ্জড়, গদাধর, বাপ্পচন্দ্র, চক্রপানি, বকুল, ঈধরদেন, ঈশান, কার্ত্তিক, স্থকীর, স্থবার, গৈত্রের, মাধব প্রভৃতি বৈদ্যেরা চিন্তা করিয়া গ্রন্থ লিখিয়াছেন। উপরে যে দকল গ্রন্থকর্ত্তাদিগের নাম উল্লেখ করা গেল, তন্মধ্যে ভট্টার জেজ্জড় বাপ্সচন্দ্র স্থকার মৈত্রেয় পশ্চিমদেশীয় লোক ছিলেন, যে হেতু ভট্টার জেজ্জড় প্রভৃতি নাম এতদ্দেশীয় লোকের মধ্যে প্রচলিত নাই।

